DAYBREAK IN BRITAIN.

इ॰वञ्च । मत्न

ধর্মাকণোদয়।



CALCUTTA:

PRESENCE BY J. THOMAS, ATTHE BAPTIST MISSION PRESS, FOR THE CALOUTTA CHRISTIAN TRACT AND BOOK SOCIETY.
1857.

३॰ न अर राम प्रयोक रना र य ।

প্রথম অগ্যার।

যে ইতিহাস নাচে লিখিত আছে, তাহা ব্যাখ্যা করিবার পূর্বে ইংরাজদিগের প্রাচীন অবস্থার বিষয় কিঞ্চিৎ লেখা আবশ্যক, তাহা করিলে পাঠক মহাশয়েরা উক্ত ইতিহাস ভাল ৰূপে বুঝিতে পারিবেন, কেননা সে এ কালের কথা নয়, এথন প্রায় ১৭০০ বংসর হইল, ঐ সকল ঘটিয়াছিল। ইংরাজেরা প্রথম অবস্থাতে মৃগয়া গোরকাদি কর্ম করিত, আর কেবল স্বয়ণ উৎপার শাক ও মূল ও ফল, এবং মৃগয়াতে ধৃত বা আহত পশুর মাণ্ম আহার করিত। শীতকালে তাহারা ভূমি থনন পূর্বক গভীর গর্ত্ত করিয়া তাহার উপরি .ভাগে আবরণ দিয়া কৌশলদারা ঐ স্থান উষ্ণ করিয়া বাস করত রক্ষিত হইত। আর গ্রায়াঁ-কালে গৃহের নিমিত্তে এক ২ খুটি পুতিয়া বৃক্ষের

শার্থা ও পর্ত্রদারা আচ্ছাদন করিত। ঐ সকল পর্ণশালা চারিদিগে নমান ছিল না, কেবল গোল ছিল; আর তাহার চাল ক্রমে উচ্চ ও সরু করি-য়া তাহার অগুভাগে এক ছিদু রাথিত, সেই ছিদু দিয়া আঁলো প্রবেশ ও ধুম নির্গত হইত। তথন-কার ই°রাজেরা নিবিড় বনমধ্যে বাস করিয়া আপন্থ গাত্রের চর্ম রঙ্গদারা নীলবর্ণ করিত, ও অনাবৃত অন্তেতে নানা প্রকার পশুর প্রতিমূর্ত্তি অঙ্কিত করিত, এবং ঐ সকল প্রতিমর্ত্তিকে এ ৰূপ অলঙ্কার বোধ করিত, যে অন্যথ লোককে তাহা দর্শাইবার নিমিত্ত বস্ত্রাদি পরিধান করিত না। তাহারা অতি সুধার সূচার অগুদারা গা-ত্রের চর্ম দকল বিদ্ধ করিয়া ঐ ৰূপ উল্কি অক্কিত করিত, এবং মতি বালক কালেই ইহা আরম্ভ করাতে বয়নে যত বৃদ্ধি পাইত, এই ক্রিয়াতেও তত অধিক নিপুণ হইত।

সেই সময়ে ই রাজ লোকেরা দেবপূজক ছিল, এবং আপন দেবতাদের উদ্দেশে অতি নিধুর ক্পে নরবলি,উৎসর্গ করিত। অর্থাৎ অতি দীর্ঘ-কায় মনুষ্যের আকৃতি বিশিষ্ট একটা বৃহৎ পিঁজুর্। বানাইয়া তাহাতে অনেক মানুষ পুরিয়া সকলেতে একেবারে আগুন লাগিয়া দিত। ঐ দেবের পুরোহিতগণের নাম জেইদ্। তাঁহারা লোকদিগের
মধ্যে অতিশয় সম্মানিত ছিলেন, এবং সকলে
তাঁহাদিগকে বড় ভয় করিত। জেইদ্ মহাশয়ের
শাপ পাছে আমাদের প্রতি বর্ত্তে, এই শস্কায় ঐ হতভাগা ইংরাজেরা উক্ত পুরোহিতদের
বশে থাকিয়া, উহাঁরা মাহা হুকুম করিতেন, তাহাই করিত।

পরে ই॰লগুদেশ যথন খুীষ্টীয় ধর্মের কিরণ-দারা আলোকময় হইল, তথন উক্ত **সকল অসভ্য** ব্যাপারের পরিবর্ত্তে ক্রমে২ পাণ্ডিত্য বিদ্যা ও নানা প্রকার জ্ঞানের উৎপত্তি হইতে লাগিল। যে সকল শিশ্পবিদ্যা তাহারা পূর্বে জ্ঞাত ছিল না, তাহা ক্রমে ২ শিথিয়া বাণিজ্যেতে অতি নিপুণ ছইয়া উঠিল, এব॰ যে২ স্থানে পূর্বে নিবিড় অরণ্য ও রোগোৎপাদক জলাশয় ছিল, সেই২ স্থা**নে** অতি রমণীয় পথ হইল, এবং উক্ত কুঁড়িয়া ঘরের পরিবর্ত্তে সকল স্থান সুন্দর অউালিকাদ্বারা শো-ভিত হইতে লাগিল। বিশেষতঃ লোকেরা খ্রীষ্ট্রীয় ধর্ম গুহুণ করত আপনাদের দেবালীয় সকল ডা-স্থা ফৈলিল, ও আদরণীয় জেইদ্গণকে তাড়িয়া

দিল, এব॰ নরবলি তার করিল না। কিন্তু এই সকল কার্যা এক দিনের মধ্যে সাধন হইল না, দশ বৎসরেও না, এক শত বৎসরেও না, অনেক বৎ-সর লাগিয়াছিল, এব॰ ক্রমে ২ হইল।

ঐ ইটলগুদেশে যাহারা প্রথমে আপন জেইদীয়
ধর্ম ছাড়িয়া খুীষ্টীয় ধর্ম গৃহণ-করিয়াছিল, তাহাদের মধ্যে ইমোজিন নামা এক মুবতী কন্যার
বৃত্তান্ত নীচে লেখা যাইতেছে।

প্রায় সপ্তদশ শত বৎসর গত হইয়াছে, ঐ ইনোজিন নামা মেয়েটা ই লপ্তদেশের এক বন মধ্যে
জন্ম গুহণ করিল, আর তাহার পোনের বৎসর
বয়ংক্রম না হইতেই তাহার পিতা মাতা পরলোক
গমন করিল। জননার মৃত্যুর দুই চারি দিন পরে
ঐ যুবতী সজল নয়নে এক পূরাতন বৃক্ষের মূলে
ঠেস দিয়া বসিয়াছিল। দুই তিন খান ভেড়ার
ছাল যুড়িয়া কটিদেশে বাঁধিয়াছিল, এই মাত্র
ভালা বুজা কেশা মুক্ত থাকিয়া প্রায় ভূমি পর্যান্ত
পাড়ল, কিন্ত হাতের ভারি স্বর্ণয় বাউটা দেখিলে
সকলে জানিতে পারিল যে সে কোন রাজার

মেয়ে; আর সে যে চর্ম নির্মিত ঢালের উপর মাথা হেলান দিয়াছিল, সে অবশ্য কোন বল-বান বীরের যুদ্ধের ঢাল, এমন অনুমান হইল।

বনের মধ্যে কএকটা বৃক্ষ কাটা গিয়াছিল, আর ঐ শূন্য স্থানটা বড়ং পাথরদারা বেষ্টিত ছিল, তাহার মধ্যস্থলে একটা ভয়ানক কঞ্চি নির্মিত পিঁজ্রা দৃশ্য হইল; ইহার কি অভিপ্রায়, তাহা পশ্চাতে লেখা যাইবে। ঠিক তাছারি নিকটে একটা নূতন কবর ছিল, সে ইমোজিনের মাতার কবর। ইমোজিন তা**হার পার্শে বসি**য়া **ক্রন্দন** করিতেছিল, ও মধ্যে২ কম্পিত কলেবরে উক্ত পিঁজরার প্রতি দৃষ্টিপাত করিল। হায়! ঐ রমণীয়া বালা দেবপূজিকা, অতএব শরীর কবর প্রাপ্ত হইলে আত্মা কি প্রকারে ঈশ্বরের দর্শন ও পারত্রিক সুথ পাইতে পারে, এই সকল বিষয় নিতান্ত অজ্ঞাতা ছিল।

পরলোক কেমন স্থান তাহা না জানাতে তিবিয়ক চিস্তাদারা উহার সাজ্বনা জন্মিতে পানরিল না, স্তরা আমি যুবকালে প্রত্মাতৃহীলা হুইয়া নিরূপায় হুইলাম, এই বলিয়া নে বসিয়া রোদন করিতেছিল।

बगन नगरत एक পर्वित गर्था गर्र भक् खना গেল, এবং এক প্রাচীন মনুষ্য বনছইতে বাহির হুইয়া ইমোজিনের নিক্টে দ্গুায়মান হুইলেন। তিনি বুদাবস্থা প্রযুক্ত কিঞ্চিৎ পূজা হইয়াছিলেন, এবং তাঁহার মাথার কেশ দুঞ্চের ন্যায় শুকুবর্ণ, তথাচ তাঁহার স্বাভাবিক শক্তির হ্রাস হয় নাই, এবং তাঁহার চক্ষু উজ্জ্ব ও কিঞ্চিৎ রাগা বোধ হইল। ইমোজিন স্বরায় উঠিয়া আপন নয়নজল মুচিয়া কেলিল, এবং অতি নমু ভাবে ঐ ক্ৰই-দকে অথচ পুরোহিতকে নমকার করিল। ঐ ব্যক্তি দকল লোকহইতে দম্মান প্রাপ্ত হইতেন, আর তাহারা উহাঁকে কোন মহাপুৰুষ বলিয়া কিঞ্চিৎ ভয়ও করিত।

সে দেশে অত্যন্ত শীত হইলেও ঐ ফেইদ কথন
গৃহের মধ্যে রাত্রি যাপন করিতেন না। বনের
পাতা ব্যতিরেকে তাঁহার মস্তকের উপর আর
আচ্ছাদন থাকিও না। এবং গ্রীয়াকালে তিনি
সমস্ত দিন পিপাসিত হইলেও সূর্য্য অন্তর্গত না
হইলে কথন, এক বাটী জল পান করিতেন না।
মথস্য মণিস তাঁহার পক্ষে একেবারে নিষেধিত
বস্তু। তিনি আনাজ মাত্র থাইয়া থাকিতেন, এবং

লোকে বলিত, যে ফেইদ মহাশয় অনেক বার সমস্ত রাত্রি না ঘুমাইয়া কেবল প্রার্থনাতে কাল যাপন করেন। কিন্তু হায়! তিনি কাহার নিকটে প্রার্থনা করিতেন? সত্য দয়াময় পরমেশ্বরের নিকটে, তাহা নয়: কেবল হস্তনির্মিত প্রতিমার নিকটে। এবং তাহার ধর্ম কেবল লোক দেখান ধর্ম ছিল। তিনি যক্ত তপস্যা উপবাসাদি করত মানবদিগের গোচরে সাধু বোধ হইতেন বটে, কিন্তু ইশ্বরের দৃষ্ঠিতে অতিশয় পাপিস্ক ছিলেন, কেননা উক্ত সকল ম্পার কার্যাদ্বারা পাপক্ষমা হইতে পারে না।

ঐ দ্রুইদ ইমোজিনের প্রতি চাহিয়া বলিতে লাগিলেন, এ কি দেখিতেছি? সাদকের কন্যা? তুমি
আর কত কাল রোদন করিবা? তোমার নয়নজলে
কি শুক বৃক্ষ পুনর্বার পুষ্পিত হইবে? তোমার
ডাকে বা মৃতেরা কি কিরিয়া আসিবে? তুমি বরং
উঠিয়া উচ্চৈঃম্বরে উল্লাসধনি কর, কেননা তোমার
খুড়তুতো ভাই বর্ত্তিমর যুদ্ধে জয়যুক্ত হইয়া কিরিয়া আসিতেছেন।

ইমোজিন জিজ্ঞাদিল, বটে মহাশ্যু? তবে বেখে হয় তিনি আপন 'মানত পালন করিয়া নরবলি করিবেন'। পুরোহিত উত্তর করিলেন, অবশ্য। তিনি পূর্বদিগহইতে আমাদের দেবতার নিমিত্তে বলি আনিতেছেন, এমত সমাচার প্রাপ্ত হইলাম।

ইনোজিন পুনর্বার জিজ্ঞাসা করিল, সে কি
যুদ্ধে ধূত কোন মন্যা?

ফ্রন্থন বলিলেন, না, সে মুদ্ধের অক্ত ধারণ করে
নাই, ও বাণিছ্য করিবার কারণ স্বর্ণ রৌপ্য
আনে নাই, কেবল তাহার কোমরে কএকখান
পুত্ত পাওয়া গেল। বোধ হয় সে অপরিচিত
কোন নূতন ধর্মের যাজক। যাহা হউক, তাহার
দেবতা আমাদের দেবতার হস্তহইতে তাহাকে
উদ্ধার করিতে পারিবে না। ফ্রেইন ইহা বলিয়া
বৃক্ষের ডালহইতে আপন বাণা নামাইয়া খূব্
জোর দিয়া বাজাইতে লাগিলেন।

ইমোজিন কাঁপিতে২ পুনর্বার বলিল, মহাশয়, উক্ত ব্যক্তিকে কোন্দিন দেবতার উদ্দেশে অগ্নি-তে দথা করা যাইবে?

তাহাতে ঐ প্রাচীন পুরোহিত উত্তর দিলেন, পূর্ণিমার রাত্রি না হইলে বলিদানের শুভ সময় ইয় না, অতিএব আর চারি বার সূর্য্য উদয় হইয়া অন্তগত হইলে তাহা সাধন করা যাইবে i এমন সময়ে বনমধ্যে অতিশয় শব্দ হইতে লাগিল, ত।হাতে জ্বাহ্ন কহিলেন, শুন, বংসে, ঐশব্দটা কি? বুঝি হরিণের পালের আগমনের শব্দ হইবে।

ইমোজিন কাণ পাতিয়া শুনিল, পরে উত্তর করিল, না, মহাশয়ঃ উহা হরিণের পদের শব্দের মত নয়; বোধ হয়, অনেক অশ্ব এ রথ এ দিগে আসিতেছে।

পুরোহিত কহিলেন, হউক ২, ইমোজিন; তবে তোমার ভ্রাতা কিরিয়া আইলেন। জয়ধনি কর; আমি বিলক্ষণ জানি, যাহার বলিদান হইবে, তাহাকে আমার হস্তে সমর্পণ করিবার জন্যে এই স্থানে আসিতেছেন।

কিঞ্জিৎ পরে ঐ বন অসভা ইণরাজ লোকের জনতাতে পূর্ণ হইল। ঐ যোদ্ধারা দেখিতে বড় ভয়ানক, কেবল কোমরে বনা পশুর ছাল বাঁধা ছিল, আর সব গাত্রে উল্কি মাত্র দৃশ্য হইত, এবং তাহারী হাতে বড়শা ও ধনুঃ ও নানা প্রকার তীক্ষ্ সত্রে শত্র ধারণ করিত। ঐ যোদ্ধাদের মধ্যে প্রধান যোদ্ধা বর্ত্তিমর রাজা আপন রথে চড়িয়া আদিতেছিল। দেই রথের চক্তে কাস্ত্যাকৃতি অনেক তীক্ষু খড়গ লাগান ছিল; তাহাতে যে দিগে রথ ছাঁকান যাইত সেই দিগে দুই পার্মের লোকেরা একেবারে ক্ষত বিক্ষত হইয়া পড়িয়া মরিত। বর্ত্তিমর অতিশয় সাহসি বীর, কোন শতুর শঙ্কায় কথন পলায়ন করেন নাই; তথাচ ফ্রেইদকে দেখিবামাত্র রথহইতে নামিয়া নমস্কার করিলেন। পাছে তিনি রাগ করত আমাদিগকে শাপ দেন, লোকেরা এ বিষয়ে এমত ভীত ছিল, যে তা-হাদের রাজা পর্য্যন্ত ঐ ফ্রইদকে এই রূপে সন্মান ক্রিতেন। ইমোজিনও আপন খুড়তুতো ভাইকে উচিত ৰূপে নমস্কার করিল, কিন্তু তিনি বড় নিষ্ঠুর পুৰুষ, তজ্জন্য ইমোজিন তাঁহাকে বড় একটা প্ৰেম করিত না, আর সেই সময়ে আপন পিতার মৃত্যু স্মরণ হইল। কেননা তাহার পিতা পুএহীন হইয়া প্রাণ ত্যাগ করাতে তাঁহার কনিষ্ঠ ভ্রাতার সন্তান ঐ বর্ত্তিমর রাজকীয় কর্মে নিযুক্ত হইয়াছিলেন।

हेरमाजित्नत निष्य जलुःकत्ते हिल, जल्ब रन मत्न २ कहिए जाणिल, हेराता एका नकत्त क्षेत्रश्वनि कृतिएकह, किल राय! जे पूर्णां मानूय, याराक विनान केता यारेत्व, कारात मत्न ना जानि क्ष पूथ्य रुहेरक्ष्य। किंक त्मरे ममस्य अक जन स्याका উক্ত হতভাগাকে গাড়িহইতে কেলিয়া দিলে, আর এক জন তাহার হাত পা বান্ধিয়া ফেইদ্ মহাশয়ের নিকটে তাহাকে সমর্পণ করিল।

(सरे वाकि फरेएन नाम प्राचिन, जाँशान खक् क्म हिन, उ म पूर्वन । अयुक्त आ में एं। हेर्ड পারিল না, কিন্তু তাহার মৃদু মুখে রাগের একটা চিহ্নমাত্রও দৃশ্য হইল না, সে কেবল স্বর্গের দিগে চক্ষুঃ তুলিয়া নীরব হইয়া রহিল। ইমো-জিন মনে নিশ্চয় জানিল যে আমি দেবপূজিকা, অতএব আমার দেবতা নরবলি পাইয়া প্রসন্ন হয়, ইহাতে আমার উল্লাস করা কর্ত্তব্য, দুঃখিত হওয়া উচিত নয়। তথাচ ঐ বিদেশির দীন হীন অবস্থা দেখিয়া অঞ সম্বরণ করিতে পারিল না, কেননা তাহার অতিশয় দয়ালু প্রাণ ছিল। যে কঞ্চির পি-ঞ্জর মধ্যে তাহাকে পুড়িয়া মরিতে হইবে, সেই পিঞ্জরের সমুখে তেইদ্ মহাশয় উক্ত বন্দিকে স্ব-श्रुष्ठ वाक्षिया त्राथिया श्रीतन । आत हैरमाकिन জানিলেন, যে যাবৎ তাহার হত্যা না করা যায়, তাবৎ কাল তাহাকে ঐ স্থানে পড়িয়া থাকিতে श्हेरव। फ्राइन् शिर्ल शत नकन याकाती मिनिया উৎসব ও গান ও নানা প্রকার অসভ্য নৃত্যাদি

করিতে লাগিল, এবং এক জন অতি নিধুর রূপে কৌতুক ভাবে ঐ বেচারা বন্দির নিকটে গিয়া তা-হার মুখে এমত আঘাত করিল, যে তাহাহইতে হুছু করিয়া রক্ত পড়িতে লাগিল, তথাচ সে ধীরে ধীরে রক্ত পুচিল, একটা কথামাত্র বলিল না। শেষে উক্ত উমত্ত উৎসবদ্বারা সকলে ক্লান্ত হুইয়া যরে গেল, বন্দী একলা বনে রহিল।

ছিতীয় অপ্যায়।

সেই রাত্রিতে ইমোজিন আপান ছোট কুঁড়িয়া যরে থাকিয়া ঘুনাইবার আশাতে শয্যাতে পড়িল বটে, কিন্তু চক্ষে নিদ্যু আইল না। তথনকার ইংরাজেরা এমত অসভ্য যে যদ্যপি সে ভদু লোকের কন্যা, তথাপি তাহার একখান কঞ্চিনির্মিত চারপায়া মাত্র ছিল, এবং বিছানার পরিবর্ত্তে উচ্চ পত্র ও কোমল যাস পাতিয়া শয়ন করিত। এই কারণ যে তাহার নিদ্যু হইল না, পাঠকবর্গেরা এমত জনুমান করিবেন না, কেননা এই ৰূপ বিছানাতে উইতে তাহার অভ্যাস ছিল। সেই রাত্রিতে আপন মাকেও বড় একটা স্মরণ করিল না, কেবল

ইমোজিনের মনে উক্ত ৰূপ চিন্তা উৎপন্ন হওরাতে সে ধীরে ২ শযা । ইতে উঠিল, এবং কেই
যেন টের না পার, এমত সাবধানে ঐ অক্সকার কুটার
মধ্যে দুঞ্জের ভাঁড় অন্বেশ করিতে লাগিল, শেষে
তাহা হাত্ড়াইয়া বাহির করিলে এক হাতে দুঞ্জ,
অন্য হাতে এক প্রকার বন্য ফল ধারণ করিয়া
গৃহের দ্বার দিয়া বহির্গত হইল। সে আবার দ্বার্ভু
নহে, কেবল গোল ছিদু মাত্র। যাহা ইউক, অক্সন
কারে একলা বাহির হইলে পর ইমোজিন ত্রাস-

যুক্তা হুইয়া ভাবিতে লাগিল,হায়! আমি কি করি-লাম ? কি প্রকারে বন দিয়া গমন করিব ? হইতে পারে, আমাকে বাবে থাবে, নতুবা ভূতে ধরিবে। এই ভাবিয়া সে গৃহে ফিরিয়া যাইতেছিল, এমত मभरशे शूनदीत वे मोनशीन विनरक स्पतन कत्रक বিবেচনা করিল, আমি মদি ভয়েতে তাঁহার নিকটে না যাই,তবে সে একেবারে মরিল। অতএব এই কথাদারা ইমোজিন আপন প্রাণকে শক্ত করিয়া অণুসর হইল। যাইতে২ অনেক বাধা পাইল, কেননা বন অতি নিবিড়, এব° আকাশ কালো মেঘেতে আচ্ছন্ন হওয়াতে জ্যোৎসা প্রায় ছিল না, তথাচ ঐ সাহসী যুবতী আর ফিরিল না। সে নিশ্চয় জানিল যে আমি এক দীনহীন বৃদ্ধ মনুষ্যের হিতার্থে যাইতেছি, এবং এই স**ঙ্ক**-ম্পে তাহার মন সবল হইল। প্রায় এক ক্রোশ পথ গমন করিলে পার যে যৎকিঞ্চিৎ জ্যোৎসা ছিল, তদ্বারা ইমোজিন টের পাইল যে পূর্বোক্ত ভন্নানক পিঁজরা সম্মুথে আছে, অতএব সে জা-न्न, य याशात अत्यव कतिए आनियाहि, . দেও ইছার নিকটে কোন স্থানে থাকিবে। তা-হাকে পাইবার অভিপ্রায়ে এ দিগে ও দিগে ভুমণ

করিতে লাগিল, এমন সময় শুনিল, যেন ঝো-পের মধ্যে মিষ্ট স্বরে কেছ গান করিতেছে। তাহাতে সে কর্ণ পাতিয়া শুবণ করাতে এই গীতের কথা তাহার কর্ণগোচর হইল; যথা,

কর ওরে মন যীপ্তর সাধনা.
তিনি তব পালক কিসের ভাবনা॥
সদা তিনি মম সহায়, কি নিমিন্তে হবে ভয়,
নিদান কালে মোরে দিবেন সাজ্বনা॥
শত্রু বথা বাধা দেয়, আমি নিত্য থাদা পাই,
আশীর্দানে মোরে করেন সুমনা॥
ভোমার প্রেমে মম দিন, সদা হবে দুঃথ হীন,
তব সেবা যেন কভু ছাড়ি না॥

ইছা শুনিবামাত্র ইমোজিন মনে ভাবিল, এই অবশ্য ঐ বিদেশির রব; কিন্তু সে কাহার সহিত কথা কহিতেছে, তাহা বুঝিতে পারিলাম না; চন্দু তারা বিনা আমি তো আর কিছুই দেখিতে পাই না।

কিঞ্চিৎ পরে বন্দী পুনর্বার বলিতে লাগিল, হে প্রভো পরমেশ্বর, তুমি আমার ত্রাণকর্ত্তা, অতএব আমি বিচলিত হইব না।

ইহাতে ইমোজিন মনে২ বলিল, এখন আদি নিশ্চয় জানি যে ঐ বন্দী ছাড়া আর কোন অদৃশ্য

প্রাণী এই স্থানে বর্ত্তমান আছে, নতুবা কাহার সহিত উনি এই প্রকার কথা বলিতেছেন? আমি ভাহাকে দেখিতে পাইনা বটে, কিন্তু বোধ হয় বিদেশী তাহাকে দেখিতে পায়। হয় তো তিনি স্বর্গারী কোন জীবাত্মা, ঐ দানহানের রক্ষার্থে আনিয়াছেন। এই চিন্তা মনে উৎপন্ন হওয়াতে ইমোজিন থর ২ করিয়া কাঁপিতে লাগিল, কে-ননা 'হিতৈথী আত্মা হউক, কিম্বা ভূত প্ৰেতা-দি দুষ্ট ছায়া হউক, যে প্রাণী এ পৃথিবীর নয়, তাহা মনে করিলেই লোকদিগের আশঙ্কা জিমিয়া থাকে। অতএব মানুষের মুখ দেখিলেই বাঁচি, এমত অনুমান করত ইমোজিন আপন প্রাণকে শক্ত করিয়া যেখানে শব্দ হইতেছিল, এমৎ নিবিড় ঝোপের মধ্যে এক লম্ফ দিয়া একেবারে ঐ দীনহীন বন্দির নিকটে উপস্থিত **इ**रेन। त्म व्यक्ति यक्षकात निर्कान स्रात्न সুন্দরী যুবতীকে দেখিয়া চম্কিয়া উঠিল। তা-হাতে ইমোজিন মৃদু রবে কহিল, ভয় নাই; বলু দেখি, তুমি কি তারাগণের সহিত কথোপ-, कथन कतिस्छिहिता?

বৃদ্ধ বন্দী উত্তর করিল, না মা, যিনি তারা

সূর্য্য চন্দের সৃষ্ঠিকর্ত্তা তাঁহার সহিত কথা হইতেছিল। আমি তাঁহাকে আপন দুঃখ জানাইয়া
থাকি। তিনিই এই পৃথিবী বানাইয়া নদ নদী
বৃক্ষ পুষ্পাদিতে এই রূপ শোভিত করিয়াছেন। আর তিনিই সকলকে জীবন শ্রাদান
করেন, ও সকলের প্রতিপালক হন।

ইমোজিন জিজ্ঞাসিল, তিনি কি তোমার কথা শুনিয়া থাকেন?

বন্দী কহিল, হাঁ মা, তিনি সর্বদাই সকলের প্রার্থনা শুনেন।

তাহাতে ইমোজিন ভীত হইয়া চতুর্দিগে দৃষ্ঠি করত জিজ্ঞাসিলেন, তিনি কোথায়? আমি তো তাঁহাকে দেখিতে পাই না।

বন্দী কহিল, বায়ু তোমার চতুম্পার্থে বহি-তেছে, ও তদ্বারা তুমি নিশ্বাস ত্যাগ করত প্রাণ ধারণ করিতেছ, তথাপি তুমি সে বায়ু দেখিতে পাও না। পরমেশ্বর তজ্ঞপ।

ইমোজিন আপন অঙ্গুলীদারা সমুপস্থিত কঞ্চির প্রতিমার দিগে ইঙ্গিত করিয়া পুনর্বার জিজ্ঞাসিল, তোমার ঈশ্বর কি আমাদের বি দেবতা অপেকা পরাক্রমী হইতে পারেন? বৃদ্ধ বলিলেন, এক ঈশ্বর বিনা আর ঈশ্বর নাই, প্রতিমা নকল কেবল মনুষ্যদের হস্তকৃত। মুখ থাকিলেও তাহারা কথা কহিতে পারে না, ও চক্ষুঃ থাকিলেও দেখিতে পায় না, এবং কন থাকিলেও শুনিতে পায় না, তাহাদের তো কিছুই করিবার শক্তি নাই।

ইমোজিন ইহা শুনিয়া কম্পিত কলেবরে উত্তর করিল, না গো, এমন কথা কহিও না, পাছে দেবতা রাগ করত এই ক্ষণে আমাদিগকে গ্রাস করেন।

বিদেশী ইযৎ হাসিয়া কহিল, ভয় কি, বংসে?
আমাদের কোন ক্ষতি করিতে তোমার দেবতার ক্ষমতা নাই। সে তো কেবল ব্কের কাষ্ঠেতে নির্মিত, কুড়ালি দিয়া কাটিলে থপ্তং
হইয়া পড়িবে, আগুনে দিলে জ্বলিয়া উঠিবে,
জলে কেলিলে পচিয়া যাবে। দেখ, আকাশের
পক্ষা সকল তাহার মাথায় ও যাড়ে বসিয়া
বিশ্বাম করিতেছে, তাহাদিগকেও তাড়িয়া দিবার শক্তি নাই। তবে তোমাকে আমাকে কি
ক্রিতে পারে?

তথন ইমোজিন কিঞ্চিৎ ভাবিয়া বাগুত

পূর্বক জিজ্ঞাসিল, তোমার ঈশ্বর কেমন? তিনি কি তোমাকে রক্ষা করিতে পারেন?

বৃদ্ধ বলিল, হাঁ, তাহা পারেন। স্বর্গে ও পৃথিবীতে যেখানে যাহা ঘটে, তাহা সকল তিনি স্থির করেন।

ইমোজিন আরো কহিল, তোমার এখন কেমন বোধ হয়? ঐ ঈশ্বর কি তোমাকে শতুহস্ত-হইতে উদ্ধার করিবেন?

বৃদ্ধ উত্তর করিল, তাহা করেন কি না, বলিতে পারি না। যা তাঁহার ইচ্ছা হয়, তা আমার পক্ষে ভাল। যদি তিনি এই পৃথিবীতে আমাক আর কিছু দিন বাঁচাইয়া রাখেন, তবে আমি তাঁহারই সেবাতে রত থাকিব। যদি না রাখেন, তবু আমার ভাবনা নাই। ইশ্বর নিমিত আমার এক অনন্তকালস্থায়ি গৃহ স্বর্গেতে আছে, ইহা আমি জানি। লোকেরা কেবল শরীর নপ্ত করিতে পারে, আআকে তো নপ্ত করিতে পারে না।

তথন ইমোজিনের অন্ধকারময় মনে আলোর উদয় হইতে লাগিল। তাহাতে সে অতি ব্যস্ত হইয়া জিজ্ঞানিল, ওগো মহাশয়, আত্মা কা-হাকে বলে? বিদেশী তাহার মন্তকোপরি হাত দিয়া কহিলেন, হে বৎসে, যদ্বারা আমরা বিবেচনা করি,
ও স্মরণ করি, ও ভরসা করি, ও প্রেম করি,
ও ভয় করি, তাহাই আত্মা। দেখ, চক্ষুঃ নপ্ত
হইলেও মনুষ্য সকল বস্তুর আকৃতি স্মরণ করিতে পারে, কিম্বা প্রিয়তম বন্ধু দূরে থাকিলেও
তাহাকে প্রেম্ করে। এই সকল কিসে হয়?
শরীর অপেক্ষা অতি শুেষ্ট যে জীব শরীরের
মধ্যে থাকে, অবশ্য তদ্বারাই হয়। তাহাকেই
আত্মা কিম্বা মন বলি। দেখ, শরীর মরিয়া মাটীতে লীন হয়, কিন্তু আত্মা চিরকাল বাঁচিয়া
থাকে।

ইমোজিন বন্দিকে সম্বোধন করিয়া জিজ্ঞা-সিল, কি বলিলেন, মহাশয়? চিরকাল বাঁচে? বাপু হে, এ কেমন ভারি কথা!

বন্দী উত্তর করিল, হাঁ বংসে, চিরকালই বটে।
পাঁচ সহসু যুগ গত হইলেও তোমার আত্মা
বাঁচিয়া থাকিবে। এই বনের সমুদয় বৃক্ষেতে যত
পাতা আছে, তত বংসর গত হইলেও তোমার
-আত্মা মরিবে না। সূর্যা ও চন্দু, ও তারাগন
লুপ্ত হইয়া যাইবে, তবু তোমার আত্মা থাকিবে।

ইহা শুনিরা ইমোজিন বাগুতা পূর্বক জিপ্তাসা করিল, ও মহাশায়, তবে কোন্ স্থানে থাকিবে? তাহা বল।

বিদেশী কহিল, যাহারা এই পৃথিবীতে থাকিয়া ঈশ্বরকে প্রেম ও ভক্তি করিয়াছে, তাহারা সুথের স্থান পাইবে; কিন্তু যাহারা তাঁহাকে অমান্য করিয়াছে, তাহারা অসাম যন্ত্রণাস্থানে যাইবে।

ইহাতে ইমোজিন উচ্চৈঃম্বরে কাঁদিয়া উঠিল, এবং মাতার কবরের উপরে পড়িয়া কহিতে লা-গিল, যদি এমত হয়, তবে হে আমার জননি, তুমি কোন স্থানে আছ? তুমি তো এই ঈশ্বরকে জানিতে না। ও মহাশয়, আমার মা কোথায় আছেন? তাহা বল।

বন্দী কহিল, হে বৎসে, কান্দিও না; তোমার মা দয়ালু ঈশ্বরের হত্তে আছেন। যাহারা
তাঁহার ধর্ম জানিতে পায় নাই, ও তাঁহার
পবিত্র গুণের বিষয় কাহারও মুথে শুনে নাই,
তাহাদিগের বিচার করণ সময়ে তিনি অন্যায় না
করিয়া, যে যৎকিঞ্চিৎ জ্ঞান তাহাদের ছিল, তদনুসারেই তাহাদের ভাবি দশা নিরূপণ করিবেন।
দেখ, তোঁমাদের দেবগণকে রক্তাক্ত বলিদানাদি

দারা সর্চনা করিতে হয়; কিন্তু পিতার নিকটে সন্তান যেমন নির্ভয়ে আপনার মনোবাঞ্ছা জা-নায়, তেমনি পরমেশ্বরের নিকটে আমরা নি-র্ভয়ে প্রার্থনা করি; কেননা আমাদের ঈশ্বরের "প্রেম" এই নাম আছে।

সেই সময়ে চন্দের কিরণ উক্ত বৃদ্ধ বিদেশির উপর পড়িল, তাহাতে ইমোজিন তাহার পকৃ কের্শ ও প্রসন্ধ বদন দেখিয়া অনুমান করিল, যে ইনি অবশ্য ঈশ্বরপ্রেরিত কোন মনুষ্য, আনমাদিগকে ধর্মপথ দেখাইতে আসিয়াছেন। কিন্তু তথন তাহার মন অনেক চিন্তাতে চিন্তিত ছিল, এই জন্যে দে কথা কহিতে পারিল না, কেবল এ দুধ ও কল বৃদ্ধের নিকটে রাখিয়া ধারে২ চলিয়া গেল। আর অদৃশ্য হইলে পরে দে প্রকৃত যুবতী কিন্তা স্থামাত্র, ইহা বৃদ্ধ প্রায় নিশ্চয় করিতে পারিল না।

তৃতীর অধ্যায়।

পর দিন প্রত্যুবে পূর্বোক্ত জ্বন ইনোজি-নের বাটার নিকটে আসিয়া তাহাকে উচ্চৈঃ-মবে ডাকিলেন ৷ তাহাতে ইমোজিন ধড়পড়িয়া উঠিল, কেননা তথন ফ্রেইদের সেবা করিতে ইমোজিনের পালা ছিল, এব° সে তাহাকে অতি-শয় ভয় করিত।

জ্বন যাজক কহিলেন, হে সাদকের কন্যে, এত বিলম্ব কেন? আইস২, তোমার বীণা আনিয়া দেবতার উদ্দেশে প্রাতঃকালের গান গাও। আহা দেখ, তিনি কলা আমাদের কত শুত্রুকে হত করি-লেন, ও কত লোকের রক্ত চুষিয়া থাইলেন।

ইমোজিন পুরোহিতের সাক্ষাতে ভয়ে দপ্তবৎ হইল বটে, কিন্তু সে মনে২ কহিল, আমাদের এই রক্তপায়ি দেবতা অপেক্ষা বন্দির দয়ালু ইশ্বর শত গুণে ভাল। আহা তাঁহার নামই প্রেম, এই কথাটা আমি ভুলিতে পারিলাম না।

পুন ার জুইদ কহিলেন, ভাল, সাদকের কন্যে, কথন আরম্ভ করিবা ? এইক্ষণে গাও।

দারুণ ভাষণ হন মোদের স্থার,
দকলে ভাহার রবে কাঁপে থর থর।
যথায় ভুমেন তিনি রথের উপর,
তথায় ভাহার গতি অতি ভয়ঙ্কর।।
মড়ক মরণ ভাঁর গতির লক্ষণ,
অগ্রিময় বাণ হস্তে করেন ধারণ।

তাহাতে থিঁধেন তিনি নিজ শতুগানে, ভয়াবহ পরমেশ তুই রক্ত পানে॥

ইমোজিন বীণা হাতে করিয়া এই গীত গা-ইতে উদ্যোগ করিল বটে, কিন্তু ঈশ্বর প্রেম-দ্বৰূপ, এই কথাটী বার২ তাহার মনে পড়াতে তজ্ঞপ নিষ্ঠুর দেবতার স্তব গান করিতে পারিল না, অতএব গান ছাড়িয়া কেবল অতি মৃদ্ৰপে বীণা বাজাইতে লাগিল। ফ্রইদ বিবেচনা করি-লেন, এই মেয়েটী মা বাপের নিমিত্তে শোকার্ত্ত হুইয়া আর গান গাইতে চাহে না, উহাকে কোন ৰূপে তাহা করাইতে হইবে। ইহা ভা-বিয়া ইমোজিনকে বিস্তর ভর্ৎসনা করিয়া কহি-লেন, সাদকের কন্যে, তোমার কি একটু বুদ্ধি নাই ? কত ক্ষণ কান্দিরা বেড়াইবে ? যাহা হবার হইয়াছে; এখন বর্ত্তমান কালের সুখে সুখী হওয়া উচিত। সকলের অদৃষ্টে মৃত্যু, তাহা যে কেবল তোমার মা বাণের প্রতি ঘটিয়াছে তাহা তো নয়। ফল পাকিলে ভূমিতে পড়ে; ও সূর্য্য ঘূরিয়া আইলে সন্ধ্যা কালে পশ্চিমদিগে অন্ত-সাত হয়, তাহার কোন সন্দেহ ধাই।

ইমোজিন কহিল, সত্য মহাশয়, কিন্তু ফল

ভূমিতে পচিলে পুনর্বার গাছ হইয়া উঠে, ও দূর্য্য অন্ত হইলে পর দিবদে পুনর্বার উদয় হয়।

ইহা শুনিয়া জইদ রাগ করত কছিলেন, এত কথাতে তোমার কায কি? এই সকল নিগৃঢ় বাক্যের বিষয়ে তুমি কি বুঝ? জ্রাজাতি অজ্ঞান, তুমি জ্রাজাতির মত ব্যবহার কর, পশুপাল চরাও, গৃহ লেপ, অন্ন প্রস্তুত কর। যাহা তো-মার বুদ্ধির অগম্য তাহাতে হাত দিবা কেন? নিমু ভূমির ক্ষুদু জলাশয় কি কখন পর্বতে উঠিতে পারে?

ইমোজিন মনে ২ ভাবিল, যদ্যপি নিম্ ভূমির জলাশয় পর্বতে উঠিতে পারে না, তথাচ ঐ জলাশয়েতে অতি উচ্চ গগণস্থ তারা সকলের প্রতিবিশ্ব দেখা যায়। ঐ দীনছীন বন্দির বাক্য যদি সত্য হয়, তবে আমি নিশ্চয় জানি যে জ্বী-জাতি হইলেও আমার আত্মা আছে। আমি বিবেচনা করিতে পারি। এখন ভরসাহীন হইয়াছি বটে, কিন্তু মা বাপ যথন ছিলেন, তখন ভরসাতে আমার হৃদয় কেমন সুখে থাকিত। অতএব জ্রীজাতি হুইলেও কোন্ধুম মত্য, কোন্ধুম বা মথা, তাহা চিন্তা করিতে ছাড়িব

না। ডাইদ কি করিতে পারেন? বলবান বীরের মেয়ে যে আমি, আমি কি তাঁহাকে ভয় করিব?

তথন মনোহর দিন ক্রমে নিকটবর্ত্তী হইতেছিল, অতএব ইমোজিন উঠিয়া এদিগে ওদিগে ভূমণ করিতে লাগিল। দিবাকর পূর্বদিক্ রক্তিমাবর্ণ করিয়া ক্রমশঃ মধ্যাত্ন রেখায় গমনোদ্যোগী হইতেছিল। সূথময় মলয় বায়ু মৃদু২ শব্দে প্রফুল প্রক্টিত কুসুম দল করিত তৃপ্তিকর সৌগন্ধ বহন করত চতুর্দিক আমোদিত করিতেছিল। ভুমর ভুমরী নবমঞ্জরী গোলাপ পূরিত সুধাপানে উন্মত্ত হইয়া অসীম আনন্দ ভরে গুণ২ স্বরে সঙ্গীত করিতেছিল। নবমঞ্জরীসুশোভিত তব্ধবরোপরি পিকবর কি সুমধুর স্বরে কুহু২ ধনি করিতে-ছিল। ইমোজিন এই সকল সৌন্দর্য্য আরো ভাল করিয়া দেখিবার জন্যে একটা পর্হতের উপরে উঠিলে তাহার সমুখে মহাসাগর বৃহৎ দর্প-ণের মত আলোতে চক্২ করিতেছিল, ও তাহার পায়ের নিকট একটি ছোট জলস্রোত পর্বত-হইতে নির্গত হইয়া সেই মহাসাগরের দিগে বৈগে গমন করিতেছিল। ইমোজিন ইহা দেখিয়া मत्न २ विद्वारना कदिन, भेरे छारे जनस्माउ

আমাদের ইছকালীন জীবদশার সদৃশ, আর ঐ মহাসাগর পরকালের তুল্য, এইটা ক্রমাগত বহিয়া যাইতেছে, এটা নিত্যস্তায়ী। এই ছোট সোুতের উপর দিয়া স্বচ্ছদ্দে হাঁটিয়া ইহা পার হইতে পারি, কিন্তু মহাসাগরের গভীরতা কে পরিমাণ করিতে পারে? ইমোজিন **ঈ**শ্বরকৃত উক্ত সকল সৌ-ন্দর্যা অবলোকন করত আরো ভাবিল, ঈশ্বর যে প্রেমস্বরূপ, ঐ বিদেশির এই কথাটী নিতান্ত সত্য, দেখ, সকল বস্তু তাহার প্রমাণ দিতেছে। তেজোময় দুর্য্য ও নির্মলা নদী ও নানা বর্ণের পুষ্পা, এই সকল আমাদের কর্ণকুহরে কহিতে-ছে, আমাদের সৃষ্টিকর্ত্তা প্রেমস্বরূপ। পরে দে-থিতে২ একটা বৃহ্থ বনবৃক্ষের উপর দৃষ্টি পড়িলে ইমোজিন দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিল, কারণ সে জানিল, যে ঐ গাছতলায় আমার মায়ের কবর আছে, আর ঐ গাছের গোড়ায় পূর্বোক্ত দীনহান বিদেশী বাঁধা আছে। অনন্তর म यानत याथा जर्क कतिएज नाशिन, वर्ही .কেমন হইল? ঈশ্বর যদি প্রেমস্বরূপ হন, তবে এত বেদনা পীড়াদি দুঃখ কোথাছইতে জন্ম-পাইল?' এই পৃথিবী অতি সুশোভিতা বটে,

তবে ঈশ্বর কি জন্যে মৃত্যুক্তপ ছায়াদ্বারা তাহাকে অল্পকারময় করিলেন? অধিক ভাবিলেও
ইমোজিন এ বিষয় কিছুই স্থির করিতে পারিল
না। শেষে সে এই যুক্তি করিল, যে রাত্রি হইলে
আমি কোন কৌশলে পুনরায় সেই বিদশি বন্দির
নিকটে গিয়া তাহার স্থানে এই সব জিজ্ঞাসা
করিব। তিনি, জ্ঞানি ব্যক্তি, আমাকে সকল
বুঝাইয়া দিবেন, এব° আমি ধর্ম শিক্ষা করিতে
আসিয়াছি, ইহার নিমিত্তে তিনি ফ্রইদের ন্যায়
কথন তিরস্কার করিবেন না।

ইহা ভাবিয়া ইমোজিন ঘরে ফিরিয়া যাইতে
মনস্থ করিল, কিন্তু তাহার বড় পিপাসা বোধ
হওয়াতে সে প্রথমে উক্ত জলস্যোতের নিকটে
জল থাইবার জন্যে গমন করিল। পথিমধ্যে
অনেক কণ্টক ছিল, তাহা তাহার পায়ে বিন্ধিল,
এবং যেমনি হস্ত দিয়া জল তুলিবে, তেমনি
একটা বিষধর সর্পানলবনহইতে নাচিয়া উঠিল;
আর একটু হইলে ইমোজিনকে দংশন করিত।
কিন্তু সে তাহাকে টের পাইয়া শীঘু ফিরিয়া
জল না থাইয়া অমনি ঘরে গেদ। ইমোজিন, কি
জানি, তোমার শিকার্থে ইশ্বর তোমার প্রতি

এই ঘটনা ঘটাইলেন। এই জলস্যোত যেমন,
মনুযোর আয়ু তেমন, দেখিতে সুন্দর বটে,
কিন্তু ধারে২ দুঃখৰূপ কণ্টক ও পাপৰূপ সূপ
লুকায়িত আছে। হায়, কণ্টক ও সূপ কোথাহইতে জন্ম পাইল?

চত্র্য অপ্যায়। •

সেই রাত্রিতে আল্ফিয়স নামে উক্ত বিদৈশি বন্দী ইমোজিনকে কঞিনির্মিত ঠাকুরের নিকটে দাঁড়াইতে দেখিয়া অতি আহ্বাদ পূর্বক তাহাকে সম্বোধন করিয়া কহিল, আসিয়াছ, আমার কন্যে? ভাল করিয়াছ, আমি তোমার নিমিত্তে প্রার্থনা করিতেছিলাম।

ইমোজিন উত্তর করিল, তবে কি তোমার ঈশ্বর আমাকে ঘোর বিপদহইতে উদ্ধার করি-লেন? না, বুঝি তাহা হইবে না, কেননা আমি তাঁহাকে জানি না।

আল্ফিয়স বলিল, তুমি তাঁহাকে জান না, তজ্জন্য তিনি তোমাকে জানিতে পারেন না, এমত অনুমান করিও না। হে আমার কন্যে, আমার ঈশ্বর তো তোমাকে শিশুকাল অবধি পিতা মাতার ন্যায় প্রতিপালন করিয়া আসি-তেছেন। কিন্তু অদ্য যে বিশেষ বিপদহইতে তোমাকে রক্ষা করিলেন, সে কি?

অনন্তর ইমোজিন বৃদ্ধের চরণে বসিয়া দর্প কিব্রুপে তাহাকে দংশন করিতে উদ্যত হইয়া-ছিল, তাহা জ্ঞাত করিল। পরে কহিল, মহাশয়, অনুগৃহ পূর্বক আমাকে এইটা বলিতে হইবে, পরমেশ্বর যদি প্রেমস্বরূপ হন, তবে এই জগতে এত শঙ্কা ও দুঃখ কেন দিয়াছেন?

আল্ফিয়ন্ উত্তর করিল. হায়! পরমেশ্বর যে ৰূপে জগৎকে প্রথম বানাইয়াছিলেন, নেই ৰূপ অবস্থাতে এখন তো জগৎ আর নাই। আদিতে তিনি আকাশমগুলের ও পৃথিবীর সৃষ্ঠি করি-লেন, পরে ঈশ্বর আপন সৃষ্ঠ বস্তু সকলের প্রতি দৃষ্ঠি করিলে সকলকেই উত্তম দেখিলেন।

ইমোজিন জিজ্ঞাসা করিল, তবে এই উত্তম অবস্থা কি প্রকারে পরিবর্ত্তন হইল?

আল্ফিয়স কহিল, হায়! তাহা বলিতে গেলে অনেক দুঃখজনক কথা বলিতে হয়। যাহা হউক, ভারমেশ্বর আপনি আমাদিগকৈ যে ধুর্মশান্ত্র প্রদান করিয়াছেন, সেই শান্তে এই বিষয়ে যাহা লেখা আছে, তাহা তোমার সাক্ষাতে এখন বর্ণনা করি; তুমি মনোযোগ পূর্বক শুন।

" পরমেশ্বর মৃত্তিকাদারা মনুয্য নির্মাণ করিয়া তাহার নাসারজুে প্রাণবায়ু প্রবেশ করাইলে म मजीव थ्रांनी रुश्ता भारत थ्रंजू भारतभारत পূৰ্বদিক্স্তি এদন্ নামক দেশে এক উদ্যান প্রস্তুত করিয়া দে স্থানে আপন পৃষ্ট ঐ মনুষ্যকে রাখিলেন। অনন্তর পরমেশ্বর কহিলেন, একাকী থাকা মনুষ্যের বিহিত নয়, আমি তাহার উপ-যুক্ত এক সহকারী নির্মাণ করিব।" পরে পরমে-শ্বর জ্রী নির্মাণ করিয়া তাহাকে আদমের অর্থাৎ প্রথম দৃষ্ট ঐ পুরুষের নিকটে খানিলেন। এই প্রকারে আদম ও তাহার স্ত্রা হবা সুখে কাল যাপন করিতে লাগিল। তাহারা সাধু ও পবিত্র ছিল, আর সেই সন্ডাব ব্যতিরেকে তাহাদের অন্য বন্ত্ৰ ছিল না। তথন দুংখ পীড়া মৃত্যু এই সকল জগতের মধ্যে ছিল না।

ইমোজিন ব্যগুতা পূৰ্বক কছিল, তবে কি প্ৰকাৱে এখন এই সকল দেখা যাইতেছে?

আলুকিয়ন উত্তর করিল, বলি, গুন। "প্রভু পরমেশ্বর আদমকে লইয়া ঐ উদ্যানের রক্ষা করণে নিযুক্ত করিলেন, এব° তাহাকে এই আজ্ঞা দিলেন, তুমি এই উদ্যানের সমস্ত বৃক্ষের ফল স্বচ্ছন্দে ভোজন করিও। কেবল ঐ সদসৎ জ্ঞান-দায়ক বৃক্ষের ফল ভোজন করিও না, কেননা যে দিনে তাহা করিবা সেই দিনে মরিবা।"

ইমোজিন বলিল, ঈশ্বর যথন অন্য সকল ফল থাইতে অনুসতি দিলেন, তথন কেবল একটা বৃক্ষের ফল ত্যাগ করা অতি সহজ ছিল।

আল্ফিয়স্ কহিল, শুন না, বলি। "প্রভু পরমেশ্বরের সৃষ্ট ভূচর জন্তুদিগের মধ্যে সর্প অতিশয় থল ছিল। সে এ নারীকে কহিল, ওগো, এই উদ্যানের এক বৃক্ষের ফল ভোগ করিতে পরমেশ্বর তোমাদিগকে নিষেধ করি-য়াছেন, ইহা কি সত্য?"

ইমোজিন চমৎকৃত হইয়া জিজ্ঞাসিল, সর্প জন্তুমাত্র- সে কি প্রকারে কথা কহিল ?

আল্ফিয়দ উত্তর করিল, যে এমত কথা কহিল, সে শয়তান, সপের বেশমাত্র ধারণ করিয়া-ছিল। শয়তান পূর্বে ঈশবের এক দূত ছিল ও স্বর্গে বাদ করিত, পরে অহঙ্কারী হইয়া ঈশবের বিকক্ষে দ্বেছ করিলে তিনি তাছাকে দূর করিয়া অনন্তকালস্থায়ি দপ্ত দিলেন। ঐ শয়তান বড় হি°সুক, আদম হবার সুখ দেখিতে পারিত না, এই হেতু কোন প্রকারে তাহাদিগকে দোষী করিয়া আপনার ন্যায় দগুনীয় ও শাপগুস্ত করি-তে স্থির করিল।

ইমোজিন জিজ্ঞাসিল, নারী শয়তানের কথাতে কি উত্তর দিল ?

"নারী দর্পকে কহিল, আমরা এই উদ্যা-নের তাবৎ বৃক্ষের ফল ভোজন করিতে পারি, কেবল উদ্যানের মধ্যস্থিত বৃক্ষের ফল বিষয়ে ঈশ্বর কহিয়াছেন, তোমরা তাহা ভোজন করিও না, স্পর্মাও করিও না, করিলেই মরিবা। তথন সর্প নারীকে কছিল, তোমরা কোন ক্রমে মরিবা না, বরু° যে দিনে তাহা থাইবা, সেই দিনে তোমাদের চক্ষু প্রসন্ন হইলে ঈশ্ব-রের ন্যায় ভাল মন্দ জ্ঞান পাইবা, ইহা ঈশ্বর জানেন। তথন নারা ঐ বৃক্ষকে সুদৃশ্য ও সুথাদ্য ও জ্ঞান প্রদানার্থে বাঞ্ছনায় জানিয়া তাহার ফল পোড়িয়া ভোজন করিল, এবং আপন স্বামিকে দিলে সেও ভোজন করিল।"

ইমোজিন কহিল, আহা হতভাগারা, তোমরা

কেন এমন করিলে? পরে ঈশ্বর কি আসিয়া তাহাদিগকে শাস্তি দিলেন?

আল্ফিয়স্ উত্তর করিল, শুন। "দিবাবসানে আদম ও তাহার জ্রী উদ্যানের মধ্যে গমনাগ-মনকারি প্রভূ পরমেশ্বরের রব শুনিয়া তাঁহার সমুখহইতে বৃক্ষগণের মধ্যে লুকাইল। তথন প্রভূ পরমেশ্বর আদমকে ডাকিয়া কহিলেন, তুমি কোথায়? তাহাতে সে কহিল, আমি উদ্যানে তোমার রব শুনিয়া উলঙ্গতা প্রযুক্ত ভয় করিয়া আপনাকে লুকাইয়াছি।" দেখ, আমার কন্যা, ইহা নিতান্ত নির্বোধের কর্ম ছিল, কেননা ঈশ্ব-রের চক্ষু সর্বস্থানে আছে, অতএব ভাঁহার দৃষ্ঠিগোচরহইতে পলায়ন করিতে পারা যায় না। তাঁহার পক্ষে নির্মল দিবস ও অক্ষকারময় রাত্রি সমান। যদ্যপি কেহ ভূমিতে গর্ভ খনন করিয়া দেখানে বসতি করে, তথাপি তিনি দে স্থানেও সকলই দৈথিতে পান, এবং নিবিড় বনের মধ্যেও তাঁহার দৃষ্ঠি যায়। সূতরা॰ সেই पूरे जन পाशिक वाहित हरेए हरेन।

অপর ইমোজিন জিজ্ঞানিল, তবে আদম ও হবা কি তৎক্ষণাৎ মরিল?

আল্ফিয়স্ উত্তর করিল, এমত নয়, কিন্তু **म्हे फिर्न कर्गरंज्य मर्था मृज्य अर्विम क्**रिन বটে। বাঘ ভালুক প্রভৃতি যে পশুরা পূর্বে অহিংসুক হইয়া স্বচ্ছদে মনুষ্যদের সঙ্গে বাস করিত, তাহারা তথনি অতিশয় হিণ্দুক হইয়া মনুষ্যকে খাইয়া ফেলিতে চেষ্টান্তি হইল, এবং কেবল মনুষ্যকে নয়, অন্য ২ মুদু, পশুকে আ-ক্রমণ করিয়া মারিতে লাগি**ল।** যে সি°ছ পূর্বে বলদের ন্যায় খড় ভক্ষণ করিত, সে রক্তাক্ত মাণ্স না পাইলে আর ভোজন করিল না। এবং যে চিতাবাঘ যে ছাগবৎদের দহিত একত্র ঘুমাইত, দে তাহার পশ্চাৎ ধাবমান হইতে লাগিল। দেই দিন অবধি আদম ও হবার পাপ প্রযুক্ত ভূমি পর্যান্ত শাপগুল্ত হইয়া কণ্টক ও বন-ঘাদাদি উৎপাদন করিতে লাগিল, এবং মনুষ্য ও তাহার বংশ সকল এই জগতে দুঃখের ও পাড়ার ও মৃত্যুর অধিকারী হইল; ও মৃত্যুর পরে যে তাছাদের আত্মা সুথ পায়, এমন কোন .ভরসা আর থাকিল না।

ইমোজিন কহিল, আহা, একের 'দোষ প্রযুক্ত কি সকলে শাপগুত্ত হইল? আল্কিয়স্ উত্তর করিল, হায়! আমরা তো কেবল মৃত্যুর অধিকারী নই, পাপেরও অধি-কারী হইয়াছি। গাছ যেমন, ফল তেমনি হইবে। কণ্টকবৃক্ষে কেবল কণ্টক উৎপন্ন হয়। আদম বংশোভব এমন মনুষ্য নাই যে পাপ করে না; এবং পর্মেশ্বর যদ্যপি প্রেমস্বরূপ হন, তথাপি তিনি পবিত্র ইশ্বর, আর পবিত্রতা না থাকিলে কেহ তাঁহার দর্শন পাইবে না।

তথন ইমোজিন প্রায় নিরাশ হইয়া কানিয়া কহিল, হায়! তবে কি প্রকারে পরিত্রাণ পাইব? আমাদিগকে কি এই দুঃখজনক কথা বলিতে আসিয়াছিলে, যে তোমাদের অদৃষ্টে ইহকালে মৃত্যু, পরকালে অনন্ত যন্ত্রণা আছে? আহা! এমন ধর্মে কাম কি? পূর্বে আমার যে যৎ-কিঞ্চিৎ ভরমা ছিল, তাহাও গেল।

আল্ফিয়স্ উত্তর করিল, না. না বংসে, এমত অনুমান করিও না। ভরসা আছে, নতুবা আমি তোমাকে এমত শিক্ষা দিব কেন? আমাদের পরিত্রাণ পাইবার দৃঢ় ভরসা আছে।

ঠিক ঐ-সময়ে ইমোজিন বন্দধ্যে কোন বিশেষ শব্দ শুনিয়া ভয়েতে কাঁপিতে লাগিল। वान्किंग्रम् किस्तिनिन, कि श्रेग्नार्ह, मा ? कि श्रिमारन ?

ইমোজন কছিল, জাইদের রব শুনিলাম।
তিনি তপস্যা ও প্রার্থনাতে রাত্তি যাপন
করিতেছেন। আহা! যদি তিনি এ দিগে আদিয়া আমার দেখা পান, তবে না জানি কি
করিবেন। অতি ক্ষুদু দোষের নিমিত্তে আমাকে
মারিয়া থাকেন; তোমার সহিত কথা কহিতে
দেখিলে বুঝি একেবারে কাটিয়া কেলিবেন।

আল্কিয়ন ব্যগুতা পূর্বক কছিল, তবে যাও, মা, যাও। ঈশ্বরের আশীর্বাদ তোমার সহিত গমন কক্ষ।

ইমোজিন গেলে পর আল্ফিয়্স্ মনোমধ্যে বলিতে লাগিল, হে দ্য়ালু পিতঃ, তুমি যদি এই অনাথা বালার হৃদ্য়ে ধর্মকাপ আলো প্রবেশ করাইবার কারণ আমাকে এই স্থানে আনিলা, তবে ধন্য দুঃখ, ধন্য কেশ, ধন্য মৃত্যু। এমন পুরস্কার পাইতে কে না মৃত্যু সহ্য করিবে? এই ইমোজিন যদি আমাদারা তোমার সত্য সেবিকা হয়, তকে সে পরকালে আমার অক্ষয় হর্মসুকুট্রকাপ হইয়া থাকিবে।

কিঞ্চিৎ পরে ডাইন চুপে২ আসিয়া বন্দী কি করিতেছে, তাহা দেখিলেন। তাঁহার বোধ হইল, যেন সে যুমাইয়াছে। তথাপি কেবল নিপ্তরতা প্রযুক্ত একটা পাথর কেলিয়া তাহাকে মারিলেন। আ' নির্দায় জুর যাজক, এ কি তোমার ধর্ম? সকল মনুষ্য পাপাত্মা হইয়াছে, হতভাগা বন্দির এই কথা তোমার ব্যবহারদারা সপ্রমাণ হইল।

সেই রাত্রিতে ইমোজিন বিশাম করিতে পা-রিল না। ভাছার মনের মধ্যে নানা প্রকার বিপরীত চিন্তা উঠিল। আপনার জ্রইদীয় ধর্মে তাহার বড় একটা বিশ্বাস ছিল না, কেননা পিতার মৃত্যু হইলে পর ঐ জেইদেরা ধর্মের ছল করত তাহার মাতার সর্বস্ব গাুস করি-য়াছিলেন: এবং মাতা মরিলে তাহাকে আরো पुःथ फिट्ड नाशितनः अहे करना हैरभाजिन ঐ প্রকার ধর্মেতে বড় সম্ভপ্ত ছিল না, এবং যে ব্যক্তি ভাহার প্রতি প্রেম ব্যবহার করিবে, ও তাহার গোচরে মিষ্ট কথা কহিবে, এমন ব্যক্তিকে পাইতে তাহার অতিশয় আকাঙ্কা ছিল। সাল্ফিয়ন ঠিক তজপ বাবহার করিল

 ७ जजन क्था किश्म, अहे (हर्जू हेटमाणिन মক্দে তাহার শিষ্যা হইয়া তাহার উপদেশ পুহণ করিল। কিন্তু ঐ রাত্রিতে কদী যে কথা কহিয়াছিল, অর্থাৎ সকলে পাপকর্ম করিয়াছে, ও আপন অন্তঃকরণকে পবিত্র করিতে কাহারো ক্ষমতা নাই, এই বাক্য ইমোজিন মনে২ আ-নোলন করত বড় ভাবিত হইলন সে বিবেচনা করিল, এই শরীর তো শীষু নষ্ট হইবে, তা-হার কোন সন্দেহ নাই। বৃদ্ধ হউক বা যুবা হউক, কেহ মৃত্যুকে এড়াইতে পারে না, ইহা কত বার দেখিয়াছি; কিন্তু এই নৃতন কথা কেমন ভয়ানক! সকলে অপবিত্র, কেছ আপ-নাকে পবিত্র করিতে পারে না, এ কি হইতে পারে? আমি তো বড় একটা পাপ করি নাই; আমি কি অপবিত্র? ফুইদ এত উপবাসাদি তপস্যা করেন, তাহাতেও কি তিনি পবিত্র रून मा? बे स्त्रान् विष्मि निष्क कि भाशी? হায়! তবে আমি কোথায় যাইৰ? কোন উপায় रिचिट्ड পाई ना। हान्नर! अ मकन क्थांट হাত না দিলে এক প্রকার ভাল হইত।

अहे कंश रिखावाता नम् ब्रांबि हैरमाक्टिनत

নিদ্যু দূর ছইল। শেষে যখন প্রভাতীয় নক্ষত্র দূশ্য হইল, তথন বন্দির অন্তিম বাক্য, অর্থাৎ ভরসা আছে, ইহা স্মরণ হওয়াতে সে মনে স্থির করিল, যাহা ঘটে ঘটুক, উক্ত ভরসা কিসে উৎপন্ন হয়, তাহা শুনিতে আমি পুনরায় আল্ফিয়সের নিকটে এক বার যাইব। ইহা স্থির করিলে পরে সে কিয়ৎকালের নিমিত্তে সৃষ্থির ক্রপে ঘুমাইল।

পঞ্চম অধ্যায়।

ইমোজিনের চক্ষু যে সময়ে নিদাতে বন্ধ ছিল, দেই সময়ে অর্থাৎ অতি প্রভাতে তাহার খুড়তুতো ভাই বর্ত্তিমর রাজা হরিণ শীকার করিতে বনমধ্যে গেলেন; কিন্তু দৈব ঘটনায় দেই দিবস কোন বন্য পশু মারিতে পারিলেন না। যদ্যপি তিনি মৃগয়াতে অতি নিপুণ ছিলেন, তথাপি দেই দিবস সকলি বিপরীত হইয়াছিল। তীর বায়ুদ্ধারা তাড়িত হইয়া ইতন্ততঃ উড়িত, তাহাতে তিনি লক্ষ্য করিতে পারিলেন না। শেষে যখন বাতাস কিছু কমিল, তখন হত্তের ধ্যু ভাছিয়া গেল। এই হেতু বর্ত্তিমর

আপন অন্ত শক্ত ভূমিতে ফেলিয়া কহিলেন,
দূর হউক, অন্য আমি আর শীকার করিব
না। এই বলিয়া এক বৃক্ষের গোড়ায় হেলান
দিয়া বসিলেন। পরে ফ্রেইনকে আসিতে দেখিয়া
কহিলেন, মহাশয় ভাল সময়ে আসিয়াছেন,
অদ্য আমাকে কিছুই ভাল লাগে না, অতএব
আপনকার বাণা লইয়া বাজাউন, গুনিয়া মন
কিঞ্জিৎ তুপ্ত হইবে।

কিন্তু জুইদ কহিলেন, না, না, তাহা করিতে পারি না। আমি দিব্য করিয়াছি, যে যখন তোমার ঐ বন্দিকে বলিদান করা যাইবে ও তাহার চীৎকার ধনি শুনা যাইবে, তখন তাহার সঙ্গেহ বাণা বাজাইব; তদবধি আমার বাণার বাদ্য কাহারো কর্ণকুহরে প্রবেশ করিবে না।

ইহাতে রাজা কহিলেন, যাজক মহাশয় বেশ বলিলেন। আমি ঐ বন্দির বিষয় নিভান্ত বিশৃত হইয়াছিলাম। আপনি না বলিয়াছিলেন যে ঐ বেটা আমাদের ভাষা জানে? অতএব তাহাকে ডাকাইয়া এক দপ্ত তাহার সহিত কৌতুক করি। ইহা বলিয়া তিনি আপন দাসদিগকে আজ্ঞা করিলেন, যাও, ঐ বন্ধিকে এই স্থানে টানিয়া আন। পরে আপনি ইমোজিনের বাটীতে গিয়া তাহাকে আনিয়া যাসের উপরে আপনার পার্ম্থে বনাইলেন।

সেই সময়ে ইনোজিনের হৃদয় ধূকং করিতে লাগিল, কেননা সে ভাবিল, হায়! এখন আনমার দয়াশীল বন্ধুর প্রতি ইহারা কত কদান্চার করিবে!. এবং আমি খেমন কিছু জানিনা, তৈমনি তাহার শত্রুদের মধ্যে ব্দিয়া সকল দেখিয়াও তাহার উপকারার্থে কিছুই করিতে পারিব না; কারণ ঐ ব্যক্তি আমাকে আপন মতাবলম্বিনী করিতে চেটা করিয়াছে, ইহা শুনিলে বোধ হয় জেইদেরা ভাহাকে ও আমাকে নষ্ট করিবেন। এমত ভাবিয়! ইমোজিন চকু তুলিলনা, কিন্তু এক দৃষ্টে ভূমির প্রতি চাহিয়া রহিল।

কিঞ্ছিৎ পরে ঐ বৃদ্ধ আল্ফিয়ন ঐ সমাজের মধ্যে আইল। এই দেশীয় আরবিদের ন্যায় তাহার ক্ষীণ শরীর গলা অবধি পা পর্যান্ত ঢিলা বজেতে আচ্ছাদিত হিল, ও আরবিদের মত নে লমা দাড়ি রাথিয়াছিল, নে দাড়ি সমুদয় শুকুবর্ণ।

ৰভিমর রাজা তাহাকে সম্বোধন করিয়া

জিজ্ঞাসিলেন, অরে বিদেশি, তুই কোথাকার লোক? বল্। তোর গায়ের বর্ণ আমাদের বর্ণের মত নয়, তোর বস্ত্রও অন্য প্রকার। তুই কি ভয়ানক রোমীয় জাতির মধ্যে এক জন? কিমা যে দেশ আমাদের সম্দুতীরহইতে কিঞ্ছিৎ দৃশ্য হয়, দেই গাল দেশহইতে আসিয়াছিন?

বন্দী উত্তর করিল, না, মহারাজ, আমি রোমীয় লোক নই, আর গাল দেশহইতেও আদি নাই। আমি পূর্ল দিক্স্তিত এক দেশ-হইতে আসিয়াছি: সেই দেশ এত দূর, যে এই থানে আসিতে আমার প্রায় ছয় মান লাগি-য়াছে; তথাপি শীঘুই আসিয়াছি, বিলম্ব করিলে আরো কত দিন লাগিত।

ইহা শুনিয়া ঐ অসভা ইংরাজেরা চমৎকৃত
হইয়া চেঁচাইয়া কহিল, বল কি? পৃথিবী যে
এত বড় তাহা আমরা জানি নাই। এবং রাজা
কহিলেন, অরে হতভাগা, তুই এত দূরে কেন
মরিতে আইলি? এমন যাত্রা করিতে তোকে
কে পরামর্শ দিল? তোর দেশে বুঝি খাইতে
পেলি না, সেখার•কল শস্যাদি নাই, ও সূর্য্যের
আলো দৃশ্য হয় না?

আল্ফিয়ন্ উত্তর করিল, আহা! মহারাজ, এমন অনুমান করিবেন না। আমার দেশে যেমন সূর্যা তেজাময়, তেমনি এই ইংলগুদেশে এক দিবসও তাহাকে দেখি নাই। আর সেথায় বিস্তর কল উৎপন্ন হয়, ও ক্ষেত্র সকল নানা প্রকার শন্যদারা আচ্ছাদিত আছে। সে দেশে ইক্ষু ও মিপ্ত ক্লাম ও প্রীকল ও ডালিম পাওয়া যায়, এবং সেথায় এই প্রকার অত্যন্ত শীত হয় না।

তাহাতে বর্ত্তিমর আরো চমৎকৃত হইয়া জি-জ্ঞাসিলেন, তবে এমন সুন্দর দেশ ছাড়িলি কেন? আল্ফিয়স্ বলিল, আপনকাদের এই দেশে ধর্মজ্ঞালো নাই, আপনারা হস্তনির্মিত দেবগণকে পূজা করেন, ইহা শুনিয়া আমি চলিয়া আইলাম।

এই কথাতে সকলে হাসিয়া উঠিল, এবং রাজা তিরক্ষার ভাবে কহিলেন, আঃ! এখন বুঝিলাম, তুই আমাদের গুরু হইতে আসিয়াছিম! আইস, প্রজারা, আইস, গুরু মহাশয় কি বলেন, তাহা, গুনি। আমাদের দেশে ধর্মজ্বপ আলো নাই বটে? একটু রস্, যে দিনে পিঁজরাতে পুড়িবি,

সেই দিনে যথেষ্ট আলো দেখিতে পাবি। কিন্তু সে যাহা হউক, আমাদের ভাষা কহিতে ভোকে কে শিখাইল?

আল্ফিয়ন্ উত্তর করিল, আপনকার দেশীয় এক লোকের নিকটে তাহা শিথিয়াছিলাম। সে ব্যক্তি এক জন রোমীয় সেনাপতির ক্রীত দাস, দাসত্ব করিতে২ সে সত্য ঈশ্বর বিষয়ে জ্ঞান প্রাপ্ত হইয়াছিল, পরে তাহার কর্ত্তা তা-হাকে মুক্ত করিলে সে এই স্থির করিল, যে আমি আপন জন্মস্থানে ফিরিয়া যাইয়া সেথায় যীশু পুরিষ্টর সুসমাচার প্রচার করিব। আমি তাহাকে আত্ম তুলা প্রেম করিতাম, এ জনো আমিও তাহার সঙ্গে যাত্রা করিলাম।

বর্ত্তিমর রাজা জিজ্ঞাসিলেন, আমাদের দে-শীয় সেই ক্রীত দাস এখন কোথায়?

বন্দী নির্মাল আকাশের প্রতি ইন্ধিত করিয়া কহিল, আমার প্রিয় বন্ধু এ স্থানে আছে। দেখানে শুন্তি লোকেরা বিশাম করে, ও দুঃখিরা উল্লাসিত হয়। যাঁছাকে দে এই জগতে থাকিয়া প্রেম করিত, দেই যান্ত খুন্তিকে এখন দেখিতে পায়। তিনি ভাহার সকল পাপ মোচন করি- য়াছেন, এই জন্যে সে নিদোষ হইয়া ঈশ্বরের সিংহাসনের সমুখে দাঁড়াইয়া আছে।

বর্ত্তিমর রাজা কহিলেন, তোর বন্ধুর মৃত্যু হইলে পর তুই কেন ফিরিয়া গেলি না?

আল্কিয়স্ কহিল, মহারাজ, আমি মনে স্থির করিলাম, যে আমার বন্ধুর মনোবাঞ্ছা আমি সিদ্ধ করিব। সে এ দেশে ধর্ম শিখাইবার নি-মিত্তে আসিতেছিল, অতএব তাহার পরিবর্তে আমি তাহাই করিতে আনিয়াছি।

বর্ত্তিমর হাসিয়া কহিল, তোর তো বড় সা-হস দেখিতেছি। আমাদের নিমিত্তে বর্ণ কিম্বা লৌহ কিম্বা সুরা যদি আনিতিস, তবে ভাল হইত। ধর্ম্মে কাষ কি? যাহা হউক, এক বার শুনি, তোর ধর্ম কি প্রকার?

আল্ফিয়ন কহিল, আমরা ইশ্বের সকল আজ্ঞা লঙুন করিয়াছি, অতএব কি প্রকারে তাঁহার সহিত আমাদের মিলন হইতে পারে, ভাহা জানা আমাদের অভি আবশ্যক। আর আমার ধর্মদারা এমন পথ দর্শাইতে পারি।

রাজা বলিলেম, শুন্, আমি তোর ঈশ্বর-কে মানি না, এবং তাঁহার আজ্ঞার বশীভূত নহি। আমি ফুিগা ও থোর ও লক এই সকল দেবতাকে আরাধনা করিয়া থাকি, এব॰ তাঁহা-দের উদ্দেশে বলিদান ও দৈবেদ্য উৎসগ করিয়া থাকি। আমি পড়গের ব্যবস্থা বিনা আর কোন ব্যবস্থা পালন করি না। বলপূর্বক যাহা লইতে পারি, তাহাই লইয়া থাকি। ইহা বলিয়া তিনি আপন চক্চকিয়া থড়গ কন্দির মস্তকো-পরি ঘুরাইলেন, পরে কহিলেন, তোর ঈশর কি কি আজা দিয়াছেন? এক বার শুনি। তুই যদি এত দূর ঐ কথা বলিতে আসিয়াছিস, তবে তাহা শুনিলে ভাল হয়।

চ্ছেইদ ইহাতে বড় অসন্তপ্ত হইলেন, কিন্তু রাজা ঐ বন্দিকে ঘরে আনিয়াছিলেন, এই জন্যে তিনি কোন আপত্তি করিতে পারিলেন না। আর ইমোজিন ঈশ্বরের সকল আজ্ঞা শুনিতে অত্যন্ত ইচ্ছুক হইয়া চুপ করিয়া শুবন করিতে লাগিল।

অনন্তর আল্ফিয়স্ কহিল, মহাসয়েরা শুনুন, বলি ৷ পূর্বকালে পরমেশ্বর আপানার সেবা করিছে বিশেষ এক জাভিকে মনোনীত করিয়া তাহা-দিগকে সকল শত্রুহইতে সুক্ত করিয়া আপান ধর্ম প্রদান করিলেন। সেই ঘটনা এই প্রকারে হইয়াছিল। ঈশ্বর আপন স্বর্গায় দূতগণের সহিত একটা পর্বতে নামিলেন, সেই পর্বতের নাম সীনয় পর্বত। তথন সেই সীনয় পর্বত ধ্রময় হইল, কেনা পরমেশ্বর অথিতে তাহার উপরে নামিলেন, এবং চুলার ধূমের ন্যায় তাহাহইতে ধূম উঠিল, আর সকল পর্বত অতিশয় কাঁপিতে লাগিল। পরে ঈশ্বর এই দশ আদ্রা ঘোষণা করিলেন।

প্রথম আজা।

আমার সাক্ষাতে তোমার আর কোন দেবতা না থাকুক।

দিতীয় আজা।

তুমি আপনার নিমিত্তে কোন খোদিত প্রতিনা, অর্থাৎ উপরিস্থ মর্গে কিম্বা নীচস্থ পৃথিনীতে কিম্বা পৃথিবীর নীচস্থ জলে স্থিত কোন বস্তুর মুর্ত্তি নির্মাণ করিও না, এবং তাহাদিগকে প্রণাম করিও না, ও তাহাদের সেবাও করিও না; কেননা তোমার প্রাভূ পরমেশ্বর আমি জাজ্বলামান ঈশ্বর, এবং যে পিতৃলোকেরা, আমাকে মণা করে, তৃতীয় চতুর্থ পুরুষ পর্যাপ্ত ভাহাদের সন্তানদের উপরে অধর্মের প্রতি-

কলদাতা, কিন্তু যাহারা আমাকে প্রেম করে, ও আমার আজ্ঞা পালন করে, তাহাদের প্রতি সহসু পুৰুষ পর্য্যন্ত দয়াকারী।

জ্ঞাইদ এই কথা গুনিয়া অতিশয় রাগ করত কহি-লেন, ঐ বেটা আমাদের দেবগণকে নিন্দা করিতে আনিয়াছে। উহাকে এখনই মারিয়া কেল।

কিন্তু রাজা কহিলেন, যাজক নহাশন্ন, ক্ষান্ত হউন, পূর্ণিমা প্রায় উপস্থিত, তাহা হইলে বলি-কে মারিতে পারিবেন। এখন তাহার ঈশ্বরের অবশিষ্ট আজ্ঞা শুনি। তাহাতে আল্ফিয়স পুনর্বার বলিতে লাগিল স্থথা,

তৃতীর আজা।

তুমি আপন প্রভু পরমেশ্বরের নাম নিরর্থক লইও না, কেননা যে কেহ তাঁহার নাম নিরর্থক লয়, পরমেশ্বর তাহাকে নিরপরাধ করিয়া গণনা করেন না ৷

চতুর্থ আজা।

বিশ্রামদিনকে স্মরণ করিয়া পবিত্র কর। ছয় দিন শুম করিয়া ব্যবসায়াদি সমস্ত কর্ম কর। কিন্তু সপ্তম দিল ভোমার প্রভূপরমেশ্বরের বিশ্রাম দিন, সেই দিনে ভূমি কি ভোমার পুত্র কি কন্যা কি দাস কি দাসী কি পশু কি দারবর্ত্তি বিদেশী কেছ কোন কার্য্য করিও না। কেন্দা পরমেশ্বর আকাশ ও পৃথিবী ও সমুদু ও তল্মধ্যস্থ তাবৎ বস্তুকে ছয় দিনে নিশাণ করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিলেন, এই
নিমিত্তে পরমেশ্বর বিশ্রাম দিনকে বর দিয়া
পবিত্র করিলেন।

পঞ্চ আছে:

তুমি আপন পিতা মাতাকে সম্ভূম কর, তাহাতে তোমার প্রভূ পরমেশ্বর তোমাকে যে দেশ দেন, সেই দেশে তোমার দীর্ঘ কাল আয়ু হইবে।

ষষ্ঠ আজা।

নরহত্যা করিও না।

মপ্তম আজা।

পরদার করিও না।

্ অফ্টম আজা।

চুরি করিও ना।

নবয় আজা।

আপন প্রতিবাসির বিফাঁদে মিথ্যা সাক্ষ্য দিও না।

দশ্য আছা।

আপন প্রতিবাসির গৃহে লোভ করিও না। আপন প্রতিবাসির ভার্যাতে কি দাসেতে কি দাসীতে কি গোৰুতে কি গাধাতে কি তোমার প্রতিবাসি লোকের কোন বস্তুতে লোভ করিও না।

এই সকল কথা শুনিয়া বর্ত্তিমর রাজা কহি-লেন, কেমন? পরদেশ জয় করণের ইচ্ছাও কি নিষিদ্ধ আছে?

আল্ফিয়ন্ কহিলেন, অবশ্য। পরমেশ্বরের ব্যবস্থাদারা মনের কুচিন্তাতেও মনুষ্য দোষা হয়। সেই ব্যবস্থাতে লিখিত আছে, যে কেহ অকারণে আপন ভ্রাতার প্রতি ক্রোধ করে, সে বিচারস্থানে দপ্তযোগ্য হইবে; এবং যে কেছ আপন ভ্রাতাকে নির্বোধ বলে, সে মহাসভাতে দপ্তার্হ হইবে; আর তুই মূঢ়, এই কথা যদি কেহ আপনার ভ্রাতাকে বলে, তবে সে নর-কাশ্বির দপ্তোপযুক্ত হইবে। ইশ্বরের ব্যবস্থার নার এই, তাবৎ মন দিয়া পরমেশ্বরকে প্রেম কর, এবং পরকে আত্মত্বা প্রেম কর!

বর্ত্তিমর রাগ করিয়া কছিলেন, তবে এমন

ব্যবস্থাতে আমার প্রয়োজন নাই; এবং যে দেবতাকে দেখা যায় না, এমন দেবতাকে আমি প্রণাম করিব না।

বন্দী কহিল, ছে রাজন, তিনি যখন মেঘারত, ছইয়া জীবৎ ও মৃত সকলের বিচার করিতে স্বর্গছইতে আসিবেন, তখন আপনি তাঁহাকে দেখিতে পাইবেন। যে কালে কবর প্রাপ্ত লোকেরা জ্বারের রব শুনিয়া জীবৎ ছইবে, এমন কাল আসিতেছে। কেননা জয়২ ধ্বনি ও প্রধান দূতের উদ্যোশন ও ঈশ্বরীয় তুরীবাদ্যের সহিত প্রভু আপনি স্বর্গইতে নামিবেন। তখন তাবৎ মৃতেরা আপন২ কর্মানুসারে বিচারিত ছইবে।

এই কথা শুনিয়া কেই কিছু কহিতে পারিল না। ইমোজিন ভীত হইয়া কাঁপিতে লাগিল। দ্রুইদ যাজক ইশ্বরের দাসের প্রতি রাগেতে দস্ত কিড়িমিড়ি করিয়া এক দৃষ্টে চাহিয়া রহি-লেন, এবং বর্ত্তিমর রাজা অহঙ্কার প্রযুক্ত আ-পন অন্তঃকরণ শক্ত করিয়া ঐ সকল সদুপদেশ অগ্রাহ্য করিলেন। কিঞ্চিৎ পরে তিনি বলি-লেন, ডোর কথা সত্য হউক; বা মিথ্যা হউক, যথন আমি আপন শত্রকে ধরিতে পারি, তথন অবশ্য তাহাকে নষ্ট করিব। এবং স্বর্ণ রৌপ্য মামার সমুথে থাকিলে তাহা হরণ করিব। এবং শারারিক সুথ ভোগ করিতে পাইলেই ভোগ করিব। তোর ঈশ্বরের আজ্ঞা অভিশয় কঠিন, কে তাহা পালন করিতে পারে? আর ঐ যে বিচারের কথা বলিলি, ঐ বিষয়ে মরণ কাল উপস্থিত হইলে বিবেচনা করিব; আমি এখন যুবা আছি, আমার মৃত্যু জনেক দিন হইবে না।

আল্ফিয়ন্ বলিল, ব্যবস্থা এথন থাকুক, ঈশ্ব-রের দয়ার কথা এক বার শুনুন।

তাহাতে বর্ত্তিমর উত্তর করিলেন না, না,
আমি কথন কাহারো প্রতি দয়া প্রকাশ করি
নাই, আমার দয়াতে কাম নাই, আমি এই
সকল বিয়য় য়য়েও গুনিয়াছি, মন তাহাতে
একেবারে বিমর্ম হইয়া গেল। ইহা বলিয়া তিল
এক য়ুবা করিকে ডাকিয়া কহিলেন, কোন মিপ্ত
গান গাও, তাহাতে এই শোকজনক কথা সকল
আমার মনহইতে দূর হইবে। অনস্তর ঐ করি
একটি য়ুদ্ধের গান গাওয়াতে সকলে তাহাতে
মত্ত হইয়া উল্লাস্থনি করিতে লাগিল, ধর্মের
বিয়য়ে আর কেহ মনোযোগ করিল না।

१ १ किल्ल छन

দেই রাত্রিতে আকাশ অন্ধকার মেঘদারা আচ্ছাদিত হুইল, এবং বড় ঝড় হুইল, কিস্তু ইনোজিনের মনে আরো ঘোর অন্ধকার ব্যাপ্ত হইল. এবং ঝড়স্বৰূপা ভাবনা তাহার হৃদয়ে উঠিল। বন্দি আল্ফিয়সের বাক্য যেন প্রামাণ্য না হয়, ইমোজিনের এমত ইচ্ছা ছিল বটে, কিন্তু যত সে ঐ সকল বিষয়ের বিবেচনা করিল, তত তাহার বোধ হইল, যে অবশ্য আমার ফুইদীয় ধর্ম মিথ্যা, আর দেই বিদেশির ধর্ম সত্য; কেননা যে ধর্ম এমত পবিত্র ও যাহাতে এমত গুদ্ধ ব্যবস্থা আছে, তাহা ঈশ্বরহইতে হইরাছে, ইহার কোন সন্দেহ নাই। আরো তাহা সত্য না হইলে ঐ বিদেশী কেন এত দুঃখ ক্রেশ স্বীকার করিয়া আপন জ্ঞাতি কুটুম্ব ছাড়িয়া তাহা প্রচার করিতে এই স্থানে আইল? অবশ্য, খুীষ্টীয় ধর্ম নিতান্ত নতা। বৃদ্ধ আল্ফিয়ন্ আ-মাকে কথন ফাঁকি দেয় নাই।

এই সকল কথা আন্দোলন করিতে ২ ইমো-জিন মনে ২ আরো ভাবিল, এদ্যাপি আমি এই নূত্র ধর্মের বিষয় কিঞ্চিৎ শুনিয়াছি, তথাপি

তাহাতে আমার কি ফল হইল? এই ধর্মদ্বারা জানিলাম, যে আমি পাপেতে জন্ম পাইয়াছি, এবং আমার পিতামাতা পাপী, আর আমি ঈশবের আজ্ঞা লঙ্ঘন করাতে আমার প্রতি তাঁহার ক্রোধ বর্তিয়াছে; আমি কান্ত ও প্রস্তর নির্মিত দেবগণের সমুথে হাঁটু পাতিয়াছি; আমি বাক্যদারা দোষ করিয়াছি, ও আমার মনে অনেক বার রাগ দেঘাদি কৃভাব ও কৃচিস্তা উদয় হইয়াছে; আমি ঈশ্বকে তাবৎ অন্তঃকর্ণ দিয়া ভক্তি করি নাই ও পরকে আত্মতৃল্য প্রেম করি নাই, অতএব আমার কি হইবে? আল্ফিয়স্ বলিয়াছে, ঈশ্বর সকল লোকের বি-চার করিবেন; কিন্তু আমি কি প্রকারে ঐ বিচার স্থানে দাঁড়াইতে পারিব? হায় ২, পূর্বাপেকা আমার মন এখন আরো অন্ধকারময় বোধ হইতেছে। তথাচ আমি নিরাশ হইব না। না জানি, আল্ফিয়স দ্যার বিষয়ে কি বলিতে চাহিতেছিল, কিন্তু আনার ভাই তাহাকে বারণ .করিলেন; আমাকে সেই কথাটা গিয়া শুনিতে হইবে। আরো আলফিয়দ কহিল, যে ঐ ই'-রাজ ক্রীত দাস শান্তিতে মৃত্যু প্রাপ্ত হইল, ও ঈশ্বরের সমুখে নির্দোষ হইয়া উপস্থিত হইল।
দেও তো আদম ও হবার সন্তান, তাহার তো
পাপহইতে জন্ম হইয়াছিল, তবে সে কি প্রকারে
মুক্তি পাইল? কি তগন্যাহারা? তবে আমিও
তাহা করিব। সে কি আপন শরীরকে কুশে
দিয়া আপন প্রাণকে বাঁচাইল? আমিও তাহা
করিতে পারি; কিন্তু অনন্ত কালন্ডায়ি নরকাথির
কথা শুনিলে আমার প্রাণ অত্যন্ত কুন্ধ হয়।

ইমোজিন আপন কুঁড়িয়া ঘরে বসিয়া ভাবিল, হায় রাত্তি কথন্ উপস্থিত ছইবে? আমি গিয়া নেই শিক্ষকের সহিত কথা কহিতে চাহি। অপর রাত্রি হুইল বটে, কিন্তু অতিশয় ঝড় ৰুষ্ঠি হইল, তথাচ ইমোজিন ভীত না ২ইয়া বন্দির কাছে যাইতে বাহির হইল। তথন মেয-গর্জানের অতিশয় শব্দ **হইতেছিল, এব° ক**এক বিন্দু জল পড়িতেছিল, আর যে আলো দৃশ্য হইল, তাহা জ্যোৎদার আলো নয় কিন্তু বিদ্যু-তের তেজ। ইমোজিন অনেক বার ঝড় বৃষ্ঠি দেখিয়াছিল বটে, কিন্তু এমন প্রবল ঝড় কখন দেখে নাই। তাহাতে নে সীলয় পর্বতের কথা স্মরণ করিয়া মনে২ কছিল, কি জানি, পূর্বকালে

ঈশর যেমন অগি দিয়া তাহার উপরে নামিয়াছিলেন, এবং দৈই পর্বতকে অতিশয় কম্পবান
করিয়াছিলেন, তেমন অদ্য জগতের বিচার করিতে
আসিতেছেন। সীনয় পর্বতে যে ব্যবস্থা দন্ত
হুইয়াছিল, তাহা লোকেরা পালন করে নাই,
তজ্জন্য তিনি এখন সকলকে দন্ত দিতে আসিতেছেন। ইহা ভাবিয়া সে ক্রন্দন্ধ করত কহিল,
ঈশ্বর দ্য়া করুন, ঈশ্বর দ্য়া করুন; পাপিপ্ত
যে আমি, আমাকে একেবারে নপ্ত করিবেন না।

এই কথা বলিবার সময়ে তাবৎ আকাশ অধিময় হইল, এবং অকসাৎ তাহার অতি নিকটে
একটা বৃহৎ বন্য বৃক্ষ বজুাঘাতে আহত হইয়া
মহাশব্দ করিয়া ভূমিসাৎ হইল। ইমোজিন
কম্পানিতা হইয়া ঐ পতিত বৃক্ষের প্রতি দৃষ্টি
করত ভাবিল, এই দিতীয় বার আমি ঈশবের
হস্তদারা গুপ্ত আপদহইতে রক্ষা পাইলাম,
অতএব কি জানি, আমার নিকটে আপনাকে
প্রকাশ করিতে তাঁহার অভিমত আছে। এই
চিন্তাতে ঐ রমনীয়া বালা কিঞ্চিৎ সান্তনা পাইয়া যে পর্যান্ত বৃষ্টি শেষ না হইল, সেই পর্যান্ত
এক বৃক্ষের আড়ালে দ্যায়মানা রহিল।

পরে ঐ সকল উৎপাত শেষ হইলে ইমোজিন व्यान् किय़रमत निकरि याहरू ं रुष्टा कतिन, কিন্তু বড় অন্ধকার হওয়াতে তাহাকে প্রায় নিরীক্ষণ করিতে পারিল না, এবং যথন তা-হার দৃষ্ঠি বন্দির গাত্রের উপরে পড়িল, তথন দেখিল, সে নিস্তব্ধ হইয়া ঘাসেতে পতিত রহি-য়াছে। প্রথমে, ইমোজিন মনে করিল, হায়! আমার বৃদ্ধ বন্ধু বুঝি ঐ বজুাঘাতদারা মরি-য়াছে; তাহার পক্ষে ভাল হইল; এথন শত্রা তাহার প্রতি কিছু হি॰সা করিতে পারিবে না। কিন্তু ঠিক দেই সময়ে বিদ্যুৎ পুনর্বার চকমকিয়া উঠিল, তাহাতে ইমোজিন দেখিল, আল্ফিয়স্ ছোট শিশুর ন্যায় সুস্থির কপে ঘুমাইয়াছে। ইছা দেখিয়া সে মনে২ কহিল, এমত শক্কায় যদি এই বিদেশী ঘুমাইতে পারে, তবে অবশ্য সে পরমেশ্বরের সহিত মিলন করিয়া থাকি-বে, মৃত্যুকে ভয় করে না, এই কারণ এমত স্থিরমনা আছে। হায়! ঈশ্বরের সহিত কি প্রকারে মিলন হয়? তাহা আমি জানিলে কেমন সুথী হইতাম! হায়২! আমি কি প্রকারে পরিত্রাণ পাইব?

ইমোজিনের উক্ত কথা শুবণে আল্ফিয়স্ হঠাৎ জাগুৎ হইয়া কহিল, প্রভু যীশু খ্রীষ্টেতে বিশ্বাস কর, তাহাতে পরিত্রাণ পাইবা।

ইমোজিন ব্যগুতা পূর্বক জিজ্ঞাসিল, তিনি কে যে আমি ভাঁহাতে বিশ্বাস করি?

বৃদ্ধ কদী উত্তর করিল, তিনি পরমেশ্বরের অদ্বিতীয় পুঞা, এবং স্বয়ং ঈশ্বর। ইহা বলিয়া সে উঠিয়া বসিল, এবং ইমোজিনকৈ আপনার নিকটে ডাকিল।

ইমোজিন কহিল, ওগো বিদেশি, তোমার নিকটে শুনিলাম, যে আমি পাপ করিয়াছি, আর তজ্জন্য ঈশ্বর আমাকে শাস্তি দিবেন; এখন আমি কি উপায় করি? তাহা বল। আমার অমর আত্মা আছে. তাহা আমি বিশ্বাস করি; আরো আমি জানি যে পাপ করাতে আমি ঈশ্বরের স্থানে দায়ী হইয়াছি। যে ঋণি লোকের টাকা পরিশোধ করিবার কোন উপায় নাই, আমি তাহারি মত। যে অপরাধি ব্যক্তি বিচারে দেগুর্হ হইল, আমি দেই। আমি,পাপ করিয়াছি, এখন তাহার শাস্তি ভোগ করিতে হইবে।

আল্কিয়স্ কহিল, হে কন্যে, স্থির হও, তো-.

মার ঋণ পরিশোধ করা গিয়াছে, ও তোমার শাস্তি অন্যেতে ভোগ করিয়াছে।

ইমোজিন বাগুতা পূর্বক কহিল, কি ব্লিলেন, মহাশয়? আমার ঋণ পরিশোধ হইয়াছে? ও আমার শাস্তি ভোগ করা গিয়াছে? ও মহাশয়, এ কি প্রকারে হইল? এমন দয়া কাহার ছিল?

আল্ফিয়স্,উত্তর করিল, ঐ ঈশ্বরের পুত্রের রক্তদারা তোমার ঋণ পরিশোধ হইল, এক তুমি যে শাস্তি পাইতা, তাহা তিনি আপনি সহা করিলেন। হে আমার বংসে, যীশু খ্রীষ্ট কি আশ্চৰ্য্য ৰূপে এই জগৎকে পাপের দণ্ড-হইতে নিস্তার করিলেন, তাহা শুন। আমি পূর্বে বলিলাম, সেই যান্ত খ্রীষ্ট ঈশ্বরের পুঞ্জ, তিনি স্বরু ঈশ্বর, এব° দয়ার সাগর। সকল মনযোরা যে পাপিষ্ঠ স্বভাব প্রযুক্ত ঈশ্বরের আক্রী লঙ্ঘন করাতে নরকে পতিত হইবে, ইহা তিনি জানি-লেন; অতএব তিনি যেন আপন প্রাণ দিয়া পাপি লোকদের জন্যে প্রায়শ্চিত্ত করিতে পা-**রেন, এই** অভিপ্রায়ে স্বর্গহুইতে নামিয়া স্বয়ুণ ধার্মিক ক্ইয়া অধার্মিকদের 'পরিবর্ত্তে প্রাণদণ্ড ভোগ করিলেন।

ইহাতে ইমোজিন জিজ্ঞাসা করিল, তিনি যদি পরমেশ্বর হন, তবে কি প্রকারে মরিলেন ?

আল্কিয়স্ বলিল, ভাল বুঝিয়াছ। পরমে-শ্বর মরিতে পারেন না বটে, এ জন্যে তিনি মনুষ্য इरेलन। यिनि তেজোময় দিবাকরের সৃষ্টিকভা, তিনি এক কুমারীর গর্ভে জন্ম লইয়া শিশুবৎ হইলেন। যাঁহার ঐশ্বর্যেতে আকাশমগুল পূর্ণ ছিল, তিনি দুঃথ ভোগ করিবার অভিপ্রায়ে মন্য্য হইলেন, পরে অনেক ক্রেশ পাইয়া শেষে মনুষ্যদের নিমিত্তে আপন প্রাণ সমর্পণ করিলেন। তিনি আমাদের পাপের প্রায়শ্চিত্ত করিলেন, তাঁহার রক্তেতে আমাদের পাপ সকল ধৌত করা গিয়াছে। যাহারা তাঁহাকে প্রেম ও ভক্তি করে, ও তাঁহার প্রায়শ্চিত্তে দৃঢ্ বিশ্বাস রাখে, তাহাদিগকে কেহ দোষী করিতে পারিবে না!

ইমোজিন কহিল, আহা! কি আশ্চর্য্য দয়া! কি আশ্চর্য্য প্রেম! জগতের লোক না জানি কত আহ্বাদ পূর্বক তাহাদের ত্রাণকর্তাকে গুহুণ করিয়া থাকিবে, তাঁহাকে দেখিয়া কত লোক পূজা করিয়া থাকিবে।

বিদেশী দুঃথিত হইয়া কহিল, হায়২ ! তাহারা এমন করে নাই! তিনি যে জগৎকে সৃষ্ঠি করি-য়াছিলেন, তমধ্যেই আপনি আইলেন, কিন্তু জগতের লোক তাঁহাকে জানিল না। তিনি নিজ অধিকারে আইলেন, কিন্তু প্রজারা তাঁছাকে গ্রাহ্য করিল না। তিনি অপমানিত ও মনুষ্য-দের মধ্যে অর্থন্য হইলেন, এবং দুঃখার্ত্ত লোক-পরিচিত লোক হইলেন, এব° আমাদের হইতে মুথ আচ্ছাদনকারির ন্যায় হইলেন, এবং অব-জ্ঞাত ও আমাদের দারা অমান্য হইলেন। তিনি আমাদের আজ্ঞালত্যনের নিমিত্তে ক্ষত বিশিষ্ট ও আমাদের অধমের নিমিত্তে চূর্ণ হইলেন, এব॰ আমাদের মঙ্গলজনক শাস্তি তাঁহার উপরে বর্ত্তিল, ও তাঁহার ক্ষতদারা আমরা সূস্ত হই। আমরা সকলে মেষগণের ন্যায় ভূমণকারী, ও প্রত্যেক জন স্বপথগামা হইলে পরমেশ্বর আ-মাদের সকলের এই অধর্মের ফল তাঁছার উপরে বৰ্তাইলেন।

ইমোজিন বিদিয়া এই সকল কথা গুনিয়া ভা-বিল," হায়! এ কথা কি সতা হৈইতে পারে? এত বড় প্রেম কি কাহারো মনে স্থান পাইতে পারে? পরে সে জিজ্ঞাসা করিল, ঈশ্বরের পুত্রকে ক্লেশ দিতে কিম্বা মারিতে কাহার সাহস হইল ?

আল্ফিয়স কছিল, তাঁছার হস্তম্ন্ট মনুষ্যেরা এমত করিল; তাঁছারা যাগুর পবিত্রতা যণা করিল, ও তাঁহার প্রেমকে অগ্রাহ্য করিল। ঐ লোকেরা যাগুকে বিচারস্থানে লইয়া গিয়া সে খানে সর্ব প্রকারে অপমানিত করিল; তাঁছার গাত্রে থুথু দিল, ও তাঁহাকে বেত্রাঘাত করিল, ও তাঁছার মস্তকে কণ্টকের মুকুট পরাইল, ও শেষে জুল নামক এক কাপ্তেতে চড়াইয়া তাঁছার হাতে পায়ে প্রেক মারিয়া তাঁহাকে টাছাইয়া রাখিল।

ইমোজিন কহিল, হায়২! এমত নারকি দুরাআদের কাছে তিনি কি জন্যে এত অপমান

ঘীকার করিলেন? জুশহইতে নামিতে কি তাঁহার ক্ষমতা ছিল না? ঘীয় ঐশ্বর্যা প্রকাশ করিয়া একেবারে ঐ হত্যাকারিদিগকে নপ্ত করিলে
ভাল হইত।

আল্ফিয়ন্ উত্তর করিল, ক্ষমতা ছিল বৈ কি?
তিনি জগৎপতি, অতএব তাঁহার একটি শাপদ্বারা তাবৎ জগৎ তৎক্ষণাৎ ভস্মরাশি হইত।
কিন্তু তিনি নষ্ট করিতে আইলেন না, বরং

উদ্ধার করিতে আইলেন। তিনি দুংখ দিতে না আসিয়া বর॰ দুঃখ সহ্য করিতে আইলেন, কারণ তাহা না করিলে মনুধ্যেরা কোন ৰূপে মুক্তি প্রাপ্ত হইত না। যীশু খা্ট্ট জানিলেন, যদ্যপি আমি মনুষাজাতিকে প্রথমে পবিত্র করিয়া সৃষ্ঠি করিয়াছিলাম, তথাপি এথন তাহাদের স্বভাব এমন দুষ্ট হইয়া গিয়াছে, যে তাহারা আপনা আপনি আর আমার আক্তা পালন করিতে পারে না, সকলে দোষী হইয়া দণ্ডের যোগ্য পাত্র হইয়াছে; অতএব আমি যদি তাহাদের বদলে ঐ দণ্ড ভোগ না করি, তবে সুতরা৽ তা-হারা সকলে মরিয়া নরকে নিক্ষিপ্ত হইবে। যদি বল, ঈশ্বর আপন পুঞ্জে দুঃখ না দিয়া কি নিমিত্তে পাপি লোকদিগকে বিনা প্রায়শ্চিত্তে ক্ষমা করিলেন না? তবে এই উত্তর করিতে হয়, যে এমত করিলে পরমেশ্বরের এক প্রধান গুণ নষ্ট হইত। সেই গুণ ন্যায়বিচার, তাহা নষ্ট হইলে কেহ ঈশরকে আর মানিত না। ইহার দৃষ্টাস্ত বলি, শুন। কোন প্রদেশের শাসনকর্তা, চোর ডাকাইতের ক্রন্দন ও বিলাপ শুনিয়া যদি এক ২ জনকে ছাড়িয়া দেন, তবে লোকেরা কি

তাঁহার প্রশংসা করিবে? কোন প্রকারেই করিবে না, বর তাঁহাকে অকর্মণ্য শাসনকর্তা বুঝিয়া अहे चारवम्न क्रित्व, य चामारम्ब श्रारम् अक्र জন সদ্বিবেচক বিচারকর্ত্তা আইলে ভাল হয়, नजूना म्रमामल क्लाभ २ वृक्षि इहेरन। हेराटि সুন্দর ৰূপে বোধ হইতেছে, যে স্বর্গের ও পৃথি-বীর মহান্ বিচারকর্তা অন্যায় পুর্বক কাহারো পাপক্ষমা কথন করিবেন না। তথাচ যীশু খুীষ্ট জগতের তাবদেশীয় লোকদিগকে রক্ষা করিতে চাহিলেন; এই জন্যে তাঁহার যে প্রাণকোটি২ মনুযোর প্রাণহ্ইতেও বহুমূল্য, তাহা তিনি উৎসর্গ করিয়া ঈশ্বরের নিকটে আমাদিগের পাপৰূপ ঋণ সম্পূৰ্ণৰূপে পরিশোধ করিলেন।

ইমোজিন এই সকল শুনিয়া অতিশয় চমৎকৃত হইয়া কহিল, আহা ! এমন আশ্চর্য্য প্রেমের
বিষয় কথনো শুনি নাই ৷ বল গো, তিনি
কি আমার পাপের নিমিত্তে আপন প্রাণ
প্রদান করিলেন ?

আলকিয়্রন্বলিল, হাঁ বৎসে, তোমার নিমিত্তে
বটে, এবং সকল লোকের নিমিত্তে; কেননা যান্ত
আপন শত্রুদের নিমিত্তে মরিলেন। হায়!

তাঁহার প্রেমের তুলনা দিব কিলে, খুঁজিলে এমন মিলিবে না কোন দেশে।

তাঁহার প্রায়শ্চিত গুণে যদি বিশ্বাস করিয়া এই ৰূপ প্রার্থনা কর, "হে ঈশ্বর, আমি দীক হান পাপী, কেবল যাগুতে আমার ভরসা আছে, তিনি আমার ধার পরিশোধ করিয়াছেন, অতএব এখন তাঁহার গুণের নিমিত্তে আমার পাপ মার্জনা কর," তবে ঈশ্বর তোমার পাপ সকল ক্ষমা করত তোমাকে পুণ্যবান জ্ঞান করিয়া গুাহা করিবেন।

ইমোজিন অশ্রুপাত করত ব্যগুতা পূর্বক জিজ্ঞাদিল, ও মহাশয়, এমত দয়ালু ত্রাণকর্ত্তা-কে কি প্রকারে ভক্তি ও দেবা করিব?

আল্ফিয়দ কহিল, হে আমার বংসে, তাহা আতি দহজ। যীশু খুষ্টি আপনি বলিয়াছেন, যদি আমাকে প্রেম কর, তবে আমার আজ্ঞা পালন কর। আমি বেমন তোমাদিগকে প্রেম করিয়াছি, তোমরাও পরস্পার তাদ্শ প্রেম কর, এই আমার আজ্ঞা। মিত্রদের নিমিত্তে আপন প্রাণ দান পর্যান্ত যে প্রেম, তদপেক্ষা আর বড় প্রেম কাহারো নাই। যে২ আজ্ঞা আমি দি- তেছি, তাহাই যদি পালন কর, তবে তোমরাই আমার মিত্রগণ।

দপ্তম অধ্যায়।

অপর ইমোজিন কিয়ৎকাল পর্যান্ত চিন্তা করত নিস্তক্ষ হইয়া রহিল, বিদেশীও কিছু কহিল না, কেননা ঐ বালা শয়তানের হস্তহইতে রক্ষা পাইয়া যান্ত খুটিঙর প্রতি বিশ্বাস করিল, ইহাতে সে অতিশয় আনন্দিত হইল; এবং কেবল আল্কিয়স্ যে আনন্দ করিল এমত নয়, স্বর্গেতে ইশ্বরের দূতগণও উল্লাস ধনি করিল, কেননা লিখিত আছে, এক জন পাপী মন ফিরাইলে ইশ্বরের দূতগণের মধ্যে আনন্দ হয়।

ত্রানের উপায় দেখিয়া ইমোজিনও অতিশয় হাই হইল, তথাপি তাহার মনে একটা দুঃখের চিন্তা উঠিল; কেননা পরদিবস পূর্ণিমা, আর সে সুন্দর রূপে জানিল, যে ঐ দিবসে তাহার প্রিয়তম শিক্ষককে হত করিবার কথা ছিল। অতএব সে আল্ফিয়সকে সম্বোধন করিয়া ক্রন্দন করত জিজ্ঞাসিল, কল্য কোন্ দিবস, তাহা কি তোমার স্মরণ হয়? আল্ফিয়স্ উত্তর করিল, হাঁ মা, স্বরণ হয়।
যে প্রভুর বিষয়ে এত কথা কহিলাম, বোধ
হয় কলা তাঁহাকে স্বচক্ষে দেখিব। তাহাই
হউক; আমি মরিতে ভয় করি না; তাঁহার অনুরোধে আমার সকল পাপ মার্জ্জনা
হইয়াছে।

ইমোজিন বলিল, হায়! আমাকে ছাড়িয়া যাইবা? আমার চক্ষু কিঞিৎ ধর্মৰূপ আলো দৃষ্টি
করিয়াছে, পুনর্বার কি অন্ধকারে মগ্ন হইবে?
তুমি গেলে কে আমাকে ত্রাণকর্তার দয়ার বিষয়
শিক্ষা দিবে? এবং পরীক্ষাতে যথন পড়িব,
তথন উপদেশ ও সাজ্বা প্রাপ্ত হইবার জন্যে
কাহার নিকটে যাইব?

ইহাতে বৃদ্ধ বন্দী উত্তর করিল, ভয় নাই,
আমার বংদে; তোমার স্বর্গস্থ পিতা তোমার
নিকটে থাকিয়া নকল আপদ বিপদহইতে তোমাকে রক্ষা করিবেন, তাঁহার স্থানে প্রার্থনা
করিলে তিনি শুনিতে পাইবেন।

ইমোজিন কছিল, কেমন করিয়া প্রার্থনা করি-তে হয়? তাহা তো আমি জানি না। তিনি ফর্গীয় মহারাজ, আমি পৃথিবাস্থ কটিস্বরূপ, কি প্রকারে ভাঁহার নিকটে আমার নিবেদম জ্ঞাত করিব? ভাহা করিতে ভয় লাগিবে।

আল্ফিয়স পুনর্বার বলিল, ভন, যখন যীশু श्रीष्ठे मनुयाक्त भारत करियाहितन, उथन मीन হীন পাপিষ্ঠ লোকেরা তাঁহার নিকটে আবে-দন করিলে তিনি সর্বদা সেই আবেদন গ্রাহ্য করিতেন। তাহাদের প্রার্থনা ধর্মধ্যুস্তকে লিখিত আছে; এব সেই প্রকার প্রার্থনা আমরা যদি করি, তবে তিনি অবশা তাহাও শুবণ করিবেন। এক জন কুষ্ঠী যীশুর চরণে পড়িয়া প্রণাম করত কহিল, হে প্রভো, যদি আপনকার ইচ্ছা হয়, তবে আমাকে পরিষ্ত করিতে পারেন। যীশু তৎক্ষণাৎ বলিলেন, আমার ইচ্ছা আছে, তুমি পরিফ্ত হও, তাহাতে তদণ্ডেই সে কুস্তহইতে মৃক্ত হইল। আর এক জন দুর্বলমনা ব্যক্তি কছিল, হে প্রভো, বিশ্বান করি, আমার অবি-খানের প্রতীকার করুন। তাছাতে যীশু তাছাকে ক্ষমা করিলেন। এবং এক জন পাপিষ্ঠ কর্মঞ্চয়-কারী আপনাকে দোষী জানিয়া স্বগের প্রতি দৃষ্টি করিতে সাহস না পাইয়া বক্ষঃস্থলে করা-ষাত করত, হে ঈশ্বর, পাপিষ্ঠ যে আমি, আ-. মাকে দয়া কক্তন, এমত প্রাথনা করিলে তাহার দেই প্রার্থনাও গ্রাহ্য হইয়াছিল। তবে ঈশ্বর কি তোমার প্রার্থনা শুনিবেন না?

তথাচ ইমোজিন নিশ্বাস ত্যাগ করত কছিল,
তুমি বলিলে বলিতে পার, কিন্ত লতা যে বৃক্ষের
উপরে আরোহণ করে. সে বৃক্ষ নপ্ত হইলে লতা
কোথায় থাকে? দুগ্ধ পোষ্য শিশুকে প্রান্তরমধ্যে ত্যাগ করিলে সে কি বাঁচিতে পারে?

আল্ফিয়স্ পুনর্বার কৃছিল, মা, এমন ভাবনা করিও না। পরমেশ্বর যাহা ধারণ করেন, তাহা কথন পতিত হইবে না। দেখ, মেযধনুতে পৃথিবার ঠেস নাই, তথাচ সে স্থির হইয়া আছে, এবং যে বনগোলাপ বৃক্ষকে ইশ্বর অরণামধ্যে রোপিত করিয়াছেন, তাহা সার বিনা ও জল বিনা বাড়িতেছে। তুমি ইশ্বরের সাক্ষাতে প্রার্থনা করিতে ভয় করিও না, কেননা যাগু খুটি আপনি আমাদিগকে একটি প্রার্থনা শিক্ষা করাইয়া গিয়াছেন।

তাহাতে ইমোজিন বাগুতা পূৰ্বক কহিল, আহা! দেই প্ৰাৰ্থনা আমাকে শিথাও।

তথন ঐ বৃদ্ধ খ্রীস্তীয়ান মাটিতে হাঁটু পাভিছ

ইমোজিনকে সেই ৰূপ করিতে বলিল, পরে তাহাকে এই প্রার্থনা শিথাইল।

"হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পূজা হউক। তোমার রাজত্ব হউক। আর তো-মার ইচ্ছা স্বর্গেতে যেমন, তেমনি পৃথিবীতেও দকল হউক। আমাদের প্রয়োজনীয় আহার অদ্য দেও। আর আমরা যেমন আপ্রন অপরাধি-দিগকে ক্ষমা করি, তক্তপ তুমিও আমাদের অপরাধ ক্ষমা কর। এরু আমাদিগকে পরীক্ষাতে আনিও না, কিন্তু মন্দহইতে রক্ষা কর। রাজত্ব ও গৌরব ও পরাক্রম এই সকলি সদাকালে তো-মার। আমেন।"

এই প্রার্থনা বার ২ বলাতে ইমোজিন মুখন্ত করিয়া রাখিল। পরে আল্কিয়দ কহিল, আমি কেবল একটি বিষয়ে ভাবিত আছি; যে সকল ধর্মগুন্ত আমার নিকটে আছে, তাহা তোমার কাছে রাখিয়া যাইব বটে, কিন্তু হায়, তুমি তাহা পড়িতে পারিবে না, এ দুঃখের কারণ। যাহা হউক, বংসে, তুমি সেই গুন্তু যতু করিয়া রাখিবা। সে অভিশয় মূল্যবান, আর কি জানি, উক্ত ইশ্রীয় গুন্তু বুঝে এমত কোন ব্যক্তি পশ্চাৎ এথানে আসিয়া তোমাকে তাহা বুঝা-ইয়া দিবে। ঐ গুন্তের প্রত্যেক বাক্য মনের জীবনদায়ক ঔষধন্বৰূপ, কেননা সেই সম্প্র বাক্য পবিত্র আত্মাদারা লেখান গিয়াছে।

ইমোজিন জিজ্ঞাসিল, যাহাকে পবিত্র আত্মা বল, তিনি কি ঈশ্বর?

আলফিয়ন কহিল, হাঁ, পিতা ও পুত্র ও পবিত্র আত্মা, ইহাঁরা তিনে এক হইয়া এক ঈশ্বর আছেন। এই কথা তোমার ও আমার বোধ-গম্য নয় বটে, তথাচ শাব্রেতে লিখিত আছে, এই জন্যে ন্মু ভাবে তাহা গুাহ্য করা আমা-দের কর্ত্রা। যাহা এখন জানি না, তাহা স্বর্গে পৌছিলে জানিব। সেই পবিত্র আত্মার विषय विन, छन। यीछ श्रीटहेत मत्र कान সন্নিকট হইলে তিনি আপন শিষ্যদিগকে ডা-কিয়া কহিলেন, আমি তোমাদিগকৈ অনাথ করিয়া যাইব না; ইহার পর পিতা এক সহা-য়কে অর্থাৎ পবিত্র আত্মাকে আমার নামে প্রেরণ করিবেন, তিনি তাবৎ বিষয়ের শিক্ষা দিয়া আমার উক্ত সমস্ত কথা তোমাদিগকে স্মরণ क्तारितन। अशत धरे अन्नोकात मकंन रहेन, অর্থাৎ যাগুর মৃত্যুর অণ্পা দিন পরে স্বর্গহুইন্তে পবিত্র আত্মা নামিলেন, এবং তদবধি ঈশ্বরের সত্য সেবকদের সহিত বাস করিতেছেন।

ইনোজিনের ঠাকুরপূজা করিবার অভ্যাস ছিল, এই হেতু সে জিজ্ঞাসিল, পবিত্র আত্মা কোথায়? তাঁহাকে কি দেখা যায়?

আল্কিয়স্ উত্তর করিল, না, সাারীরিক চক্ষে দেখা যায় না, কেননা আমাদের অন্তঃকরণ তাঁ-হার বাসস্থান। যেমন সূর্য্যের কিরণ পৃথিবীকে উর্বরা করে, ও তদারা ফল পাকে ও পুষ্পা প্রক্ষটিত হয়, তেমনি মনুষ্যদিগের মনে পবিত্র আত্মাদ্বারা ধর্মকাপ ফল উ২পন্ন হয়। পবিত্র আত্মার যে ফল দে এই ২। ঈশ্বরের ও মনু-ষ্যের প্রতি প্রেম; আর যে আনন্দ জগতের लाक फिट्ड शादत ना, इतन कतिराड शादत ना, দেই আনন্দ; আর দুঃথের ও ক্লেশের মধ্যে শা-ন্তি, আর পাপিদের প্রতি সহিষ্ট্তা, ও শতুদের প্রতি দয়া, ও সকলের প্রতি সদ্যবহার, ও ঈশ্ব-রের প্রতি দৃঢ় বিশ্বাস, এবং মৃদুতা, ও ইন্দুিয় ममन, अ रेथ्या, " अरे नकन। अ পরিত্র আত্মা चामार्एत चन्छः क्त्रभरक छि उ निर्माण करत्न, তিনি আমাদিগকে খুীষ্টীয় স্বভাব প্রদান করেন, এবং প্রথমাবধি শেষ পর্যান্ত যে সকল ধর্মচিন্তা আমাদের মনোমধ্যে উঠে, সে সকলই পবিত্র আত্মাদ্বারা হয়।

ইমোজিন ক্রন্দন করত কহিল, হায়! যদি পরমেশ্বর আমাকে আপন পবিত্র আত্মা প্র-দান করেন! - তাহা হইলে আমার কত বড় নৌভাগ্য হয়।

আল্ফিয়স্ উত্তর করিল, বিশ্বাস পূর্বক যদি তাঁহার নিমিত্তে প্রার্থনা কর, তবে অবশ্য পাইবা, কারণ যীশু খুষ্টি এই ৰূপ বলিয়া গিয়া-ছেন, "যাচ্ঞা কর, তাহাতে তোমাদিগকে দত্ত ছইবে, অনুেষণ কর, তাহাতে উদেশ পাইবা, দ্বারে আযাত কর, তাহাতে তোমাদের জন্যে দ্বার মুক্ত হইবে; কেননা যে যাচ্ঞা করে, म পाञ्च, এব॰ य অনেম্বন করে, সে উদ্দেশ পায়; আর যে দারে আঘাত করে, তাহার জন্যে দার মুক্ত হয়। তোমরা মন্দ হইয়াও যদি আপন্থ বালকদিগকে উত্তম দুব্য দিতে জান, ভবে তোমাদের স্বর্গন্থ পিতা আপন याहकिमिश्रक कि পবিত্র আত্মা দিবেন ना?"

যাঁহার বাক্য কথনো নিষ্কল হয় নাই, তাঁহার এই অল্পাকার অবশ্য সকল হইবে; অতএব লোকেরা নিঃসন্দিথা হইয়া যাচ্ঞা করুক। আর আমাদিগকে এই আজ্ঞাও দত্ত হইয়াছে, তোমরা যে কিছু কর, বিশেষতঃ যে২ প্রার্থনা কর, সকলি প্রভু যান্ত থ্রীপ্তের নামে কর, এবং তাঁ-হার নাম লইয়া সর্বদা সকল বিষুয়ের নিমিত্তে ইশ্বরের কাছে কৃতজ্ঞতা স্বাকার কর।

অনন্তর আল্ফিয়স্ ধর্মের বিষয়ে ইমো-জিনকে আরো অনেক শিক্ষা দিল, এব॰ ঐ মেয়েটা পবিত্ৰ আত্মাদারা সুশিক্ষিতা হইয়া ব্যগ্তা পূৰ্বক তাহার সকল উপদেশ গৃহণ कतिन। এই প্রকারে শরৎকালের ঐ দীর্ঘ রাজি ত্বরায় শেষ হইল, এবং ঐ বিষয়ে নিবিষ্টচিত্ত থাকাতে এক হ' ঘণ্টা কি প্রকারে বহিয়া গেল, তাহা তাহারা অবধান করিল না। আদমের পাপ ও তদ্বারা তাঁহার সকল ব শ পাপী হওয়া, ও যিনি কুমারীতে জন্ম লইলেন, তাঁহার দারা -তাহাদিপের উদ্ধার, এই সকল ভারি বিষয় তাহারা আন্দোলন করিল। আরে। পবিত্র আত্মা লোকদিগকে কি প্রকার বর প্রদান করেন, তাহা আল্ফিয়স্ ইমোজিনকে বিস্তা-রিত ৰূপে বুঝাইয়া দিল। এবং যে দিবসে প্রেভু যান্ত খুঙি পুনরায় আগমন করিয়া লোক-দিগকে আপনং দোষাদোষের কল দিবেন, সেই বিচারদিবসের কথাও তাহাকে জানাইল। এই সকল চিস্তাতে রাত্রি পোহাইলে তাহাদের অজ্ঞা-তসারে অক্তােদয় দৃশ্য হইল।

দেই অৰুণোদয় দেখিতে কি সুন্দর ছিল! পূর্বদিক্ আরক্তিমা বর্ণ হইয়া দিক্ সকলকে কিরণদারা স্বর্ণমণ্ডিত করিয়া শোভিত করিল। যাহা পূর্বে অন্ধকারদারা আচ্ছাদিত ছিল, তাহা তথন প্রভাতের আলোতে দৃশ্য হইল; তাহাতে আল্ফিয়স্ কহিল, দেখ, ইমোজিন, यमन मृर्य्यात कित्रनिष्ठाता व्यक्तकात नष्टे इहेन, তেমনি ঈশ্বরের পবিত্র আত্মাদারা মূর্শতাৰূপ অক্ষকার নষ্ট হয়; এবং যে সকল বাধা পূর্বে অদৃশ্য ছিল, তাহা তদ্বারা প্রকাশিত হয়; তাহাতে শয়তান আমাদিগকে পাপ করাইতে যে সকল কাঁদ পাতিয়াছে, তাহা আমরা দে-থিয়া এড়াইতে পারি। পৃথিবীও পূর্বাপেকা সুশোভিতা বোধ হয়, কারণ আমাদের বর্গস্থ

পিতা তাহা সৃষ্টি করিয়াছেন, ইহা মনে পড়ে। আকাশমগুল আরো সুন্দর বোধ হয়, কারণ পবিত্র আত্মা আমাদের নিকটে এই অস্থীকার করেন, যদি তোমরা খ্রীষ্টেতে বিশ্বাস কর, ভবে ঐ আকাশমগুলের উপরে তোমাদের জন্যে স্থান প্রস্তুত করা গিয়াছে, এবং খ্রীষ্ট পুনর্বার আসিয়া তোমাদিগকে আপনার,নিকটে লইয়া যাইবেন। এখন যাও, বৎসে, থাকিলে পাছে তোমার দুর্গতি ঘটে। যাও, কিন্তু পরমেশ্বরকে ত্যাগ করিও না, নিরস্তর তাঁহার নিকটে এই প্রার্থনা কর, ছে স্বর্গস্থ পিতঃ, আমাকে পবিত্র-তার ও সত্যতার পথে চালাইতে আপন আত্মা প্রদান কৰুন।

তাহাতে ইমোজিন জিজ্ঞানিল, মহাশয়, সাং-সারিক মঙ্গল প্রার্থনা করিতে কি ঈশ্বর অনুমতি দেন নাই?

আল্ফিয়ন উত্তর করিল, হাঁ, এমত প্রার্থনাও করিতে পারি বটে, কিন্ত এই বলিয়া করিতে •হয়, হে পিতঃ, আমার ইচ্ছামত নয়, তোমার ইচ্ছামত হউক।

তথন ইমোজিন বাগুতা পূর্বক কহিল, ঈশ্বরু

যেন তোমাকে রক্ষা করেন, এই প্রার্থনা আমি তাঁহার নিকটে করিব। এথনি পলায়ন কর না কেন? আমি তোমার সকল বন্ধন কাটিতে পারি, তাহা করিলে তুমি এই ভয়ানক আপদহইতে মুক্ত হইবা।

এই কথা শুনিয়া আল্ফিয়স্ ঈষৎ হাসিয়া কহিল, আঃ, মৃা, আমার পলায়ন করিবার উপায় নাই। তোমাদের ফ্রেইদ যাজক আমাকে তো কেবল দড়ি দিয়া বন্ধন করেন নাই, অতিশয় আযাতও করিয়াছেন। অনন্তর সে ইমোজিনকে আপন পা দেখাইল, সেই পা ফুলা ও রক্তাক্ত ছিল। আরো তাহাকে বলিল, যদ্যপি আশু-য়ের স্থান নিকটে থাকিত, তথাপি পলায়ন করিতে প্রায় পারিতাম না, কিন্তু আশুয়স্থান তো নিকটে নাই। যে জাহাজে আমি এই দ্বীপে আইলাম, সে আমাকে রাখিয়া তৎ-ক্ষণাৎ চলিয়া গেল; অতএব পলায়ন করিলেও কেবল শত্রুহস্তে পতিত হইব। তুমি আমার প্রতি দয়া করিতে চাহ বটে, কিন্তু তাহা বিকল ছুর্বে, কেবল আপনি আপদে পড়িবে। ্যে ব্যক্তি আমাকে মুক্ত করিবে, তাহাকৈ আ-

মার পরিবর্ত্তে দেবতার উদ্দেশে বলিদান করা যাইবে, ইহা কি তুমি জান না?

ইমোজিন কহিল, হাঁ, তাহা জানি, কিন্তু আমি তো এথানে থাকিব না, তোমার সহিত পলায়ন করিব; তবে ধরিতে পারিলে ধরুক, ক্ষতি
নাই ৷ যাণ্ড খুল্টি যদি আমার নিমিত্তে প্রাণ দিয়াছেন, তবে তাঁহার সেবকদের নিমিত্তে প্রাণ
দেওয়া আমার কর্ত্ব্য কি না?

বন্দী কহিল, হায়, আমার কন্যে, তোমার দয়া ও সাহসানুসারে ঈশ্বর তোমাকে পুরস্কার দিউন; কিন্ত যেমন পূর্বে বলিলাম, পলায়ন করিলেও কোন ফল দর্শিবে না, হয় তো পুন-ৰ্বার ধৃত হইব, নয় তো কোন পৰ্বতীয় গুহাতে অনাহারে প্রাণত্যাগ করিব, অতএব তোমার জীবন বৃথা নষ্ট হইবে। না, ইমোজিন; আমার আয়ু ফুরাইল, আর যৎকিঞ্চিৎ দুঃখ সহ্য করিলেই স্বর্গ প্রাপ্ত হইব। কিন্তু তোমার আয়ু কেবল আরম্ভ হইয়াছে, তুমি অনেক দিন বাঁ-- চিয়া পরমেশ্বরের সেবা করিতে পারিবে, পশ্চাৎ ঐ স্বর্গেতে আমার সহিত পুনর্বার সাক্ষাৎ হইবে। हरमोजिन कम्पन कत्रठ थात किছू कहिरङ পারিল না, অতএব সে ধীরে২ যরে কিরিয়া গেল, কেবল এক বার বন্দির প্রতি কিরিয়া চাহিল, তাহাতে দেখিল, যে সেও ক্রন্দন করিতেছে।

পরে আল্ফিন্ মনের যন্ত্রণা প্রযুক্ত উচ্চৈঃ-ম্বরে এই রূপ প্রার্থনা করিতে লাগিল, হায় পরমেশ্বর! কেবল সেই মেয়েটার পার্মার্থিক মঙ্গলার্থে আমাকে আর কিছ দিন বাঁচিতে দেও। সে তোমার ধর্মকপ মন্দিরের চুড়ামাত্র দেখিতে পাইয়াছে, তাহার বনিয়াদ কেমন লম্বা ও চৌড়া, তাহা কিছ্ই দেখে নাই। সে ছোট শিশুর ন্যায় ন্মু ভাবে তোমার ধর্ম গুহুণ করিয়াছে, কিন্তু তাহার প্রমাণ সকলের বিষয় এথনো অক্তাত আছে। সেই ধর্ম যে সত্য, তাহার সহসু সাক্ষ্য পাওয়া যায়, সে সকল তাহাকে জানাইতে অবকাশ পাইলাম না। তোমার বাইবল শাস্ত্র সে পড়িতেও পারে मा; তবে कि প্রকারে ধর্মেতে স্থির থাকিবে? কিন্তু হে প্রভো, আমার ইচ্ছামত নয়, তো-মার ইচ্ছামত হউক। আমার যাহা ঘটে ঘটুক, কেবল এই প্রার্থনা শুন, এই ই॰লিগু দেশের মধ্যে যেন ধর্মকপ মূর্য্য শীঘু প্রকাশ পায়; লো-

কেরা যেন অরায় আপন মিথ্যা দেব দেবীকে ইন্দুর ও চাম্চিকার কাছে নিক্ষেপ করিয়া আত্মা দিয়া স্ত্যক্রপে তোমার ভজনা করে। আমি যেখানে কাঁদিতে২ বীজ বপন করি, দেখানে অন্যেরা যেন হাসিতে২ শস্য ছেদন করিতে পায়। এই দ্বীপস্থ লোকদিগকে আশীর্বাদ কর, যেন তাহারা খুীগ্রীয়ান হইয়া জ্বান্যান্য দেশে তোমার এই মঙ্গল সমাচার প্রেরণ করে, ও তাহাদের দ্বারা অনেকে যেন সুশিক্ষিত হয়।

অষ্ট্রম অধ্যায়।

অরুণোদয় হইলে পরে ইমোজিন বিশাম
করিতে গিয়াছিল, অতএব সে যখন জাগিয়া
উঠিল, তখন প্রায় মধ্যায় সময় ছিল। উঠিবামাত্র অনেক প্রকার ভয়ানক শব্দ তাহার
কর্ণগোচর হইল। কেহ্ ২ চাৎকার করিতেছিল,
কেহ বা ক্রন্দন করিতেছিল। এই সকল গুনিয়া
কি দুর্ঘটনা হইয়াছে, তাহা জানিবার নিমিত্তে
সে শাঘু বাহিরে গেল। যে যুব কবি অভিনিরের
সাক্ষাতে যুদ্দের গান গাইয়াছিল, প্রথমে সেই

কবির সহিত সাক্ষাৎ হওয়াতে ইমোজিন তা-হার রক্তাক্ত বস্ত্র ও ম্লান বদন দেখিয়া জিজ্ঞা-সিল, কি হইল, মহাশয়?

সে উত্তর করিল, ও সাদকের কন্যে, আর কি জিজ্ঞাসা কর? আমাদিগকে ধিক্ং! অদ্য সূর্য্যোদয়ের সময়ে সমুদুের উপরে অনেক শুকু পাইল দৃশ্য হইল, পরে সে সকল নিকটে আ-ইলে দেখা গেল, যে রোম দেশহইতে যুদ্ধের জাহাজ আসিতেছে, আর কিঞ্ছিৎ পরে আমা-দের অঞ্চল রোম দেশীয় বড়শাধারি যোদ্ধাতে পূর্ণ হইল।

ইমোজিন কহিল, বল কি, মহাশয়? আমার ভাই আপন সেনার সহিত ঐ স্থানে থাকিয়া শত্তুদিগকে কি ডাঙ্গায় উঠিতে দিলেন? এ অস-স্তব কথা।

তাহাতে কবি উত্তর করিলেন, হায়! আমাদের রাজা যথাসাধ্য যুদ্ধ করিলেন বটে, কিন্তু
তাহার হস্তে স্থিত বড়শা ভগ্প হইল, এবং শত্রুর
থড়প তাহার বক্ষঃস্থলে প্রবেশ করিযাছে,
বোধ হয়, তিনি আর বাঁচিবেন না। ও সাদকের কন্যে, অদ্য যাহা এই চক্ষুর গোচর হই-

য়াছে, তুমি যদি তাহা দেখিতে, তবে তোমার গাত্র শিহ্রিয়া উঠিত। সমুদুের ঢেউ মানুষের রক্তেতে, রাহ্মা হইয়া গিয়াছে, ও তীরে মড়া পুঞ্জীকৃত হইয়া রহিয়াছে।

এই কথা শুনিয়া ইমোজিন হা! হতাসি।
করত রোদন করিয়া কহিল, হায়২! কি সর্বনাশ
উপস্থিত। পরে সে তৎক্ষণাৎ ক্ষতবিক্ষত ভ্রাতাকে অনুষণ করিতে গেল।

বর্ত্তিমর কিঞ্চিদ্রে কোন বৃক্ষতলায় কোমল যাদোপরি পতিত ছিলেন। তিনি এক জন যোদ্ধার
উক্তর উপরে মন্তক রাথিয়াছিলেন, আর তাঁহার
মান বদনে অসীম যন্ত্রণার লক্ষণ দৃশ্য হইতেছিল, ও মন্তকের কেশ রক্তদারা জমাট হইয়াছিল, ও তাঁহার হস্তে তথনও একটা বাণ ছিল।

ফ্রইদ যাজক সেথানে দাঁড়াইয়া দেখিতেছিলেন। তিনি কিছুমাত্র দয়া প্রকাশ না করিয়া
কহিলেন, উহাঁর বক্ষঃস্থলহইতে ঐ খড়গ বাহির
না করিলে উনি বাঁচিবেন না। ঐ ফ্রইদ অনেক
বিদ্যাতে পারদর্শী ছিলেন। তিনি এমত লক্ষ্য
করিয়া তীর কেপণ করিতেন, যে কেন্থ তাঁহার
হস্তহইতে উদ্ধার পাইতে পারিত না। তিনি

সুষ্বরে বীণা বাজাইতেন, এবং চিকিৎসা বি-দ্যাতেও অতিশয় নিপুণ ছিলেন, এই ছেতৃ রাজার বক্ষঃস্থলে দেই খড়গ দেখিয়া তাহা টানিয়া বাহির করিতে লাগিলেন, কিন্তু সে শক্ত ৰূপে বিদ্ধ হওয়াতে কৃতকাৰ্য্য হইলেন না, কেবল বর্ত্তিমরকে অতিশয় যন্ত্রণা দিলেন; তথা-পি ইহাতে কিছুমাত্ৰ ভাবিত না হইয়া একথাৰ তীক্ষু অন্ত্ৰ লইয়া বলিলেন, তোমার ঐ ক্ষত স্থান আরো কিঞ্চিৎ বিস্তৃত না করিলে খড়গ বাহির করিতে পারা যায় না। এই বাক্য শুবণ মাত্র বর্ত্তিমর তাঁহাকে ধাকুা দিয়া কহিলেন, যদি আপন প্রাণ প্রিয় জ্ঞান কর, তবে আ-মাকে স্পর্শ করিও না, কেননা ইহা বাহির করিবামাত্র আমার প্রাণবিয়োগ হইবে। রক্ত বন্ধ না থাকিলে আমার বাঁচিবার যে যৎকিঞ্চিৎ সময় আছে, তাহা একেবারে শেষ হইবে।

ফুইদ অমনোযোগী হইয়া উত্তর করিলেন, তোমার পীড়া নিবারণার্থে যাহা অবশ্যক, তাহা সহ্য না করিলে তোমার বাঁচিবার কিছুমাত্র ভরদা লাই। তুমি যুদ্ধের সময়ে পড়গধারি শতুদিগকে আহ্বান করিতে পার, এখন বন্ধুর স্পর্শ কি এমত ভয়ানক বোধ হয়? আমি পর্বত-হইতে লাক দিয়া পড়িব, এমত বড়াই যে করে, তাহার পায়ে কণ্টকমাত্র বিশ্বিলে কি মাথা হেঁট করা উচিত?

এই কথাতে ফুইদের প্রতি যে ৰূপ সন্মান করা বর্ত্তিমরের কর্ত্তব্য ছিল, তাহা তিনি বিস্মৃত হইয়া অতিশয় রাগ পূর্বক কহিলেন, তুই আ-মাকে এই ফাঁদে ফেলিয়া এখন তিরস্কার করিতে আসিয়াছিদ? পর্বতহইতে লাফ দিতে কে গি-য়াছিল? তোরই কথা তো শুনিয়া আমি মনে ভাবিলাম, যে আমি রোম দেশীয় সেনাগণকে জয় করিতে পারিব। আপনি আপন শতুদি-গকে নষ্ট করিবেন, ও তাহাদের গলদেশে পা **मिर्टिन, ও তাহাদিগকে वन्हों कित्रितन, उूर्डे अहें** প্রকার কত মিথ্যা দৈববাণী কহিয়া আমাকে युष्क পाठाइनि, এथन आमारक एाय पिष्टिम ? ওরে দুষ্ট, তুই নামে ধার্ম্মিক পুরোহিত, বাস্ত-বিক প্রবঞ্জ। যদি এই সংসারের বিষয়ে আমা-কে এমত মন্দ পরামর্শ দিলি, তবে বোধ হয় नव्यक्तिमानामि कविदन शतकारन युक्ति शाहेत, এই কথাও কেবল ফাঁকী। যা, ভোর মুখ আর

দেখিতে ইচ্ছা করি না, পরলোকে আমার আত্মা দুঃথ কি সুথ পাইবে, তাহা তুই তো বলিতে পারিস না।

এমন সময়ে ইমোজিন সমস্ত ভয় ত্যাগ করত ব্যগুতা পূর্বক কহিল, ও ভ্রাতঃ, আল্ফিয়স্ বন্দিকে ডাকুন, সে আপনাকে কথনো প্রবঞ্চনা করিবে না, বর॰ সত্য ধর্ম কি, তাহা বুঝাইয়া দিবে।

এই কথাতে ফেইদ অতিশয় চমৎকৃত হইয়া ক্রোধ সম্বরণ করিতে না পারিয়া ইমোজিনের মুখে শক্ত রূপে চড় মারিলেন।

নিজ ভগিনীর প্রতি এমত অপমান দেখিয়া বর্ত্তিমর ক্রোধান্ধ হইয়া দ্রুইদকে কহিলেন, আর এক বার উহাকে ছোঁ দেখি, তাহা হইলে তোর শরীরের সমস্ত অস্থি চূর্ণ করিব। ইমোজিন যাহা বলিল, তাহাই হউক, বন্দিকে ডাকাও, তা-হার ও আমার উভয়ের মৃত্যু সন্নিকট। সে কি ভরসাতে এমন স্থির হইয়া আছে, তাহা তাহার প্রমুখাৎ এক বার শুবণ করিতে ইচ্ছা করি।

আল্ফিয়ন্ বন্ধন ও আঘাতদারা অত্যন্ত দুংখ পাইতেছিল, তথাপি নিৰুদ্ধেগে রাজার নিকটে আসিয়া দাঁড়াইল। যে কালে অতিশয় সাহসি ব্যক্তিরাও ভীত হয়, সেই কাল বর্ত্তিনরের উপস্থিত হইল। অসীম যন্ত্রণাদ্বারা তাঁহার অ্হঙ্কার দমন হইতেছিল, তাহাতে মন
চঞ্চল হওয়াতে তিনি যুথভুষ্ট হরিণের ন্যায়
ইতস্ততো দৃষ্টিপাত করিতে লাগিলেন। পরে
বন্দিকে কহিলেন, আমি যে স্থানে পড়িয়া আছি,
সেই স্থানহইতে আর উঠিতে পার্বির না। আন
মাকে মরিতে হইবে, তাহা জানি। অতএব হে
বিদেশি, মরিলে পরে আমার আত্মা কোথায়
যাইবে, তাহা যদি বলিতে পার, তবে বল।

আল্ফিয়স্ উত্তর করিল, যিনি আপনাকে বাঁচাইতে প্রস্তুত আছেন, তাঁহারই নিকটে যাইবে। তাঁহার নাম প্রেম, এবং তিনি এই প্রতিজ্ঞা করিয়াছেন, যদি দৃঢ় বিশ্বাস কর, তবে তোমার পাপা রক্তবর্ণ হইলেও হিমের ন্যায় শুকুবর্ণ হইবে, ও সিন্দূর বর্ণের ন্যায় রাঙ্গা হই-লেও মেয়লোমের ন্যায় শুকুবর্ণ হইবে।

বর্ত্তিমর অতিশয় বেদনা প্রযুক্ত প্রায় কথা
কহিতে পারিলেন না, তথাচ মৃদু স্বরে জিজ্ঞাসিলেন, বিশ্বাস আবার কি? এবং কাছার প্রতি
বিশ্বাস করিব?

वर्मी উত্তর করিল, योख शुरिक्टें अधि। योख शुक्ति खरा केखन, किख आमाहिशक तका कितिया करना जिनि मन्या हहेसाहिएलन। ह्या कि यमन आभाराज जनमा ना नाथिसा भिण्णात जेशन मकन जात एस, जिमने यहि आमाहिएलन विश्व शिर्धित जेशन जात हिसा जीहारक विल, "आमन हिमलो का आमाहित माथा नाहे, जूमि हिमलो ना कितिल आमाहित भाग विनष्ठ हस," जित जिन अवना हसा कितितन।

আল্কিয়স আরো কহিতে চাহিল, কিন্তু ঠিক সেই সময়ে এক চীৎকার ধনি সকলের কর্ণ-কুহরে প্রবেশ করিল, আর তৎক্ষণাৎ তিন জন অসভ্য ই'রাজ এক রোমদেশীয় সেনাকে ধরিয়া সেই স্থানে উপস্থিত করিল।

দ্রুষ্ট তাহাকে দেখিয়া কহিলেন, বেস ২, আমাদের দেবতার নিমিত্তে আর এক নরবলি পৌছিল। বর্ত্তিমর ঐ নূতন বন্দিকে দেখিবামাত্র হর্ষ
প্রকাশ করত কহিলেন, রে বেটা, তোরই খড়গ
লা আমার শরীরকে এত দুঃখ দিতেছে। আমি
তোকে চিনি, আমার হস্তক্ত ক্ষতের চিত্ত

তোর বদনোপরি রহিয়াছে। কিন্তু ইণরাজদি-গের রাজাকে আমি মারিলাম, এই কথা তোকে বলিতে দিব না। ইহা কহিয়া তিনি প্রজাদিগকে আজ্ঞা দিলেন, উহাকে খণ্ড২ করিয়া কাটিয়া কেল। রোমীয় সেনা সেথায় দাঁড়াইয়া কর্কশ স্থারে কহিল, ভাল, মারিতে চাহিলে মার।

এমন সময়ে বৃদ্ধ আল্ফিয়স্ বর্ত্তিমরের চরণে পড়িয়া নিবেদন করিল, ছে রাজন, আপনি মরিতেছেন, এখনও কি পরের প্রতি দয়া প্রকাশ করিবেন না? যদি না করেন, তবে পরমেশ্বর কি প্রকারে আপনকার দোয ক্ষমা করিবেন? দেখুন, ঈশ্বরের আজ্ঞা পালন না করিলে শুদ্ধ বিশ্বাদেতে কোন ফল দর্শিবে না; এবং ঈশ্ব-রের এই একটি বিশেষ আজ্ঞা, তোমরা প্রতি-ছিংসা করিও না। বর্ত্তিমর উত্তর করিলেন, আ! এমন কথা আমাকে শুনাইও না; প্রতিহিংসা, করা অতি নিষ্ট, তুমি যাহা বল, ওকে অবশা মারিতে হইবে।

আল্ফিয়্রস্ বলিতে লাগিল, মহারাজ এমত
 না কহন; প্রতিহি°দা করা অপেক্ষা ক্পা করা
 আরো উত্তম, তাহা করিলে আপনকার মাহাত্ম্য.

প্রকাশ হইবে। দেখুন, পরমেশ্বর দয়ার সাগর,
অতএব তাঁহার মত হইতে চাহিলেই দয়া করিতে
হইবে। মহাশয়ের হৃদয়ে যে পাপরাপ বিষ
আছে, সে এ লৌহময় থড়গ অপেকাও প্রাণনাশক; সেই পাপ বাহির করিয়া কেলুন। আপনকার খেদ ও বিশাস প্রকাশ করিবার কেবল
এই উপায় আছে, অতএব আপনকার প্রাণকে
কেন নপ্ত করিবেন? বিদিকে ক্ষমা করুন।

বর্ত্তিমর কিছু উত্তর করিলেন না, কেবল যে যৎকিঞ্চিৎ বল অবশিষ্ট ছিল, তাহা প্রকাশ করত রোমীয় বন্দির প্রতি এক তার নিক্ষেপ করিলেন; তদ্ধারা তাহার হৃদয় বিদার্ণ হওয়াতে সে তৎক্ষণাৎ পড়িয়া প্রাণ ত্যাগ করিল, এবং বর্ত্তি-মরও দীর্ঘ নিশ্বাস ও আর্ত্তনাদ করিয়া পঞ্চত্ব প্রাপ্ত হইলেন। তিনি শত্রুকে প্রতিফল দিলেন, কিন্তু তদ্ধারা আপনি ইশ্বরের ক্পা হারাইলেন।

্নবম অধ্যায়।

সেই রাত্রিতে ইমোজিন আল্ফিয়সের নিকটে নিঃশব্দে গিয়া কহিল, পরমেশ্বর আমার প্রা-র্থনা শুনিয়াছেন। আহা! তিনি যেন তোমাকে শত্রুহস্তহইতে মুক্ত করেন, আমি কেমন উৎসুক্য পূর্বক তাঁহার স্থানে এই প্রার্থনা করিরাছি। যদ্যপি তথন কোন উত্তর শুনিতে পাইলাম না, তথাপি এমন বোধ হইল যে আমি
যাশু খুটিরের নাম ধরিয়া যাচ্ঞা করাতে
ইশ্বর অবশ্য আমার নিবেদন গুাহ্য করিবেন,
এবং তাহাই হইল। দেখ, তিনি রোমদেশীয়
সেন্টীণকে আমাদের অঞ্চলে পাঠাইলেন; তাহারা এমন নিকটে শিবির স্থাপন করিয়াছে,
যে তুমি ক্ষত বিক্ষত হইলেও অংপ কালের
মধ্যেই তাঁহাদের তামুতে পৌছিতে পারিবে।

আল্ফিয়স্ স্বর্গের প্রতি দৃষ্ঠি করত কহিল, হে পরমেশ্বর, আমাকে রক্ষা করিতে যদি তো-মার ইচ্ছা হইল, তবে তোমার ধন্যবাদ করি।

ইমোজিন এক থান ছুরি হাতে করিয়া আনিয়াছিল, তদারা সে আল্ফিয়দের বন্ধন সকল ছেদন করত উল্লাসিত হইয়া কহিল, তুমি মুক্ত হইলে, তুমি মুক্ত হইলে; এখন আমার উপরে ভর দেও, আমি তোমাকে বনমধ্য দিয়া পথ দেখাইয়া লইয়া যাইব। যাত্রা কিছু কষ্ট-দায়ক হইবে বটে, কিন্তু শেষে নিরাপদ স্থানে

পোঁছিবে। আমি ঐ পূর্ণ চন্দের দর্শনে আর শঙ্কা করি না, সে তোমার মৃত্যুর কারণ হইবে না, বরং পূর্ণ কিরণদারা আমাদিগের পৃথ আ-লোকময় করিবে.।

ইমোজিন কেবল একটি বার থেদ পূর্বক পশ্চাতে কিরিয়া আপন জননীর কবরের প্রতি দৃষ্ঠি করিল, পরে আল্কিয়সের হস্ত ধারণ করিয়া নিবিড় বনমধ্যে প্রবেশ করিল। তথায় তাইারা অনেক বাধা প্রাপ্ত হইল। যাইতে২ কথন কণ্টকদারা তাহাদিগের পথ অবরোধ হইল, কথন বা বনপশুর ভ্রাবহু গজ্জনে তাম হইল, তথাচ তাহারা আর ফিরিল না, বরণ সকলই তুক্ত জ্ঞান করিয়া অপুসর হইল।

ইহাতে আল্কিয়স ইমোজিনকে কহিল, দেথ বৎসে, এই ৰূপে ঈশ্বর যথন মনুষ্যের আত্মাকে শয়তানের দাসত্বহুতৈ মুক্ত করেন, তথন সে ধর্মপথে বাধা পাইলেও পূর্বনার শয়তানের দাসত্ব কর্ম করিতে কিরেনা, কারণ সে জানে যে যদাপি আমি এখন কিঞ্চিৎ কণ্ট ভোগ করিতেছি, তথাপি শেষে অনন্ত কাল স্বর্গের সূথ ভোগ করিব। এই কথা কহিবামাত্র তাহা- দের এক মহা শক্ষা উপস্থিত হইল, কিন্তু তাহাহইতেও পরমেশ্বর তাহাদিগকে উদ্ধার করিলেন। সেই শক্ষা এই, বন যে স্থানে অতিশয় নিবিড় ছিল, সেই স্থানে একটা মনুযোর গমন শব্দ শুনিতে পাইল, ইহাতে ইমোজিনের প্রাণ ধুক্রং করিতে লাগিল; আর একটু হইলে তাহারা ধরা পড়িত, কারণ ঐ পদশব্দ ফেই-দের ছিল, কিন্তু আল্ফিয়স্ শীঘু ইমোজিনকে এক ব্লের অন্তর্গলে রাখাতে সেই ফেইদ যদ্যপি তাহাদের অতি নিকট দিয়া গমন করিলন, তথাপি তাহাদের গোপনীয় স্থানের সন্ধান পাইলেন না।

পরে বনহইতে বহির্গত হইয়া উভয়ে এক
বড় মাঠে উপস্থিত হইল, সেই মাঠের পূর্বদিক
পর্বতশূেণীতে সুশোভিত ছিল। তাহাতে ইমোজিন কহিল, এই মাঠটা পার হইলেই আমরা
মুক্ত হইলাম, আর কিছু ভয় নাই। এখানে
বৃক্ষ না থাকাতে কোন শতু লুকাইয়া আমাদিগকে আক্রমণ করিতে পারিবে না, জ্যোৎসাদারা সকল স্পষ্ট বোধ হইতেছে। এয়ন হইলেও তাহারা ধীরে ২ গমন করিল, কেননা আল্-

কিয়দের ক্ষত প্রযুক্ত ঐ যাত্রা তাহার পক্ষে অত্যন্ত দুঃখদায়ক হইল৷ অনেক ক্ষণ পর্য্যন্ত रेरगांकिन नीतर रुरेश ठिलन, किनना एम आ-পনার চিন্তাতে চিন্তিত ছিল; শেষে সজল নয়নে কহিতে লাগিল, হায়! আমার ভ্রাতা বর্তিমরের নিমিত্তে আমার প্রাণ শোকাকুল হই-তেছে। হায় ⊨ তাহারা বক্ষঃস্থলে ঐ থড়্গ শুদ তাঁহাকে কবর দিয়াছে, এব° তাঁহার মন পাপ-ৰূপ কলঙ্কেতে কলঙ্কিত হইয়া ঈশ্বরের বি-চারস্থানে গিয়াছে। হে মহাশয়, যাহারা দয়া প্রকাশ করে না, তাহাদিগকে পরমেশ্বর ক্ষমা করিবেন না, ইহা কি নিতান্ত সত্য? শত্রুকে প্রতিফল দেওয়া কি পরমেশ্বরের সাক্ষাতে এমত ঘূণাকর ?

বিদেশী কহিল, এই বিষয়ে যাগু খুীষ্ট আপনি যাহা কহিয়াছেন, তাহা তোমাকে বলি, শুন। তিনি যখন এই পৃথিবীতে বাস করিতেন, তখন দৃষ্টান্ত কথাদারা লোকদিগকে শিক্ষা দিতেন। মনুযোরা নারিকেলের খোলহইতে যেমন শাস বাহির করে, তেমনি এ দৃষ্টান্ত কথাহইতে ধর্মন শাস বাহির করিতে হয়। আমি এখন

যে দৃষ্টান্তকথা ভোমার সাক্ষাতে ব্যাখ্যা করি, তুমি আপনি তাহার অর্থ বুঝ।

স্বর্গরাজ্য এমত এক রাজার সদৃশ, যে আ-পন দাসগণের সহিত লেখাযোথা করিতে স্থির করিল। সেই লেখাযোখা আরম্ভ করিলে দশ সহসু তোড়ার ঋণী এক দাস তাহার নিকটে আ-নীত হইল। কিন্তু তাহার পরিশোধ করিবার কিছু যোত্র না থাকাতে তাহার প্রভু তাহাকে ও তাহার জ্রী পুঞাদি সর্বস্ব বিক্রয় করিয়া পরিশোধ লইতে আজ্ঞা করিল। তাহাতে সে দাস তাঁহার চরণে পড়িয়া প্রণাম করিয়া কহিল, হে প্রভো, আমার প্রতি ধৈর্য্য করুন, আমি সকলি পরিশোধ করিব। তথন সে দাসের প্রভু কৃপা করিয়া তাহাকে মুক্ত করিল, ও তা-হার সমস্ত ঋণ ক্ষমা করিল।

ইহা শুনিয়া ইমোজিন কহিল, আহা! যিনি এত টাকা না লইয়া ঋণিকৈ ক্ষমা করিলেন, তিনি কেমন মহানুও দয়ালু প্রভু ।

আল্ফিয়্স্ উত্তর করিল, ইমোজিন, তুমি কি
বুঝিতে পারিলে না? ঐ প্রভু স্বয়৽ পর্মেশ্বর;
তিনি যথন দেখিলেন, যে আমরা অতিশয়৽

দীনহীন অপরাধি প্রাণী, তথন আপনি আপন প্রাণ দিয়া আমাদের প্রায়শ্চিত্ত সাধন করি-লেন। কিন্তু সে থাকুক, যীশু খুীষ্টের, দৃষ্টান্ত কথা শেষ পর্যান্ত শুন।

তথন সেই দাস বাহিরে গেলে তাহার এক শত সিকি ধারিত যে এক জন সঙ্গি দাস, তা-হার দেখা পাইয়া তাহাকে ধরিয়া গলা টিপি 'দিয়া কহিল, আমার যে পাওনা তাছা পরি-শোধ কর। তাহাতে তাহার মহদাম তাহার চরণে পড়িয়া বিনয় পূর্বক কহিল, আমার প্রতি ধৈর্য্য কর, আমি সকলি পরিশোধ করিব। তথাচ সে সমত হইল না, কিন্তু যে পর্যান্ত ঋণ পরিশোধ না করিল, তাবৎ তাহাকে কারা-গারে বদ্ধ রাখিল। তাহার এই ৰূপ ব্যবহার দেখিয়া তাহার দক্ষি দানেরা বড় দুঃখিত হইয়া আপনাদের প্রভুর কাছে গিয়া ঐ সকল বৃত্তান্ত নিবেদন করিল। তাহাতে তাহার প্রভু তাহাকে ডাকাইয়া কহিল, ওরে দুষ্ট দাস, তুমি আমার কাছে বিনতি করাতে আমি তোমার এ সমস্ত ঋণ ক্ষমা করিয়াছিলাম, তবে আমি যেমন তো-নার প্রতি দয়া করিয়াছিলাম, তেমনি তোমার

দিক দাদের প্রতি দরা করা কি তোমার উচিত ছিল না? পরে তাহার প্রভু ক্রোধানিত হইরা আপনার পাওনা যে পর্যান্ত সে পরিশোধ না করিবে, তারৎ প্রহারিদের নিকটে তাহাকে সমপর্ণ করিল। অতএব তোমরা যদি প্রতি জন অন্তঃকরণের সহিত আপন২ ভ্রাতার অপরাধ ক্ষমা না কর, তবে আমার স্বর্গস্থক পিতাও তোমাদিগের প্রতি এই ৰূপ করিবেন।

ইমোজিন এই সকল শেষ পর্যান্ত শুনিয়া কহিল, হায়! এই দৃষ্টান্তকথাদারা আমার মনে এক নূতন শঙ্কা উঠিতেছে; সে কি? না, উক্ত দাস আপন প্রভুর দয়া আসাদন করিয়া ভাহাকে প্রভাম করিলেও শেষে এ প্রভুর দয়ারহিত হইল।

আল্ফিয়্ন উত্তর করিল, হাঁ বংসে, এমত হইল বটে। যাগু আপনি কহিয়াছেন, যা-হারা আমাকে প্রভূহ করিয়া বলে, ভাহারা সকলে স্বর্গরোজ্যে প্রবেশ করিতে পাইবে, এমত নয়, কিন্ত যে ব্যক্তি আমার স্বর্গস্থ পিতার ইষ্ট • ক্রিয়া করে, সেই পাইবে। এই দ্বীপের মধ্যে যে দিবসে কোটিহ লোক খুটিয়ের নামধারী হইবে, এমন দিবস আসিতেছে, কিন্তু সকলে মুক্তি প্রাপ্ত হইবে, এমত নছে; কেবল বাহারা পবিত্র হইয়া নমু ভাবে ঈশ্বরের দেবা করে, তাহারাই পাইবে।

ইহাতে ইমোজিন কহিল, এ কেমন হইল?
তুমি না বলিয়াছিলে, যে লোকেরা কেবল বিখাসদারা মুক্তি পাইবে?

আল্ফিয়স্- উত্তর করিল, বৎসে, বলিয়াছিলাম বটে, কিন্তু তজ্জন্য জীবৎ বিশ্বাস আবশ্যক, অর্থাৎ যাছাছইতে ঈশ্বরের আজ্ঞাপালন ও সংক্রিয়ারূপ কল উৎপন্ন হয়, এমত বিশ্বাস। কল যেমন বৃক্ষকে তেজ প্রদান করে না, তেমনি আমাদের ধর্মক্রিয়াদারা যে আমরা দ্বর্গ লাভ করি, এমন নয়; তথাচ যেমন কল দেখিয়া সতেজ বৃক্ষকে চেনা যায়, তেমনি লোকদের প্রত্ত বিশ্বাস আছে কি না, ইছা তাছাদের সৎকর্ম-দারা বোধ হয়। যে কোন বৃক্ষে উত্তম কল ধরে না, সেছিন্ন হইয়া অগ্নিতে নিক্ষিপ্ত হইবে।

দশন অধ্যায়।

মাঠ দিয়া যাইতে২ ইমোজিন হঠাৎ স্থগিত .হইয়া কহিল, শুন, ঐ শব্দ কি? তাহাতে আল্- কিয়ন তাহার প্রতি চাহিয়া দেখিল, যে সে ভয়েতে থর ২ করিয়া কাঁপিতেছে; পরে বলিল, আমি কিছুই শুনিতে পাই নাই, ভয় নাই, কেছ আমাদিগকে ধরিতে আইসে নাই।

তাহাতে ইমোজিন উত্তর করিল, ও মহাশয়, তুমি এই দেশের উৎপাত কি জান? আরবার শুন দেখি।

তথন আল্ফিয়স্ স্পাষ্ট শুনিতে পাইল, এক পাল কেঁদুয়া বাঘ অতি নিকটে গৰ্জন করি-তেছে। তজ্জন্য ইমোজিন ভীত হইয়া গদ্গদ ষরে বলিতে লাগিল, ঈশ্বর আমাদের প্রতি দয়া করুন। ঐ ভয়ানক কেঁদুরা বাঘের শব্দ এক বৎসর পর্যান্ত শুনি নাই, এখন তাহারা শবের ঘান পাইয়া উত্তর দিগহইতে আসিতেছে। হায়! আমরা যদি ঐ সমুশ্বস্থ পর্বতে পৌছিতে পারি, তবে রক্ষা পাই। বাঘেরা তথায় উঠিতে পারে না, আর সেখানে একটা শুহা আছে, তাহা জানি; তাহার মধ্যে লুকাইতে পারিলে তাহারা আমাদের উদ্দেশ পাইবে না।

আল্কিয়স্ কহিল, আমি যাইতে চেষ্টা করিলে তোমার বিলম্ব হইবে, তুমি বরং একা যাও। আমার যে যৎকিঞ্চিৎ শক্তি ছিল, তাহাও গেল। ও ইমোজিন, তুমি আমাকে ত্যাগ করিয়া আপনি সেই রক্ষাস্থানে পলায়ন কর।

ইমোজিন উত্তর করিল, না, আমি তোমাকে কথন ত্যাগ করিব না। যদি মরিতে হয়, তবে দুই জনে এক সঙ্গে মরিব।

তাহাতে ফাহারা যথাসাধ্য অণুসর হইল,
এবং ঐ ব্যাঘুরাও তাহাদের পশ্চাৎ ২ ধাবমান
হইতে লাগিল। এক বার ইমোজিন পশ্চাতে
ফিরিয়া জ্যোৎসাদ্বারা স্পষ্ট দেখিল. তিনটা
কৃশ বাঘ তাহাদের নিবট হইতেছে। তাহা দেথিয়া ইমোজিন যেন তাহাকে ছাড়িয়া যায়,
আল্ফিয়ন পুনরায় এমত সাধ্যসাধনা করিল,
কিন্তু ইমোজিন সমত হইল না।

ঠিক দেই সময়ে জলসোতের শব্দ তাহাদের
কর্ণগোচর হইল। ঐ জল দুই পর্বতের মধ্য দিয়া
অতি বেগে বহিতেছিল, তথাচ তাহাতে ইমোজিনের ভয় হইল না, কেননা তাহার উপরে একটি
পুল আছে, ইহা সে জাত ছিল। কিন্তু নিকট
হইলে দেখিল, সেই পুল নাই, কারণ প্রাতঃকালের মুজেতে তাহা নপ্ত হইয়াছিল। তাহাতে

ইমোজিন একেবারে নিরাশ হইয়া কহিল, হায়২! এখন কি দুর্গতি হইল! আমাদের শেষ আশা গেল, পলায়ন করিবার কোন উপায় আর নাই! এই স্থানে দাঁড়াইয়া মরিতে হইবে !

আল্ফিয়স্ কহিল, এমত নয়। দেখ, ইমো-জিন, আমরা এই স্থানে নদী পার হইতে পারি না বটে, তথাচ আইস, ইহার ধারে২ উদ্বে গমন করি। কি জানি, ইহার উৎপত্তিস্থান অপ্রশস্ত হইতে পারে, তাহাতে স্বচ্ছন্দে পার হইতে পারিব।

ইমোজিন তাহার পরামর্শ গ্রাহ্য করিল।
পশ্চাতে বাঘেরা,ও সমুখে নদী ছিল; যে কোন
দিগে কিরে, সেই দিগে মৃত্যু; তথাচ তাহারা
নিতান্ত নিরুদ্যোগ না হইয়া, যদি পারি, তবে
মৃত্যু এড়াইব, ইহা মনে২ স্থির করিয়া অগুসর
হইল।

অপে ক্ষণ পরে আল্ফিয়স্ ব্যগুতা পূর্বক কহিল, দেখ২, ইমোজিন, ঐ কালো রেথাটা কি? বোধ হয় যেন এক গাছা দড়ি এ পার-হইতে ওপার পর্যান্ত পতিত আছে।

ইমোজিন ভয়েতে কোন উত্তর দিতে পারিল •

না, কিন্তু আর কিঞিৎ অণুসর হইয়া দেখিল, একটা ছোট ঝাউ বৃক্ষ বায়ুতে সমূলোৎপাটিত হইয়া দেতুর ন্যায় ঐ নদার উপরিভাগে পতিত আছে। ইমোজিন একটা কথাও কহিল না, কেননা তথন কথা কহিবার সময় ছিল না। সে লক্ষ দিয়া ঐ বৃক্ষের কাণ্ডে উঠিল, এবং যদ্যপি বৃক্ষ তাহার ভারে টলটলায়মান হইয়া মড়২ শব্দ করিতে লাগিল, তথাচ ইমোজিন কিরিল না। দে জানিল, ফিরিলে মরিতে হইবে, এই হেতু বড় সাহস প্রকাশ করত লক্ষ্য দিয়া এক নিমি-ষের মধ্যে ওপারে দাঁ ছাইল। পরে বৃদ্ধ আল্-কিয়ুসও ধীরে২ তাহার পশ্চাৎ গমন করিল, কিন্তু নে ব্লান্ত ও ক্ষতবিক্ষত, এই জন্যে তাহার পক্ষে ঐ পথ অতি দুর্গম হইল। ইমোজিন থুক-ধুকমনা হইয়া প্রার্থনা করত তাহার অপেক্ষাতে দপ্তায়মানা রহিল। আহা: ঐ পূর্ণিমার জোৎবা তথন তাহাদের কি পর্যান্ত উপকারক হইল। देश्वरतत आभीवाटन आनिकियम् निर्विष्यू शात হইল; পরে তাহারা দুই জনে যথাসাধ্য বল প্রকাশ করিয়া ঐ বৃক্ষকে টার্নিয়া জলে ফেলিয়া দিল, তাহাতে কুধার্ত্ত বাঘেরা নদীর তীরে উপ-

স্থিত হইলে নিৰুপায় হইয়া তাহাদের প্রতি কেবল গর্জন করিতে লাগিল।

তথন আল্ফিয়স্ ইমোজিনকে কহিল, দেখ, আমার কন্যে, ঈশ্বরের অনুগুহে আমরা ঐ বাঘদিগের মুথহইতে উত্তীর্ণ হইয়াছি। কিন্তু এখন নিশ্চিন্ত হইয়া এই স্থানে বসিয়া থাকা ভাল নয়; যে পর্বতীয় গুহার বিষয় কহিতে-ছিলে, চল, সেই থানে যাই। তাহাতে ইমো-জিন পথ দেখাইয়া আল্ফিয়সকে সেই স্থানে লইয়া গেল।

একাদশ অধ্যায়।

ঐ গুহাতে উপস্থিত হইলে আল্ফিয়স্ইমোজিনকে কহিল, আমি অতিশয় পথশান্ত হইলাম, এই রাত্তিতে আর চলিতে পারিব না।
অতএব আইস, আমরা এই স্থানে রাত্তি যাপন
করিয়া প্রত্যুষে রোমীয় সেনাগণের সহিত সাক্ষাৎ
করি, পাছে অন্ধনারে গমন করিলে তাহারা
আমাদিগকে শত্রু ভাবিয়া আক্রমণ করে।

তাহাতে ইমোজিন জিজ্ঞাদিল, মহাশয়, তুমি কি নিশ্চয় জান, যে রোমীয় সেনারা তোমার প্রতি সদ্যবহার করিবে? তাহারা কি সত্য পর-মেশ্বরের সেবা করে?

আল্কিয়ন্ উত্তর করিল, না, তাহা কি প্লকারে বলিব? এখনও রোমীয়েরা প্রায় সকলে কাষ্ট ও প্রস্তরময় দেবতা পূজা করে, তথাচ তাহাদি-গের মধ্যে খুীষ্টীয় মতালম্বা কেহ্ আছে, এবং আমি তাহাদের ভাষা ও রীতি ও ব্যবস্থা সকল উত্তমরূপে জ্ঞাত আছি; অতএব ভরুসা করি, ইম্বরের আশীর্বাদে তাহারা আমাদের সহিত্ ভাল বই মন্দ ব্যবহার করিবে না। মনুষ্যের অন্তঃকর্ন তাঁহারই হস্তে আছে।

ইমোজিন পুনর্বার জিজ্ঞাসিল, মহাশয়, তুমি কি শিশুকাল অবধি পরমেশ্বরের সেবা করিয়া আসিতেছ? ইহা কহিবার সময়ে সে কন্যার মত ঐ বৃদ্ধের হাত পা খৌত করিয়া সেবা করিতে লাগিল।

তাহাতে বৃদ্ধ দীর্ঘ নিশ্বাস ত্যাগ করত উত্তর করিল, হায়! প্রথমে আমি ঈশ্বরের সেবা না করিয়া ররণ তাঁহার প্রতি শত্রুতা করিতাম। আমি যাশু খুীষ্টের দয়া অগুছা করিতাম, ও তাঁহার মতাবলম্বিদিগকে তাড়না করিতাম। তিনি যদি তথন একেবারে আমাকে নষ্ট করিয়া নরকে নিক্ষেপ করিতেন, তবে উপযুক্ত প্রতি-ফল পাইতাম; কিন্তু ভাঁছার অনুগুছু এত বড়, যে তাহা না করিয়া অবাধ্য দাদ যে আমি, আমাকে পুঞ্জবৎ পালন করিয়াছেন।

তথন ইমোজিন কহিল, আহা! তোমার জ্ঞান-ৰূপ চক্ষু কি প্রকারে প্রসন্ন হইল, তাহা অনু-গুহু করিয়া আমাকে বল।

আল্ফিয়স্ উত্তর করিল, তবে বলি শুন। যিহৃদি লোকদের মধ্যে আমার জন্ম হয়, সেই জাতির প্রতি পরমেশ্বর প্রথমে আপন সত্য ধর্ম প্রকাশ করিয়াছিলেন। পূর্বকালে যথন পৃথিবীস্থ তাবৎ লোক দেবপূজা করিত, তথন তিনি সেই থিছুদিদের নিকটে আপন পবিত্র ব্য-বস্থা সমর্পণ করিয়া কহিলেন, আমার সাক্ষাতে ভোমাদের আর কোন দেবতা না থাকুক। পরে তাহাদের রাজা হইয়া আপন বাহুবল প্রকাশ করত ঐ প্রিয়তম জাতিকে চল্লিশ বৎসর পর্যান্ত • ·ভয়ানক মৰুভূমিতে রক্ষা করিয়া শে্<mark>ষে অতি</mark> সুন্দর এক দেশ' অধিকার করিতে দিলেন। যে সময়ে তাছাদের অগ্রে সমুদু, ও পশ্চাতে শত্রগণ

ছিল, সেই সময়ে তাহাদের **পথদ**র্শক মুসা ঈশ্বরের আজ্ঞাতে আপন যতি ঐ সমুদ্রের উপরে বিস্তার করিল, তাহাতে জল তৎ-ক্ষণাৎ এদিগে ওদিগে রাশীকৃত হইয়া ভিত্তির न्यां व में प्राष्ट्रेल ; सथा अथ पिया यिकृपिता छक চরণে ৰচ্ছন্দে সমুদু পার হইল। তাহাদের কুথা লাগিলে পরমেশ্বর তাহাদের আহারার্থে আ-কাশহইতে খাদ্য বর্যাইলেন, এবং তৃঞ্চাতুর হইলে ঐ মূসা তাঁহার আদেশানুসারে গুচ পর্বতে আঘাত করিবাতে নির্মাল জল হুড় হুড় করিয়া নিগত হইত। দিবাতে আকাশস্থিত এক মেযস্তম্ভ তাহাদের অগ্রে২ চলিত, তদারা তাহারা নির্জন প্রান্তরের মধ্যে পথ জানিতে পাইত; এব° রাত্রিসময়ে ঐ মেঘস্তম্ভ অগ্নিময় হইয়া তাহাদিগকে পথ দেখাইত ও দীপ্তি প্রদান করিত। এই প্রকার নানা আশ্চর্য্য উ-পায়দারা পরমেশ্বর যিহুদিদিগকে ঐ অঞ্চাকৃত উত্তম দেশে উপস্থিত করিয়া ভল্লিবাসি দেব-পূজকগণ্কে নষ্ট করিয়া তাহাদিগকে ঐ দেশ প্রদান করিলেন।

· এই কথা শুনিয়া ইমোজিন কছিল, আহা!

পরমেশ্বর ঐ জাতির নিমিত্তে যখন এত করি-লেন, তখন তাহারা কেমন খনা!

আল্কিয়স্ আরো বলিল, হাঁ, মা, ধনা বটে।
এবং ইহা ছাড়া তিনি তাহাদের আর অধিক
মঙ্গল করিলেন, বিশেষতঃ তাহাদের প্রতি এই
অঙ্গীকার করিলেন, যে ইহার পরে আমি তোমাদের মধ্যহইতে উৎপন্ন এক ত্রাণকর্তাকে
তোমাদের নিকটে প্রেরণ করিব, তিনি তোমাদিগকে এই সংসারব্বপ ভ্য়ানক মহা প্রান্তর
দিয়া পথ দেখাইয়া স্বর্গীয় ঐশ্বর্যোর অধিকারী
করিবেন।

ইমোজিন জিজাদিল, সেই ত্রাণকর্তা বুঝি যাশু খ্রীষ্ট?

আল্ফিয়স্ উত্তর করিল, হাঁ, তিনি বটেন।
তিনি মানব দেহ ধারণ করত এক যিহুদীয়া কুমারীর গর্ভে জন্ম লইলেন। ঈশ্বরের বিশ্বস্ত লোকেরা তিন সহসু বৎসর পর্যান্ত উক্ত ত্রাণকর্তার
অপেক্ষা করিত, কারণ তাহারা জানিত, যে তিনি
আসিয়া জগতের পাপমোচন করিবেন। শেষে
তিনি আইলেন, কিন্ত যিহুদিরা যেৰূপ অনুমান
করিয়াছিল, দেৰূপ রাজপ্রতাপ বিশিষ্ট হইয়া

আইলেন না, বরু দীনহান সূত্রধরের পুঞ্জাপে কোন গোশালাতে জন্ম লইলেন।

ইহাতে ইমোজিন জিজ্ঞাসিল, যাশু যদি এমন দীন হীন অবস্থাতে মানব দেহ গুহুণ করিলেন, তবে তিনি যে সেই অপেক্ষিত ত্রাণকর্তা, তাহা তাহারা কি প্রকারে জানিতে পারিবে?

আল্ফিয়ন্ কহিল, শুন, ইমোজিন। আমি
আপন দেশে থাকিয়া এক জন মনুষ্যের ছবি
বার২ দর্শন করিয়াছি; সেই ছবি দর্বতোভাবে
প্রকৃত; তাহা দেখিলে অতি সুস্তির জলাশয়ের
মধ্যে ঐ মনুষ্যের প্রতিবিশ্ব দেখিতেছি, এমন
বোধ হইত। এখন বিবেচনা কর দেখি, যাহার
এমত ছবি বার২ দেখিয়াছি, তাহার দহিত যদি
কেনে সময়ে সাক্ষাৎ হয়, তবে কি তাহাকে ঐ
মানুষ বলিয়া চিনিতে পারিব না? অবশা
পারিব।

ইছাতে ইমোজিন জিজানিল, যিছুদিদের নি-কটে বুঝি যীশু খ্রীপ্টের এমত এক ছবি ছিল?

আল্ফিয়ক উত্তর করিল, না, চিত্রকরের কৃত এমত ছবি তাহাদের নিকটে ছিল না; কিন্তু দিখারের শাস্মা অনেক সাধু ব্যক্তির মনে আ- বিষ্ট হইয়া ভাছাদের মুখনারা লোকদিগকে
ইহা জানাইয়াছিলেন, যে ত্রাণকর্তা আসিয়া এই
প্রকার কর্ম করিবেন, ঐ প্রকার শিক্ষা দিবেন,
এই প্রকারে মরিবেন, এবং ঐ প্রকারে ম্বর্গারোহণ করিবেন। এই রূপ ছবি অর্থাৎ বর্ণনা
যিহুদিদের হস্তে ছিল, তজ্জন্য ভাহারা যীশুকে
চিনিলে চিনিতে পারিত; কিন্তু মন্তের কঠোরতা
প্রযুক্ত ভাঁহাকে অগ্যাহ্য করিল। যাশু খুল্ডির
বিষয়ে ইশ্বরের কৃত যে সকল প্রতিক্তা যিহুদি
লোকেরা জানিত, ভাহার মধ্যে প্রধান ২ প্রতিক্তা
কহিতেছি, তুমি মনোযোগ পূর্বক শুন।

- (১) এক জন ভবিষ্যদ্বকা অনেক দিন পূর্বে লিথিয়াছিলেন, "যিশয়ৰূপ মৃড়াহইতে এক পল্লব
 নির্গত হইবে, ও তাহার মূলহইতে এক শাখা
 উৎপন্ন হইবে।" যিশ ১১; ১। এই কথানুসারে
 যীশু খুীষ্টের জন্ম ঐ যিশয়ের পুঞ্জ যে দায়ূদ
 রাজা, তাহার বংশের মধ্যেই হইল।
- (१) . कान् नमस्य ও कान् नभरत योख -जिम्मादन, जाहां अवियायकाता कहियां हिलान । हान २; २०१ मो ४; २१
 - (०) यिगातिय नारम अक जन किताहि व्यन

- "তৎকালে অন্ধ লোকদের চক্ষু পরিক্ত হইবে, ও বধিরদের কর্ণ খোলা যাইবে, এবং শঞ্জ লোক হরিণের ন্যায় লক্ষ্য দিবে,ও গোজাদের জিন্থা গান করিবে।" যিশ ৩৫; ৫,৬। উক্ত সকল আশ্চর্য্য ক্রিয়া যীশু আসিয়া সাধন করিলেন।
- (৪) ঐ ভবিষ্যদক্তা অন্য স্থানে কছেন, "তিনি অপমানিত এবং মনুষ্যদের মধ্যে অগণ্য হইবেন।" যিশ ৫০; ৬। যিহুদিরা যীশুর প্রতি তক্রপ অপমান করিল বটে।
- (৫) দায়ূদ রাজা লিখিয়াছিলেন, "যে সকল লোক আমাকে দেখে, তাহারা ওঠ বক্র করিয়া মস্তক লাড়িয়া আমাকে উপহাস করিয়া কহে, সে পরমেশরেতে আপন ভার অর্পন করুক; তিনি যদি তাহাতে সম্ভষ্ট হন, তবে তাহাকে রক্ষা করিবেন।" গীত ২২; ৭,৮। ক্রুশে টা-জান যান্ত খুীস্টের বিষয়েই যিহুদিরা তজ্ঞপ কথা কহিল।
- (৯) অন্য স্থানে দায়ুদ রাজা কহিয়াছিলেন, "দুষ্টদের জনতা আমাকে বেড়ে, ও আমার হস্তপাদ বিদ্ধ করে। তাহারা আপনাদের মধ্যে আমার পরিধেয় বন্ধ বিভাগ করে, এবং আমার

উত্তরীয় বজের জন্যে শুর্ভি করে।" গীত ২২; ১খ-১৮। তাহাও যিহুদিরা করিল।

- (१) পুনর্বার যিশায়িয় ভবিষাদকা কহেন, "তিনি আমাদের আজ্ঞা লড়ুনের নিমিত্তে কত বিকত ও আমাদিগের অধর্মের নিমিত্তে চূর্ণ হইবেন, এবং আমাদের মললজনক শাস্তি তাঁ- হার উপরে বর্ত্তিবে, এবং তাঁহার ক্ষতভারা আন্মাদের আত্য হইবে।" যিশ ৫০। এই মকল কি প্রকারে সকল হইল, তাহা পূর্বেই তোমাকে বুঝাইয়া দিয়াছি।
- (৮) নিখরিয় ভবিষ্যবক্তা লিখেন, "মৈন্যা-ধাক্ষ পরমেশ্বর কছেন, ছে থড়গ, তুমি আমার পালরক্ষকের অর্থাৎ আমার সদৃশ নরের বিজ-দ্ধে জাগুৎ হও, রক্ষককে প্রহার কর।" নিখ ১৩; গা ইছাতে যান্ত খ্রীস্টের মৃত্যু বুঝায়। তিনি কি প্রকারে ম্রিলেন, তাহা তুমি জ্ঞাত আছ!
- (৯) দায়ুদের গীতের মধ্যে এই ভাবি বাক্য পাওয়া যায়, "তুমি পরলোকে আমার আত্মাকে পরিত্যাগ করিবা না, ও নিজ পুণ্যবানকে ক্ষয় পাইতে দিবা না।" গীত ১৬; ১০,১১। এই কথাতে বুঝা যাইতেছে যে যাগু খুঙি কবর প্রাপ্ত হইয়া

পুনর্বার কবরহইতে জীবিত হইয়া উঠিবেন। তদনুসারে তিনি সকলের সাক্ষাতে পুনক্তথান করিলেন।

(১০) ঐ গীতের মধ্যে আর একটি ভাবি বাক্য আছে, যথা, "ঈশ্বর জয়ধনিতে ও পরমেশ্বর ভূরীধনিতে আরোহণ করিবেন।" গীত ৪৭; ৫। ইহাতে জানা যায় যে যাও খ্রীষ্ট ভূরীধনির মধ্যে স্বগারোহণ করিবেন। তাহা তিনি অনেক সা-ক্ষির সমূথে করিবেন।

তথন ইমোজিন ব্যগুতা পূর্বক কহিল, এই পকল প্রমাণধারা বীশু পুষ্টি যে ইশবের অভি-যিক্ত ত্রাতা, তাহা নিশ্চয় জানা গেল, ইহার কোন সন্দেহ নাই।

আল্কিয়ন্ উত্তর করিল, আঃ! ইমোজিন,
ঐ যিহুদি লোকের নিকটে ইহাহইতেও আরো
অকাট্য প্রমাণ প্রকাশ করা গেল, অর্থাৎ যীশু
প্রীপ্ত অন্ধ লোকদিগকে চক্ষু প্রদান করিতেন,
এবং বধিরদিগকে শুবণশক্তি, ও অঞ্চিগকে
চলচ্ছক্তি দিতেন। অডের সময়ে সমুদ্রে ঢেউ
তাহার আজ্ঞাবহ হইয়া সুস্থির হইত, ও তিনি
ভলের উপর প্রমন করিতেন। আর কি বলিব?

মৃতেরাও যীশুর রব শুনিয়া কবরহইতে উঠিয়া সাক্ষী দিল, যে তিনি ঈশবের পুঞ্জ বটেন।

ইমোজিন এই সকল শুনিয়া জিজাসিল, আঃ!
মহাশয়, যিহুদিরা এই সকল প্রমাণ পাইয়া এবং
উক্ত সকল আশ্চর্যা ক্রিয়া দেখিয়া কি প্রকারে
যীশু খ্রীষ্টকে অগ্রাহ্য করিল?

আল্ফিয়ন্ উত্তর করিল, হায়! • আপন মনের
কঠিনতা প্রযুক্ত তাহারা তাঁহাকে অগুাহা করিল!
তাহারা দীপ্তি ছাড়িয়া বর॰ অন্ধকারকে ভাল
বাসিত। যাশুর দীন হীন অবস্থাদ্বারা তাহারা
বাধা পাইত, এব॰ তাঁহার সাধু আজ্ঞা ঘৃণা
করিত। জীবনপ্রাপ্তির নিমিত্তে তাহারা তাঁহার
নিকটে যাইত না। বলিতে লক্জা করে, কএক
দীন হীন প্রাণী ভিন্ন আর সকল যিহুদি লোকেরা জগতের ত্রাণকর্ভাকে হেয় জ্ঞান করিল।

দাদশ অধ্যায়।

তথন ইমোজিন দীর্ঘ নিশার ত্যাগ করত জিল্লানা করিলঃ আহা, মহাশয়, তুমিও কি ত্রাণকভাঁকে তুচ্ছ করিতে? ্ আল্কিয়স্ উত্তর করিল, প্রভু স্বর্গারোহণ করিলে পারে কতক বৎসর গত হইলে আমার জন্ম হইল। তিনি জগতে থাকিয়া কহিয়াছিলেন, य यिवृह्मित्रत भाभ श्रयुक्त अभ्भ कात्नत मरभा ভাহাদের প্রধান নগর যিকশালম নষ্ট হইবে, ও লোকদিগকে অন্যথ দেশে পলায়ন করিতে হইবে। থীশুর মৃত্যুর চল্লিশ বৎসর পর তাঁ-হার কথানুসারে এই দুর্ঘটনা ঘটিল। আমার পিতা ঐ যিকশালম নগরনিবাসি এক জন याक्रक हिल्लन। नगत यथन नहे रुरेल, उथन তিনি সপরিবারে পূর্বদিগে পলায়ন করত রোমীয় ব্লাজ্যের সীমাতে স্থিত অতি প্রসিদ্ধ বাবিল নগরে আশুয় লইলেন। ঐ নগর প্রতিমাতে পরি-পূর্ণ ছিল, ও সেখানকার অধিকাণ্শ লোক দেব-পূজা করিত। ঐ নগরে আমার জন্ম হয়।

আমি পূর্বে বলিলাম, আমার পিতা যাজক ছিলেন। তিনি যিগুদীয় ব্যবস্থা নিশ্ছিদুরূপে পা-লন করিতেন, সপ্তাহের মধ্যে দুই বার.উপবাস করিতেন, ও দরিদুদিগকে অনেক দান দিতেন; সকলে তাঁহাকে জানী ও ধার্মিক বলিয়া মান্য করিত। সাভার প্রেম কেমন বস্তু, তাহা আমি

অবিদিত আছি, কারণ আমার জন্মের অপ্প দিন পরে মাতা এক কন্যা সম্ভান প্রসব করি-য়া পর্লোক প্রাপ্ত হইলেন। তাঁহার বিচ্ছেদে পিতা কুণ্নমনা হইয়া আরো ধর্ম নিষ্ঠায় রছি-লেন। পিতা আমার সাক্ষাতে যীশু খ্রীষ্টের বিষয়ে প্রায় কোন কথা কহিতেন না, আর যথন কেহ দৈবাৎ তাঁহার নাম উচ্চারণ করিত, তথন তিনি যীশুকে ধিক্২ বলিয়া ঘৃণাসূচক বাক্যদারা তাহাকে ভর্মনা করিতেন। সকল বাক্য বার২ শুবণ করাতে আমি যে যীশু খুীষ্টের ধর্মের বিষয় তত্ত্ব করিলাম না, ইহা বড় আশ্চর্য্য নয়। কিন্তু পিতা অনেক দিন বাঁচিলেন না, তিনিও আমার বাল্যাবস্থাতে প্রাণ ত্যাগ করিলেন। তথন আমার কেবল ঐ ভগিনীটী সহায় রহিলেন। আহা, ইমোজিন! ঐ প্রিয়তমা ভগিনীর বিষয়ে কি বলিব? তিনি আমার নয়নের তারাম্বরপ, ও দুর্গম পথের' মধ্যে সুগন্ধি ক্সুম जूना। छिनि जामात कि পर्याञ्च উপकातिकी ্তাহা আমার বাক্যাতীত।

ইমোজিন আল্ফিয়সের মুখপানে চাহিরা দেখিল যে ঐ সকল যৌবনকালের কথোপকথন-

षाরা তাহার বৃদ্ধ বদন পুনর্বার যুবতুলা হইল। পরে সে আরো বলিতে লাগিল, আমি এবং আমার ভগিনী একত্র বাস করত পূর্ণ্ যৌবন প্রাপ্ত হইলাম। লোকেরা আমার উপবাদাদি ধর্ম ক্রিয়া দেখিয়া আশ্চর্য্য জ্ঞান করিত। কিন্তু আমার ধর্মের মূল অহঙ্কারমাত্র। আমার ভগিনী আমা অপেকা মমু ও প্রকৃত ৰূপে ঈশ্বরপরা-য়ণা ছিলেন। যেমন ভূমিচম্পক কেবল মাটিতে দৃশ্য হয়, তথাচ তাহার মৌরভ আকাশ পর্যান্ত ব্যাপিয়া উঠে, তিনিও তক্ষপ। কিছু দিন পরে দেখিলাম, যে আন্না ক্রমে২ চিন্তা করিয়া গম্ভীরা হ্ইতেছেন, এবং আমার মুখপানে চাহিয়া কখন ২ তাঁহার নয়ন অশ্রুতে পরিপূর্ণ হয়। ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি কোন উত্তর দি-তেন না; এবং যথন তাঁহাকে আমোদ দিবার জন্যে কোন তুষ্ঠিকর বাক্য কহিতাম, তথন তাহাতেও তুষ্ট হইতেন না। তাঁহার কি দুঃখ হইয়াছে, তাহা অনুমান করিতে পারিলাম না। আমি ঐ আয়াকে আত্মবৎ প্রেম করিতাম, ও তাঁধ্রি নিমিত্তে আপন প্রাণ সমপণ করিতে পারিতাম: এমত হইলেও তিনি যে আমাকে

আপন মনের কথা ভালিয়া বলিলেন না, ইহাতে আমার অতিশয় মনোদুঃখ হইল।

এক বার তাঁছার দহিত কথোপকথন করিতেহ দৈবাৎ থান্তীয়ানদের কথা উপস্থিত হইল,
তাহাতে আমি তাহাদিগকে দোষী করত অতিশয় নিন্দা করিলাম। তথন খান্তীয় ধর্ম কি,
তাহা কিছুমাত্র বুঝিতাম না, কেরল দশ জনের
প্রমুখাৎ যাহা শুনিয়াছিলাম, তদনুসারে বলিলাম। কিন্তু আয়া আমার কথা শুনিয়া হঠাৎ
মানবদন হইল, এবং আমার বোধ হইল, যে
তথন তিনি আপন মনের সমস্ত কথা ভাছিয়া
বলিবেন, কিন্তু ভয় প্রযুক্ত পারিলেন না। হায়!
ঐ কথা আমি সেই সময়ে কিছু বুঝিলাম না, পরে
সকল জানিলাম।

তাহাতে ইমোজিন বাগুতা পূর্বক কহিল, তোমার ভগিনা বুঝি গোপনে খ্রীষ্টমতাবলম্বিনা হইয়াছিলেন? হায়! তিনি সাহস পূর্বক যদি সেই কথা তোমাকৈ অবগত করিয়া সেই পথে আনি--তৈ চেষ্টা করিতেন, তবে কেমন ভাল হইত।

আলুকিয়ন উর্ত্তর করিল, আঃ, ইমোজিন, তাঁ-হাকে দোষ দিও না; তুমি সে ভয়ানক কালের আপদ সকল কি জান? বরং ক্লুণী ব্যক্তিও মার্জ্জনা পাইত, কিন্তু খুীষ্টমতাবলম্বিদিগের জন্যে দয়া ছিল না। ভাুতা আপন ভাুতাকে ধরিয়া দিত, পিতা আপন সন্তানকে রাজার নিকটে সমর্পণ করত তাহার মৃত্যু প্রার্থনা করিত, এবং ষস্তান আপন বৃদ্ধ পিতা মাতার প্রতি তজপ করিত। যীশু-খ্রীষ্টের নিকটে যে ব্যক্তি প্লার্থনা করিত, লোকেরা তাহাকে তৎক্ষণাৎ অতিশয় যন্ত্রণা দিয়া নপ্ত করিত। কাহারো সমস্ত শরীরের ছাল ছাড়াইয়া তপ্ত তৈলের পাত্রে গাত্র নিক্ষেপ করিত; কাহারো বা সাঁড়াসিদ্বারা ক্রমে২ শরীরের তাবৎ অস্থি ভাঙ্গিয়া বাহির করিড; আর কাহা-কেও পোষা ব্যাঘাদি ভয়ানক জ্বন্তদিগের সম্মুখে ক্ষেপণ করিয়া তামাসা দেখিত। তথন যাহারা শুষ্টিয়ান হইত, তাহারা আপন প্রভুর মত দুংখ সহ্য না করিলে স্বৰ্গপ্ৰাপ্ত হইত না।

তাহাতে ইনোজিন কহিল, আহা! যাহারা এত কেন্দ পাইয়া শেষ পর্যাস্ত থৈর্যাবান্ রহিল, তাহাদের না জানি কত বড় বিশ্বাস ছিল।

আন্ফিয়ন কহিল, ইমোজিন, ভাল বুঝি-প্লাছ। পৰিত্ৰ আত্মা শক্তি না দিলে তাহারা

এমত ধৈর্যানিত হইতে পারিত না, কেবল তাঁ-হারই পরাক্রমঘারা সকল হইল ৷ খ্রীষ্টীয় ধর্ম যত মনুষ্যদারা নিগৃহ করা গিয়াছে, তত বাড়ি-য়াছে, ইহা অতিশয় চমৎকারের বিষয়; এবং এইটি যে সত্য ধর্ম, ইহার অন্য প্রমাণ না থা-কিলে এই প্রমাণে নিশ্চয় হইত। শয়তান ও সা°সারিক লোক সকল কত বার তাহা নষ্ট করিতে অদীম চেষ্টা করিয়াছে; তাহাতে যে কেহ ঐ ধর্ম গুহুণ করিত, তাহার প্রাণ রক্ষা করিবার কোন আশা আর থাকিত না। এই পবিত্র ধর্ম গুহুণ করিতে গেলে তাবৎ কু ইচ্ছা ও পাপজন্য তাবৎ সুথ ত্যাগ করিতে হয়। ইহা লোকেরা হঠাৎ করে না, তাহা আমরা জানি, তথাচ ঐ পবিত্র আত্মার প্রভাবে অনেকে তা-হাও করিয়াছে, এব° অদ্য পর্যান্ত করিতেছে। দে যাহা হউক, এখন আত্ম বিবরণ পুনর্বার কহি। हाय! हरमाकिन, यीख श्रीरष्ठेत छनवाता वह দীন হীন পাপী যে ক্ষমা পাইয়াছে, এমত আশা যদি না পাইতাম, তবে আমার কেমন মহৎ দোষ হইয়াছে, তাহা তোমার সাক্ষাতে বলিতে লজ্জিত হইতাম।

যে বাবিল নগরে বাস করিতাম. তথায়
কএক জন খুখিয়ান উপস্থিত হইয়া জ্রুমেং
লোকদিগকে শিক্ষা দিতে লাগিল; এবং যদ্যপি
ঐ দেশের কর্ত্তারা খুখিয় ধর্মকে অতিশয় ঘ্ণা
করিত, ও সেই মতাবলম্বিদিগকে ধরিতে পারিলে নপ্ত করিত, তথাচ আমাদের কর্ণগোচর
হইল, যে গোপনে খুখিয় ধর্মের আলোচনা
ক্রুমেং বৃদ্ধি হইতেছে।

এমন সময়ে योयनकाल यमन कता উচিত, তেমন আমি নানা প্রকার বিদ্যা অভ্যাস করিতে-ছিলাম; বিশেষতঃ জ্যোতিষ শাস্ত্র চর্চাদারা অতিশয় সুথ উৎপন্ন হইত। আমি সূর্য্য ও চন্দু ও তারাগণকে আত্মবন্ধুস্বরূপ জ্ঞান করিয়া স্কেছ করিতাম, এবং অন্য লোকেরা নিদ্যুভিভূত হইলে একাকী বাহির হইয়া আকাশের অভরণ সকল নিরীক্ষণ করিতাম। উক্ত অভিপ্রায়ে এক রা-ত্রিতে কোন ভথ বাটার নিকটে দাঁড়াইয়াছি-লাম; তাহার উপরি ভাগ বৃক্ষ 'ও লতাতে মণ্ডিত ছিল, আর তাহার মধ্যে পেচকাদি দানা প্रকার পক্ষা ও দর্প বাদ করিত, তভ্জনা দে অতি ভয়ানক স্থান বোধ হইত। সেই খানে

ভূত আছে বলিয়া অজ্ঞ লোকেরা তথায় যাইত না; দৈবাৎ কোন কর্ম বশতঃ যথন দুই এক জন যাইত, তথন তাহারা তন্মধ্যে নানা প্রকার আ-শ্চর্য্য শব্দ শুনিয়াছি বলিয়া লোকদিগের আরো ভয় জন্মাইত। বাবিল নগরে এমত অনেক ভথ অটালিকা আছে, কারণ ইহার চারি পাঁচ শত ৰৎসর পূৰ্বে তাহার যে অপূৰ্ব মহভূ ও ঐশ্বৰ্য্য ছিল, তাহা অধিক হ্রাস পাইয়াছে। আর শূন্য ও অর্কভ্রম অউালিকা ভূত ও প্রেতগণের আ-শুয়, এমত কথা প্রায় সকল দেশে মূর্থ লো-কদের মধ্যে প্রচলিত হইয়া থাকে। কিন্তু স্মামি ভূত প্রেতাদিকে কিছুই শঙ্কা করিতাম না। আমি পূর্বোক্ত স্থানে দাঁড়াইয়া থ্যান করিতেছিলাম, এমন সময়ে এক দীর্ঘাকার মনুষ্য আমার নিকট দিয়া পমন করিল। আনি তৎক্ষণাৎ মনে২ ভা-বিলাম, যে দে অবশ্য কোন দস্যু; অতএব আমার উদ্দেশ যেন না পায়, এই অভিপ্রায়ে তা-ড়াতাড়ি করিয়া এক বৃক্ষের আড়ালে লুকায়িত*ু* रुरेनाम। शरत प्रिनाम, वे मनुषा धीरत २ গিয়া ভর্ম গৃহমধ্যে একটা বৃহৎ প্রস্তর নিরাইয়া কোন গন্ধরে নামিল। পরে কি ঘটে, তাহা.

জানিবার জন্যে যে স্থানে ছিলাম, তথায় নিস্তক্ষ

হইয়া দপ্তায়মান রহিলাম। তথন ক্রমে২ একটি২
করিয়া কুড়ি পঁচিশ জন নিঃশব্দে উক্ত গর্ত্তের
মধ্যে প্রবেশ করিল। ক্ষণেক কাল পরে মাটাহইতে আশ্চর্য্য গভীর শব্দ নির্গত হইল। তথপরে ঐ লোকেরা কিঞ্চিৎ চেঁচাইয়া গান করাতে

শপ্ত শুবন করিলাম, যে যান্ত খ্রীস্টের নাম
উচ্চারন হইল।

তাহাতে আমি মনে২ কহিলাম, কি সৌভাগ্য,
যে এই হতভাগা খ্রীষ্টায়ানদের সন্ধান পাইলাম;
তাহারা বৃথা অনুমান করে, যে আমরা রাত্রিযোগে গর্ভের মধ্যে থাকিয়া আপন দেবতাকে
আর্চনা করিলে কেহই টের পাইবে না। আমি
এই দণ্ডে গিয়া দেশাধ্যক্ষকে এই বিষয়ের সমাচার দিব, তিনি তাহা শুনিলে একেবারে তাহাদিগকে নিপাত করিবেন। খ্রীষ্টমভাবলম্বিদের
প্রতি আমার এমন ঘৃণা ছিল, যে প্রাতঃকাল
পর্যান্ত বিলম্ব করিতে না পারিয়া তৎক্ষণাৎ যাইয়া আপন রাগ প্রকাশ করত অধ্যক্ষকে ঐ
গোপর্নায় প্রার্থনার স্থান দেখাইয়া দিলাম।

দেই অধ্যক্ষ অতি নিষুর ও প্রজাদের প্রতি

অত্যন্ত উপদুবী, কিন্তু রাজমন্ত্রণাতে সতর্কও ধীর, এই হেতুক ঐ সকল কথা গুনিবামাত্র আ-পনি আ্মার সহিত আদিয়া ঐ গুপ্ত স্থান দে-খিলেন। তথন খুলিয়ানদিগের প্রার্থনা সমাপ্ত হওয়াতে তাহারা পুনর্বার এক২ করিয়া নিঃ-শব্দে স্বস্থানে প্রস্থান করিল। দেশাধ্যক্ষ এবং আমি পূর্বোক্ত বৃক্ষের আড়ালে দগুয়েমান ছিলাম, তাহাতে অন্ধকার প্রযুক্ত খ্রীষ্টীয়ানেরা আমাদের উদ্দেশ পাইল না। অনন্তর দেশাধ্যক বলিলেন, অদ্য উছারা গিয়াছে; ভাল হইল; থাকিলেও উহাদের প্রতি কিছু করিতে পারি-তাম না, কেননা আমার সেনা উপস্থিত নাই; কিন্তু আগামি রবিবারে তাহারা পুনর্বার এ পবিত্র, তাহা আমি জানি; অতএব নেই দিনে তুমি এক দল সৈন্য সঙ্গে লইয়া উহাদের প্র-ত্যেক জনকে ধৃত করিও, এক প্রাণীও ছাড়িও না; কেবল এই সপ্তাহের মধ্যে কেহ যেন এই. কথার অনুসন্ধান না পায়; তাহা হইলে অবশ্য সকলে ধরী পড়িবে।

তথন ইমোজিন কছিল, হায়২! ঐ বেচারা

থ্রীষ্ঠীয়ানেরা আপন প্রভুকে প্রেম ও ভক্তি করিত; আর তো তাহাদের কোন দোষ নাই; ইহাতে কি দেশাধ্যকের এতই রাগ হইল?

আল্ফিয়দ্ উত্তর করিল, আঃ, মা, কি জিজ্ঞাসা কর? সে ভয়ানক সময় ছিল। তখন আমি যে ঘৃণার্হ পাপ করিয়াছিলাম, তাহা মরণ দিন পর্যান্ত স্মরণে থাকিবে; বোধ হয় সকল শুনিলে পর তুমি আমাকে অতিশয় ঘূণা করিবে।

তাহাতে ইমোজিন দীর্ঘ নিশ্বাস ত্যাগ করত কহিল, এমত নয়, মহাশয়; যাহা করিলে তাহা বল, শুনি ৷

তথন আল্ফিয়স্ বলিতে লাগিল, আমি দেশা-ধাক্ষের কথা মানিয়া মৌনী হইয়া রহিলাম, কিন্তু রবিবারের রাত্রি কথন্ উপস্থিত হইবে, তাহা বাগুতা পূর্বক আন্দোলন করিতে থাকিলাম। আমার প্রিয় ভগিনীকে পর্যান্ত ঐ বিষয়ের একটা কথাও কহিলাম না, কিন্তু দেখিলাম, যে ঐ দৃঃখদায়ক রবিবার দিবসে তিনি পূর্বের মত বিমর্য না হইয়া বর° শান্ত ও হান্ত মনে ধর্মশান্ত আলেটিনা করিতেছেন। উক্ত দিনের প্রাতঃকালে যথন প্রথমে তাঁহার সহিত সাক্ষাৎ করিলাম,

তথন তিনি আমার প্রতি যে প্রেমের বাক্য কহিলেন, তাহা কথন বিস্তুত হইব না। তিনি সজল নয়নে আমার প্রতি চাহিয়া আমার হস্ত ধরিয়া কহিলেন, হে আমার ভাতঃ, ধর্মশাস্ত আলোচনা কর; তাহা করিলে আমি যাহাতে অদ্য সুখ পাইতেছি, তাহা তৃমি জানিতে পারিবা। তথন আমি বলিলাম, আয়া, ধর্ম-হইতে যে সুথ উৎপন্ন হয়, তাহা জানি, কিন্তু কি বিষয়ে বিশেষ ৰূপে এই কথা কহিতেছ, তাহা বল৷ কিন্তু তথনও বলিতে তাঁহার মাহন হইল না; তিনি লজ্জিভবদনা হইয়া উত্তর করি-লেন, না, ভ্রাতঃ, তুমি আপনি পাঠ করিয়া দেখ; সে উত্তম হইবে।

আমি রাত্তিতে খুটি সানদিগকে ধরিয়া মারিব, কেবল এই বিষয় চিন্তা করাতে আমার ভগি-নীর ঐ কথাতে বড় একটা মনোযোগ করিলাম না। হায় ২! ঐ রাত্তির পূর্বে আমার মত্যু হইলে এক প্রকার ভাল হইত। কিন্তু তাহা হইলে, থিঙ খুটিকে অবহেলা করিয়া মরিতাম, এই কারণ ইশ্বির যে তথন আমাকে নপ্ত করিলেন না, ইহার নিমিত্তে তাঁহার ধন্যবাদ করি। রাত্তি.

উপস্থিত হইলে আমি দেশাধ্যক্ষের এক দল रेमना वरेंसा शृर्वाक ७४ शृर्ह भगन कतिवाम। তথায় উপস্থিত হইবামাত্র ব্যগুতা পূর্বক ঐ গর্ভের মূখে যে প্রস্তরখানা ছিল, তাহা সরা-ইয়া সৈন্যদিগকে পথ দেখা**ইয়া দিলাম। সে স্থান** মতি ভয়াদক: পূর্বে সেথায় মৃতদের কবর দেওয়া ধাইত। আমরা বাতী হাতে করিয়া ঐ *ঘো*র অ**ন্ধকারে নামিলাম। পরে সেনাপতি** আজ্ঞা করিলেন, দকলে বাতী নির্বাণ কর, খ্রীষ্ঠী-রানেরা শীঘু উপস্থিত ছইবে; আমি তাছাদের यनुमन्नार्य शांविय, এव॰ नकरन এकछ रुड्रेस ভূরী বাজাইব, ভাহা শূবণ করিবামাত্র তোমরা সত্তর হইয়া সকলকে ধৃত করিবা। এই কথাতে খনস্ত বাতী নির্ধাণ <mark>হইল, এব</mark>° আমরা চোরের ন্যায় খ্রীঞ্চীয়ানদিগের অপেক্ষায় রহিলাম। হার! ইনোজিন, তথন আমার এক প্রকার ভয় হইতে वाशिन, अव॰ मान क्रिनाम, हि। अहे या कर्म করিতেছি, তাহা ভাল নয়। বোধ হল্ন, ঈশ্বরের আত্মা আমার মনে ঐ চিন্তা উৎপন্ন করিলেন; কিন্তু আমি আপুন হৃদয়কে দৃঢ় করিয়া তাঁহার ,নৎপর্মিশ অগুাহ্য করিলাম; অতএব পশ্চা-

তে যে শান্তি পাইলাম, তাহা স্বীয় দোষ প্র-যুক্ত ঘটিল। কিছু কাল পরে একটা লোক মশাল ধারণ করিয়া ঐ স্থানে উপস্থিত হইল। সেখান-কার আদু ভূমি ও দুষ্ট বায়ুদারা মশাল প্রায় নিবিয়া গেল। ক্রনে২ অন্য খুীস্টীয়ানেরা বন্তবারা মুখ আচ্ছাদন করিয়া ঐ ভয়ানক ভজনালয়ে একত্র হইল; তৎপরে ঐ স্থান এমুন গরম হইয়া উঠিল, যে নিশ্বাস পর্যান্ত ত্যাগ করা দুঃসাধ্য হইল। হায়! অত্যন্ত দুঃখ না হইলে এমন কুস্থানে কেহু আশুয় লয় না; বোধ হয় যেন ঐ তাবৎ ঘটনা এখনও দেখিতেছি। পরে তাহাদের বৃদ্ধ ধর্মোপদেশক স্বর্গের প্রতি দৃষ্টি করিয়া প্রা-র্থনা করিতে লাগিলেন; তথন নকল লোক ছাঁটু পাতিয়া তাঁহার সঙ্গে২ ঐ প্রার্থনাবাক্য বলিতে লাগিল। তাহারা পাপ স্বীকার করত ক্ষমা যাচ্ঞা করিল, আর ধর্মের কারণ দুঃখভোগ করিতে যেন সাহস প্রাপ্ত হয়, এই অভিপ্রায়ে ঈশ্বরের আত্মার দিকটে শক্তি ও থৈর্য্য চাহিল। খ্রীষ্টীয়ান মগুলীর যেন বৃদ্ধি হয়, ইহার নিমিত্তেও প্রা-র্থনা করিয়া বিশেষ ব্যূপে এই নিবেদন করিল, ও ছে দ্য়ালু পিতঃ, আমাদিগকে যাহারা অজ্ঞান-

কৃত তাড়না করিতেছে, তাহাদের প্রতি ককণা কর।
হা, ইমোজিন, ঐ কথা আমার মনে কণ্টকস্বৰূপ
বোধ হইল, এবং আমি ভাবিলাম, হায়। এই
দীনহানেরা আমার নিমিত্তে আপন ঈশ্বরের
নিকটে প্রার্থনা করিতেছে, আমি কি প্রকারে
ইহাদের বিনাশের কারণ হইব? কিন্তু ঐ
প্রার্থনা সাম্ম হইলে যখন শুনিলাম, যে তাহারা
যীশু খুটিরের গুণ কীর্ত্তন করিতে লাগিল, তখন
পুনর্বার হদয় শক্ত করিয়া বলিলাম, না, কুশে
হত সেই অপরাধির প্রকেরা আমার স্থানে
কথন দয়া প্রাপ্ত হইবে না।

তথন খুষ্টীয়ানেরা গাত্রোথান করিলে তাহা-দের ধর্মোপদেশক পূর্নোক্ত মলাল আপন সমুথে রাথিয়া চর্মনির্মিত একথান পরিষ্ঠ গুষ্তহুতে পাঠ করিতে লাগিলেন। আমরা যে পুস্তককে মঙ্গলসমাচার কহি, অর্থাৎ বীশু খুক্তির জন্মাবধি মরন পর্যান্ত ক্রিয়া ও চরিত্রের যে বিবরণ, তাহা এ চর্মেতে লেখা ছিল। সেই রাত্রিকে ধর্মোপ-দেশক উক্ত পুস্তকহুইতে প্রভুর দুঃখ ভো করণের ইতিহাস বিশেষ ক্রপে বাছিয়া এ থণ্ড প্রাঠ করিলেন। পরে সাঙ্গ হুইলে এ চর্মখানি আদর পূর্বক জড়াইয়া কহিলেন, প্রিয় ভ্রাতৃগণ,
অদ্য আমরা যে কেবল যান্ত খ্রীষ্টের গুণ করিন
প্রকাশ করিতে আদিয়াছি, এমত নয়, বর॰ তাঁহার আশীর্বাদে যে কএক জন আপন্থ পৈতৃক
ধর্মমত ছাড়িতে ইচ্ছুক হইয়াছে, তাহাদিগকে
নূতন শিষ্যৰূপে খ্রীষ্টের নামেতে বাপ্তাইজ্ *
করিতে উপস্থিত হইয়াছি।

এই কথা বলিবামাত্র সভার মধ্যহইতে এক জন মৃব পুরুষ অগুসর হইয়া ধর্মোপদেশকের সমুখে দপ্তায়মান হইল। ঐ বৃদ্ধ উপদেশক তাহার প্রতি স্নেহ ভাবে চাহিয়া জিজ্ঞাসিলেন, পবিত্র পরমেশ্বরের কাছে পাপ অতিশয় ঘ্ণা-কর, অতএব সে সকল ত্যাগ করিতে স্বাকার করিতেছ কি না? যুব পুরুষ উত্তর করিল, হাঁ, পবিত্র আত্মার প্রভাবে পাপ ত্যাগ করিতে স্থির করিয়াছি।

পরে উপদেশক পুনর্বার জিজ্ঞাসিলেন, তুমি স্বর্গ প্রাপ্তির আশা করিতেছ, এ কাহার গুণ-, দ্বারা? আপনার সৎকর্মেতে কিম্বা পরমেশ্ব-

^{*} বাপ্তাইজ্ বা বাপ্তিয়া। কেচং বলে, এই শক্তের অর্থ কেবল অবগাহন; আরু কেচং বলে, ইহার অর্থ ছিটান কি য়ান প্রভৃ-ডি জালস্প্রার।

রের দয়াতে? যুবা কছিল, আপনার সৎকর্মদারা নছে; আমার তাবৎ সৎকর্মেতে পাপ
মিশ্রিত আছে, কেবল যাগু খ্রীষ্টের প্রায়শ্চিত্তের গুণে ভরমা রাখিয়াছি।

উপদেশক আরো বলিলেন, যান্ত খুল্টি আপন প্রাণ দিয়া তোমাকে নরকযন্ত্রণাহইতে উদ্ধার করিয়াছেন, ইহা জানিয়া তাঁহার প্রতি অত্যন্ত শুদ্ধা হইতেছে কি না? তাহাতে যুবা অশ্রু-পাত পূর্বক উত্তর করিল, হাঁ, তাহা হইতেছে বটে; আমি যান্ত খুল্টির নিমিত্তে প্রাণ পর্যান্ত সমর্পন করিতে প্রস্তুত আছি।

তথন উপদেশক কহিলেন, খ্রীষ্টধর্মের যে ২ সারকথা তুমি সত্য জানিয়া গুাহ্য করিয়াছ, তাহা সকলের সাক্ষাতে ব্যাখ্যা কর। ইহাতে যুবা বলিতে লাগিল; যথা,

ষর্গ ও পৃথিবীর সৃষ্ঠিকর্তা সর্বশক্তিমান পিতা ঈশ্বরেতে আমি বিশাস করি। এবং তাঁহার অদিতীয় পুঞ্জ আমাদের প্রভু যীশু খুরিষ্ট বিশ্বাস করি, যিনি পবিত্র আন্মাদারা গর্ভস্থ হইলেন, মরিয়ম কুমারীহইতে জমিলেন, পম্ভীগ্ন পীলা-তের অধীনে দুঃখ ভোগ করিলেন, জুশা- পিত, মৃত, ও কবরস্থ হইলেন, পরলোকে নামিলেন, তৃতীয় দিবসে মৃতদের হইতে পুনরায় উঠিলেন, স্বর্গে আরোহণ করিলেন, এবং সর্ধ-শক্তিমান পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শে বসিয়া আছেন, তথাহইতে জ্ঞাবিত ও মৃতদের বিচার করিতে আদিবেন।

আমি পবিত্র আত্মাতে বিশ্বাদ করি, এবং পুণ্য সার্বসভাতে, সাধুদের সহভাগিতায়, পাপ মোচনে, শরীরের পুনৰুত্থানে, ও অনন্ত জীবনে বিশ্বাস করি। আমেন।

এই কথা সকলে শুনিলে পর ধর্মাধ্যক্ষ কহি-লেন, এই যে ব্যক্তি আমা সবার ন্যায় যীশু খ্রী-শ্রেতে বিশ্বাস করত পাপমোচন পাইয়াছে, ইহার জলবান্তিস্ম কি কেছ নিষেধ করিতে পারে? তথন তিনি তাহাকে লইয়া পিতার ও পুঞ্রের ও পবিত্র আত্মার নামেতে বাপ্তাইজ্ করিলেন।

এই সকল সাম্ব হইলে পর এক জন যুবতী বাপ্তাইজিত হইতে অগুসর হইল। তাহার অবগুঠন
থাকাতে আমি মুখ দেখিতে পাইলাম না, তথাচ
না জানি কি কারণে আমার মন ধুক্ ২ করিতে
লাগিল। ঠিক সেই সময়ে উপদেশক তাহাকে

বাপ্তাইজু করিতে প্রস্তুত **হওয়াতে নে সভয়** হইয়া যোমটা কিঞ্চিৎ খুলিল; তাহাতে মশা-লের আলো তাহার বদনোপরি পড়াতে দে-খিলাম, দে আ্যার ভগিনী। হা, ইমোজিন, ঐ বিষয় আমি আর কি বলিব ? রাগ ও দুঃ-খেতে জড়ীভূত হইয়া অচেতন প্রায় হইলাম। কিন্তু কি করিব, তাহা বিবেচনা করিবার সময় থাকিল না, কারণ তদ্বণ্ডে ঐ স্থান তৃরীধনিতে পরিপূর্ণ হওয়াতে আমি জানিলাম যে খ্রীষ্টীয়ান-দের মৃত্যুকাল উপস্থিত। ঐ বাদ্য শুবণ করিয়া সেনারা আপন গোপনীয় স্থানহইতে লক্ষ্য দিয়া বহির্গত হইল। দেই সময়ে অতিশয় কলহ হইতে লাগিল, তাহাতে খ্ৰীষ্ঠীয়ান কে, দেবপূজক বা কে, ইহা যেন উপলব্ধি হয়, এই অভিপ্ৰায়ে দেনাপতি আর কএকটা বাতী জালাইতে আজ্ঞা দিলেন। তথন কেবল খড়ুগের চাক্চকা ও রক্তের স্বোত ও মারামারি ও বধ দ্শা হইল। আমি দেখিলাম, উক্ত বৃদ্ধ ধর্মোপদেশক আহত হইয়া পড়িলেন, এবং তাঁহার পকু কেশ রক্তদারা জবজবিয়া হইয়া-ছিল িযে যুবা আমার সাক্ষাতে নূতন বাপ্তা-ইজ্ হইয়াছিল, সে আপন প্রতিজ্ঞানুসারে যীও

খুটির নিমিত্তে তখনই প্রাণ সমর্পণ করিল; কারণ সেনারা তাহাকে আপন দলভুক্ত এক জন বলিয়া চিনিল, ইহাতে চমৎকৃত হইয়া অতিশয় রাগ করত কহিল, কেমন, রে বেটা পাজি? তুইও কি এই মুেচ্ছদের মধ্যে গণিত হইলি? ইহা বলিয়া তথনি তাহার মস্তক কাটিয়া কেলিল।

এই সকল ভয়ানক কোলাহলের মধ্যে আন্
মার কেবল একমাত্র চিন্তা ছিল; সে কি? না,
আমার প্রিয়তমা ভগিনাকে এথন কি প্রকারে
রক্ষা করি? এই ভাবনাতে আমি তাঁহার নিকটে
ফেত গমন করিলাম, তিনি ভয়েতে কাতর হইয়া
আমার গলা জড়াইয়া ধরিলেন; কিন্তু ঠিক সেই
সময়ে এক জন নিষ্ঠুর সেনা আমাকে ধাক্কা দিয়া
তাঁহাকে কাড়িয়া লইল। "ও ভাই, আমাকে রক্ষা
করিলে না?" এই কথা বলিতে২ আমার ভাগনা ঐ সেনাকর্ত্ক গর্ভের বাহিরে আকর্ষিত হইলেন। আর কিঞ্জিৎ কথা বাকি আছে।

. কিন্তু এ কথা বলিতে আল্কিয়স তথন অক্ষম হইল, কেননা উক্ত সকল দাক্ত ঘটনার অর্গ্রাক্তা সে অধৈর্য্য হইয়া আপন মুখ বজে আক্ষাদম, করত ছোট শিশুর ন্যায় ছায়২! করিয়া কেশান করিতে লাগিল।

ज्यामन ज्यारा

কিছু কাল পরে ইমোজিন আল্কিয়স্কে কহিল, মহাশয়, ঐ সকল কথা বলাতে যদি তোমার এত ক্রেশ ৰোধ হয়, তবে থাকিতে দেও, কহিও না।

কিন্তু আল্ফিয়ন চক্ষের জল মুছিয়া উত্তর করিল, না, মা, আমি বলিব, তুমি শেষ পর্যান্ত শুন, আর বিলাপ করিলে কি হইবে? যাঁহাকে আমি এত প্রেম করিতাম, তিনি তো এখন সকল দুংখ এড়াইয়া আপন প্রভুর সুখের ভাগিনী হই-য়াছেন, এবং ইশ্বের আশীর্বাদে স্থ্রাজ্ঞো পুন-র্বার তাঁহার সহিত আমার সাক্ষাৎ হইবে।

ইহা গুনিরা ইমোজিন জিজ্ঞাসিল, তবে, মহা-শন্ন, বুঝি এই পৃথিবীতে তোমার ভগিনীর সহিত আর দেখা হইল না।

আল্কিয়ন্ দীর্ঘ নিশাস ত্যাগ করত কহিল, হাঁ, আর এক বার দেখা হইল। আমি তাঁহার নুদুরবন্থা দৃষ্টি করিয়া কি প্রকারে বাঁচিলাস, ভাষা বলিতে পারি না। সেনারা উক্ত রাত্রিভে আমার আমাকে সংহার না করিয়া অভ্যন্ত নি-চুরক্রপে মারিবার অভিপ্রায়ে রক্ষা করিয়াছিল।

আমি দেশাধ্যক্ষের চরণে পড়িয়া বিনভি পূর্বক তাঁহার প্রাণ যাচ্ঞা করিলাম, আর তিনি অস-অত হইলে তাঁহার রক্ষার্থে সর্বস্থ দিতে স্বীকার क्रिनाम, जाहारज्ख कान कन मर्निन ना। পরে আমার ভগিনাকে বাঁচাইতে যে যে ব্যক্তির কি-किर क्रमण हिन, जाँशास्त्र कारह जिन रिन পর্যান্ত হাঁটাহাঁটি করত কত কাকৃতি বিনতি क्रिनाम, किन्न नक्तरे वृथा रहेन। उथन आयात्र মনে আর একটা আশা উৎপন্ন হইল; সে কি? ৰা, আমি জানিলাম, স্বান্না অতিশয় কোমলালী ও ভীতা, অতএব মনে করিলাম, যদি তাঁহাকে মৃত্যুর ভয় দেখাইয়া খুটিয়ে ধর্ম ত্যাগ করা-ইতে পারি, তবে তিনি শাসনবর্তার নিকটে ক্ষমা প্রাপ্ত হইবেন। কিন্তু এমন বিবেচনা করাতে আমি তাঁহার প্রতি অন্যায় করিলাম: কারণ যদ্যপি তিনি নিজে দুর্বল, তথাপি পরমে-শর তাঁইার বলম্বলণ ছিলেন, আর ভিনি আ-পন প্রভুকে এমত প্রেম করিতেন, যে তাঁহার

নিমিত্তে প্রাণ দিতে সহজে স্বীকৃতা হইলেন। আহা! ইমোজিন; আমার প্রিয়তমা আলা যে শেষ পর্যান্ত ধৈর্যানিতা রহিলেন, ভজ্জন্য আমি জ্ঞান প্রাপ্ত হইলে পর কত বার ঈশ্বরের ধন্যবাদ করিয়াছি। কিন্তু তথন আমি এমন পশুবৎ ছিলাম, যে তাঁহার দৃঢ্তাতে কেবল দুংখ ও লজ্জা বোধ হইল। চারি দিবস পর্যাস্ত আহার ও নিদা বিবজ্জিত হইলে পরে আমি মনে২ কহিলাম, কেবল আর এক সম্ভাম্ভ ব্যক্তির সহিত আমার পরিচয় আছে, তিনি আমাকে এই আপদহইতে উদ্ধার করিলে করিতে পারেন; তিনিও যদি আমাকে তাড়াইয়া দেন, তবে আমার নমত্ত আশা ভঙ্ক হইল। ইহা ভাবিয়া আমি দৌর্বলা প্রযুক্ত ধীরে২ তাঁছার বাটীর দিগে গমন করিতেছিলাম, এমত সময়ে অধিক জনতা দেখিলে আমার মনে এক বিশেষ আশকা উপস্থিত ইইল, তাহাতে নিজ দুৰ্বলতা একেৰারে বিস্তুত হইয়া বাগুতা পূর্বক সেই স্থানে **थावमान इहेलाम। हायर! हैटमाजिन, याहा** দেখিলাম, ভাহা ভোমার সাক্ষাতে কিঁ প্রকারে রর্ণনা করিব? ঐ অসভ্য নিষ্কুর পুরুষদের মধ্যে

আমার কোমলান্ধী ভগিনী সুস্থির ৰূপে দগুায়-মানা ছিলেন; তাহারা তাঁহাকে নানা প্রকার কৃকথা কহিয়া নিন্দা করিতেছিল, তথাচ তিনি ক্পাদৃষ্টি করিয়া ইশ্বরের নিকটে প্রার্থনা क्रिया क्रिलन, "ह প্रভো, ইशाप्त अरे পাপের দপ্ত দিও না।" তথন দেশাধ্যক্ষের সেনারা লৌহময় দুই বৃহৎ পিঞ্জরের দার মুক্ত করিলে ভন্মধ্যহইতে দুই প্রকাপ্ত ব্যাঘু আ-মার উপরে লক্ষ দিয়া পড়িল। ঐ সময়ে আমার ও আমার ভগিনীর চারি চক্ষু একত হইল। আঃ! পৃথিবীস্থ অন্য তাবৎ বস্তু বিস্ফৃত হইলেও তাঁহার কৰুণাসূচক মুখমগুল ও তাঁহার প্রীতি-বাক্য কখনো বিস্মৃত হইব না। তথন অতিশয় কোলাহল হইতেছিল, তথাচ আমাকে দেখিবা-মাত্র তিনি উচ্চৈঃম্বরে কহিলেন, "ঐ আমার ভাই আদিয়াছে ২। প্রিয় ভাই, আমাকে ভূলিও ना; धर्म्य पुष्ठतंकत कथा चारलीवना कत, मिहे धर्म-পুত্তক योध थ्रोट्डेत विषया माका मिटल्डा ।", তদণ্ডে বাঘেরা তাঁহার কোমল দেহ খণ্ড২ করিয়া ফৈলিল, এবং আমিও অচেতন ভুইয়া ভূমিতে পড়িলাম।

তাহার পরে কি ঘটিল, তাহা আমার কিছুমাত্র স্মরণ নাই। প্রায় এক সপ্তাহ পর্য্যন্ত আমি জ্বরে পীড়িত এব অচৈতন্য হইয়া শ্যাতে পড়িয়া রহিলাম। পরে যথন কিঞ্চিৎ সুস্থ হইয়া চেতন প্রাপ্ত হইলাম, তথম হায়! আমি মরিলাম না কেন? ইহা বলিয়া মহাখেদ করিতে লাগিলাম। চরম কালে ভূগিনীর কৰুণাদৃষ্ঠি ও প্রীতির কথা ভুলিতে পারিলাম না। উঠিবার সময়ে ও বসিবার সময়ে ও আহার করিবার সময়ে বোধ হইত, যেন তিনি আমার নিকটে আছেন। স্বপ্লেতেও ঐ সেনাগণের জনতা ও প্রকাপ্ত ব্যাঘু, এবং তা-হাদের গাসে আমার প্রিয়তমা আয়া, এই সকল ভয়ানক ব্যাপার দৃষ্টি করিতাম।

এক দিন অতিশয় অন্তিরমনা হইয়া ভগিনা জীবনকালে যে কুঠরীতে থাকিতেন, তম্মধ্যে প্র-বেশ করিলাম। দেথায় যিহুদিদের প্রতি ঈশ্বরদ্ভ শাস্ত্রের একথান অনুলিপি পাইলাম। আয়া ঐ গুন্থ দিবারাত্রি আলোচনা করিতেন, তাহা জানিতাম; কিন্তু তৎসঙ্গে যে আর একথান পুস্তক ছিল, তাহা পূর্বে কথন দেখি নাই। পরে . তাহা খুলিয়া দেখিলাম, এটা প্রভু যীশু খুটিরের

চরিত্রের বিবরণ, ও মগুলীদিগের প্রতি তাঁহার প্রথম শিষাগণের পত্র। এই সমুদয় গুদ্ধ আয়া ষহস্তে অতি সুন্দর অক্ষরে লিখিয়া লইয়াছিলেন। তথন আমি তাঁহার হস্তক্ত সেই প্রিয় লিপি বক্ষঃস্থলে রাখিয়া উক্চৈঃস্বরে এই প্রার্থনা করি-লাম, হে পরমেশ্বর, ইহাতে যদি তোমার সত্য ধর্ম থাকে, তবে আমি যেন বিশ্বাস করিয়া জী-বন প্রাপ্ত হইতে পারি, তরিমিত্তে আমার জ্ঞান-চক্ষ্ প্রসন্ম কর।

সেই দিন অবধি আমি নিরন্তর বসিয়া পড়িতে লাগিলাম; তাহাতে যিহুদিদের আদিশান্ত এব॰ যান্ড থান্তের মঙ্গলসমাচার শান্ত্র, এই দুই মিলাইয়া দেখাতে বুঝিলাম, যে তাহা একমাত্র। আমাদের আদি শান্ত্রেতে যে আগামি ত্রাণকর্ত্রার বিষয়ে লেখা ছিল, প্রভু যান্ড খুটি ইশ্বর-প্রেরিত সেই ত্রাণকর্ত্রা বটেন, ইহা সকল প্রমাণদারা প্রকাশ পাইল। তিনি কোন নগরে জন্মিবন, ও কি প্রকারে স্বর্গারোহণ করিবেন, এই সকল বিষয়ে ভবিষ্যদ্বকারা যে২ ভবিষ্যদ্বাক্য লিখিন্যাছিলেন, যান্তর চরিত্র পাঠ করিয়া দেখিলাম,

যে তিনি ঠিক সেই সকল ভাবিবাক্য সকল করি-লেন। তাহাতে আমার তাবৎ সন্দেহ ঘুচিল, এবং আমার প্রিয় আমার স্বীকৃত ধর্ম সভ্য বটে, ইহা আমি নিশ্চয় জ্ঞাত হইলাম।

তথাচ আমি তথন একেবারে শান্তি পাই-লাম না; বরু আমার কেমন ভারি পাপ, তাহা জাৰিয়া এক প্লকার নিরাশ হইয়া ভাবিতে লাগি-লাম যে এমত দুরাত্মার জন্যে স্বর্গদার কথন মুক্ত করা যাইবে না। প্রায় এক বৎসর পর্য্যন্ত কেবল অত্রুপাত করিতে২ দিন বহিয়া যাইত; আমি প্রার্থনা করিতাম বটে, কিন্তু ঈশ্বর যে এমন দীন হীনের প্রার্থনা গ্রাহ্য করিবেন, তাহার অপেকা করিতাম না। নিজ দুঃখদারা আমার মন কিঞিৎ **ন্মু** হইয়াছিল, এবং সেই সময়ে কোন সাংসা-রিক কর্ম আমাকে ভাল লাগিত না, এই হেতু দরিদ ও পীড়িত লোকদের তত্তাবধারণদারা কিঞ্চিৎ সান্তুনা পাইতে চেষ্টা করিতাম।

় এক দিবস আমার গৃহদারের সমুখে এক ব্যক্তি
অখের পদাঘাতদারা এমত চোট পাইল, ফে সে স্তপ্রায় হইল; ইহা দেখিবামাত্র আমি তা-হাকে ভিতরে আনাইলাম। ও ইমোজিন, ঐ লো- কের মৃত্যু যে আমার জীবন প্রাপ্তির কারণ হইবে, ইহা আমি তথন জানিলাম না; কিন্তু জাহাই হইল। সেই ব্যক্তি খুটোয়ান, আমার গৃহ মধ্যে দে এক ঘণ্টামাত্র বাঁচল, আর অত্যন্ত শারীরিক যন্ত্রণাতে সেই এক ঘণ্টা যাপন করিল, কিন্তু আহা! তাহার মন কি শান্ত ছিল! দে বার২ কহিল, "আমি দীন হীন পাপী, তথাচ আমার ভয় নাই, কারণ যীগু খুটিরের রক্ত তাবৎ পাপহইতে আমাদিগকে পরিষ্কৃত করেন।" ইহা বলিয়া দে সুস্থির কপে মহানিদ্যু

আমি ধর্মশাজের ঐ বাক্য অনেক বার পড়িরাছিলাম বটে, তথাপি তাহা আমার মনে
লাগে নাই; কিন্তু সেই বাক্যদারা ঐ মুমূষু ব্যক্তি
কি পর্যান্ত সুথ পাইল, তাহা যথন স্বচক্ষে
দেখিলাম, তথন ভাবিতে লাগিলাম, যদি যীশুর
রক্ত তাবৎ পাপছইতে পরিষ্ঠ করে, তবে তাহাদারা আমারও দোষ মাজ্জনা হইতে পারে।

অনন্তর বোধ হইল, যেন কেহ আসিয়া আমার কর্নকুহরে কহিতেছে, 'হে বৎস, সুস্থিয় হও,
তোমার পাপ ক্ষমা হইল।' এবং তদণ্ডে আ-.

মার মন প্রতায়দারা শান্তিতে ও আনন্দেতে পরিপূর্ণ হইল।

পরে আমি খ্রীষ্টীয় মগুলীজুক্ত হইবার জনো খ্রীষ্টীয়ানদিগকে অনেৃষণ করিতে লাগিলাম 🕻 किस कि कानि, উनि প্রবঞ্চনা করিয়া পুনর্বার चामानिभरक काँए किनियम, अमेड महम्बर করাতে তাহারা আমাকে গ্রাহ্য করিতে প্রথমে অনিচ্ছুক ছিল। আমি কেমন নিচুর ৰূপে তা-হাদের সঙ্গিদিগকে শাসনকর্তার হস্তে ধরিয়া দিয়াছিলাম, তাহা তাহাদের স্মরণে থাকিল; শেষে অনেক দুঃখদারা পরীক্ষিত হইলে পরে আমি বাপ্তিন্দৰারা * খ্রীষ্টীয় মপ্তলীতে গৃহীত हरेनाम। प्रथ, रेट्याकिन, প্রভুর কেমন অসীম দয়া! যে ব্যক্তি ভাঁহার লোকদিগকে তাড়না করত বধ করিয়াছিল, এমত দুরাত্মা যে আমি, আমাকে অনুগৃহ করিয়া কএক বৎসর পরে আ-शम मश्रमीत अक क्षेत्र धर्मान्यक केतिरानन।

^{*} বাপ্তিয়া। কেহাই বলে, এই শক্ষের অর্থ কেবল অবগাহন;
আরু কেহাই বলে, ইহার অর্থ ছিটান কিছা লানাদি জলসংভার।

व्यक्ति व्यक्षाया

পূর্ব অধ্যায়ে লিখিত কথোপকথন করিতে ২
রাত্রি পোছাইলে অফণোদয় দৃশ্য হইল। তখন
ইমোজিন আল্কিয়সকে কহিল, দেখ, সূর্য্যের
কিরণঘারা যেমন অক্ষকার দুর হইল, এবং পরমেশরের হস্তকৃত তাবৎ বস্তর সৌন্দর্য্য দৃশ্য
হইল, তেমনি আত্মার মধ্যে ধর্মের উদয় হইলে
চিস্তা ও ক্রিয়া ও ভাবনা সকল পরিবর্ত্তন হইয়া
পূর্বাপেকা আরো উৎকৃষ্ট হয়।

আল্কিয়ন্ উত্তর করিল, হাঁ, মা, সূর্য্যের যে দীপ্তি মধ্যাত্মকাল পর্যান্ত উত্তরোক্তর বৃদ্ধি পায়, ধার্মিকের পথ সেই তেজৰি দীপ্তির সদৃশ।

ইমোজিন কহিল, সে সভ্য বটে, এবং যেমন
সূর্য্যকে দেখিলে অন্ধকার একেবারে বিক্ত হওয়া
যায়, তেমনি বর্গে গমন করিয়া ঈশ্বরের তেজ
ও গৌরব দেখিলে, এই জগতে যে দুঃখরণ
অন্ধকারে ভূমণ করিয়াছি, সেই অন্ধকার একে-,
বারে লুগু হইবে।

ইহাতে আলফিয়স্ মনে২ ভাবিল, আহা!
 এই যুবতা কেমন শানু ধর্মজ্ঞানে বৃদ্ধি প্রাপ্ত.

হইল; আমার শিক্ষাহইতে নয়, কেবল ঈশবের শিক্ষাহইতে এই ফল উৎপন্ন হইয়াছে।

शरत रेत्याजिन रिलटिंग नाशिन, प्रथं, यहा-শয়, আমরা এখন রোমীয় শিবির মধ্যে যাত্রা করিতেছি। রোমীয়েরা আমাদিগকে পুছি। করিবে, কিম্বা শত্রু বুর্বিয়া দক্ত করিবে, তাছা वला यात्र नां। अक मित्नत महन्त्र याश बहित्न, তাহা কে জানিতে পারে? কি জানি, আমি অতি শীঘু তোমাহইতে পৃথক্ হইব, অতএব যদি আমাকে অহঙ্কারিণী না বল, তবে আমার একটা নিবেদন আছে। সে কি? না, আমি এখনি বাপ্তাইজিত হইতে ইচ্ছা করি। আমার স্বদেশীয় কুলীন লোকেরা ক্রীত দাদের গাত্রে উল্কিদারা আপন নাম অক্কিড করিয়া থাকেন, তাহাতে কে কাহার দাস, তাহা সকলে জানে, এव॰ ঐ চিহ্ন যাবজ্জोবন পর্যান্ত থাকে। আমার বোধ হয়, সেই ৰূপে বাপ্তিক বীশু খ্রীষ্টের , हिंदू ; वर्षां श्वामि य उँशिक्ष नानो, हेश তদারা জানা যাইবে, আর যদি আমি ন্যু ও বিশ্বস্ত মনে ভাহা গুহণ করি, তবে আমার ন্ত্য কাল পৰ্যান্ত ঐ ।চহু খাকিবে।

তথন আল্ফিয়স্ ভাবিল, ইছার অধিক শিক্ষা হয় নাই বটে, তথাচ পাঁচ দিনের মধ্যে ইহার যত ধর্মজ্ঞান লাভ হইয়াছে, অন্যান্য লোকের পাঁচ বঁৎসরের মধ্যেও তত হয় না৷ অতএব ইহার ইচ্ছানুসারে যদি ইহাকে বাপ্তাইজ্না করি, তবে আমার দোষ হইবে। ইহা ভাবিয়া দে ইমোজিনকে জিজ্ঞাসিল, তুমি যাহা যাচ্ঞা করি-তেছ, তাহা কি ভাল ৰূপে বুঝিয়াছ? তুমি কি খ্রীষ্টের অনুরোধে তাবৎ পাপ ত্যাগ করিতে প্রস্তুত আছ়? এবং এই জগতের মধ্যে তো-মাকে দুঃথ দিতে যদি ঈশ্বরের অভিমত হয়, তবে কি দহিষ্ণৃতা পূর্বক তাহা দহা করিবে? আপন কুষভাবের সঙ্গে কি যুদ্ধ করিতে পা-রিবে? এবং তোমার জ্ঞান ও শক্তি ও ধনাদি দকল কি যাশু খ্রীষ্টের সেবাতে ব্যয় করিতে প্ৰস্তুত আছ?

ইমোজিন' মর্গের প্রতি 'দৃষ্ঠি করত কহিল, আমার যাহা আছে তাহা যান্ত খ্রীষ্টের স্থানে, প্রাপ্ত হইলাম, অতএব তাহা ফিরাইয়া দিতে প্র-স্তুত আছি। আমি যাহা সর্বাপেকা প্রেম-করি, তাহাও তাঁহার ইচ্ছা হইলে দিতে পারি; এবং তাঁহারই সেবাতে আমার তাবৎ আয়ু ব্যয় করি-তে নিতান্ত ভির করিয়াছি।

যে গুহাতে তাহারা দুই জনে বিশ্বাম করিয়া-ছিল, তল্লিকটে পর্বতের একটি ছিদুহুইতে একটি জনসোত নির্গত হইতেছিল। অনস্তর আল্-ফিয়স্ও ইমোজিন তথায় যাইয়া বাপ্তিসের পূর্বে একটা বৃহৎ প্রস্তরের আড়ালে হাঁটু পা-তিয়া প্রার্থনা করিতে লাগিল। তাছারা বোধ করিল, যে কেহু আমাদিগকে দেখিতে পায় না, কিন্তু এমত নয়, দুই ভয়ানক চক্ষু তাহাদের উপরে ছিল। সে কি ঐ কেঁদুয়া বাঘের চক্ষু? তাহারা কি ক্ষুধাতুর প্রযুক্ত নদীর ওপারহইতে হিণ্সাসূচক দৃষ্ঠিপাত করিতেছিল? না, বনপশু সকল সূর্য্যের কিরণ দেখিয়া গম্বরে লুকাইয়াছিল; কিন্তু তাহাদিগের অপেক্ষা ভয়ানক আর এক শত্রু উপস্থিত ছিল। সে কে? না, ফ্রইদ যাজক। তিনি প্রত্যুবে উঠিয়া যুদ্ধ জন্য গোলযোগের মধ্যে বন্দি আল্ফিয়স্ কি করিতেছে তাহা দেখিতে গি-য়াছিলেন; পরে না পাওয়াতে ইমোজিনের প্রতি. সন্দেহ্ণ করিয়া শীঘু তাহার ঘরে গমন করিলেন; সেথায় দেখিলেন, যে ইমোজিনও পলায়ন করি-

য়াছে। আহা। তথন তাঁহার কেমন রাগ ও হি॰ সার আবিভাব হইল। তিনি কণমাত্র বিলম্ব না করি-য়া তার ধনুক লইয়া তাছাদের পশ্চাৎ২ পদ-চিহুদেখিতে২ ধাৰমান হইলেন; তাহাতে ঠিক যে সময়ে আল্ফিয়স ইমোজিনকে বাপ্তাইজ করিয়া আশীর্বাদ করিতেছিল, দেই সময়ে চ্ছেইদ্ দুরস্থ পর্বত্ইতে আল্ফিয়সকে লক্ষ্য করিয়া তীর মারিলেন। ইমোজিন অকন্সাৎ তাঁহাকে দেখিতে পাইল; কিন্তু তথন পলায়ন করা দূরে থাকৃক্, চাৎকার করণেরও অবকাশ হইল না ; তৎপ্রযুক্ত ইমোজিন আপন ধর্মশিক্ষকের প্রাণ রক্ষার্থে হঠাৎ তাহাকে পশ্চাৎ করিয়া যে তীর আল্ফিয়নের বক্ষঃস্থলে পড়িত, তাহা আপন वकः इत्न गुरुव कतिन।

আল্ফিয়ন প্রিয়তনা শিষ্যার এমন অবস্থা দেখিয়া অত্যন্ত দুঃখিত হ্ইয়া তাহার গলা ধরিয়া কান্দিতে ইচ্ছা করিল বটে, কিন্তু নে ভাবিল, ইছাতে কি কল হইবে? বরু যদি, ইহাকে লইয়া কোন আশুয় স্থানে পলায়ন করি, ও সেথায় ইহার শুজাষা করি, তবে কি জানি, এ সুস্থ হইতে পারে। ইহা ভাবিয়া দে ইমোজিনকে তুলিতে চেষ্টা করিয়া যে গুহাতে তাহারা রাত্রি যাপন করিয়াছিল, তন্মধ্যে লইয়া গেল; কিন্তু হায়! তাহার নিন্তেজ চক্ষু ও মান বদন নিরীক্ষণ করিবামাত্র আল্ফিয়স, জানিতে পারিল, যে কিছু ভরসা নাই; ঐ রমণীয়া বালার মৃত্যু অতি সন্ধিকট। ইহাতে আর অশ্রুপাত সম্বরণ করিতে না পারিয়া, হায়! আমার কন্যা ইমোজিন! হায়! যদি তোমার পরিবর্ত্তে আমি মরিতাম, তবে ভাল হইত! ইহা বলিয়া উচ্চৈঃ-ম্বরে কান্দিতে লাগিল।

তথন ইমোজিন ধীরে২ চক্ষু খুলিয়া তাহার প্রতি সতৃষ্ণ নয়নে চাহিয়া কহিল, মহাশয়, কা-ন্দিও না, আমার স্বর্গীয় বাসস্থান প্রস্তুত হই-য়াছে, এই জন্যে আমার পিতা আমাকে ডাকিতে পাঠাইয়াছেন।

তথাচ আলফিয়স শোকে মগ্ন হইয়া ইমোজিন কি কহে, তাহা প্রায় জানিল না; কিসে সে ভাল হয়, এই মাত্র তাহার চেপ্তা ছিল। এই অভি-প্রায়ে সে ইমোজিনের বক্ষঃস্থলহইতে আস্তে২ ঐ তার বাহির করিতে লাগিল। কিন্তু ইমোজিন কহিল, আর কি কর, মহাশয়? ইহাতে কোন কল দর্শিবে না। যে তীরের আগাতে বিষ নাই, এমন একটাও তীর জ্ঞাইদের তৃণীর মধ্যে থাকে না; অত্তএব যে প্রাণির শরীরে তাহার কোন বাণ কিঞ্চিমাত্র বিদ্ধ হয়, সে মৃত্যু এড়াইতে পারে না।

এই কথাতে আল্ফিয়সের গাত্র রোমাঞ্চিত হইল; কিন্তু ইমোজিন তাহার প্রতি মনোযোগ না করিয়া অতি ক্ষাণ স্বরে বলিল, আইস, মহাশয়, আমরা ঐ ফেইদের নিমিত্তে প্রার্থনা করি; তিনি শয়তানের দাসত্বে বন্ধ হইয়া অজ্ঞানতা প্রযুক্ত মনে করিতেছেন, যে ইহাদের তাড়না করাতে আমি ইশ্বরের অভিমত কর্ম করিতেছি। হে ইশ্বর, আমি তাঁহাকে ক্ষমা করিলাম, তুমিও কর। ইহা বলিয়া দে অচৈতন্য হইয়া পড়িল।

তথন আল্ফিয়ন্ উচ্চৈঃষরে ক্রন্দন করত কহিল, হায়, ইনোজিন! আনার প্রিয়তনা ধর্ম-কন্যা! আমার প্রাণের পরিবর্ত্তে কি নিমিত্তে তোমারু প্রাণ গেল? আমি শুক্ষ বৃক্ষ, আমি, কৈন মরিলাম না? আর নবীন মঞ্জরী যে তুমি, তুমি কেন নষ্ট হইলে? পরে সে কিঞ্চিৎ ভাবিয়া আরো কহিল, কি বলিলাম? নষ্ট হইলে? না, না, এমত নয়, কেবল এই জগৎৰূপ বন্হইতে ষর্গৰূপ উদ্যানে নীতা হইয়াছে, সেখানে নবীন মঞ্জরীর ন্যায় অতি সুন্দর ৰূপে পুষ্পিত হইবে। হে প্রভো, আমাকে ত্ররায় ইহার পশ্চাৎ গমন পূর্বক তোমার রাজ্যে স্থান পাইতে দেও।

আল্ফিয়ন্ অনুমান করিয়াছিল, যে ইমোজিনের মৃত্যু হইয়াছে, কিন্তু সে তাহার ঐ
কথা শুনিয়া ধীরে২ চক্ষু মেলিয়া বলিল, এ কি?
আমি যে কিছুই দেখিতে পাই না। আলো কোথায়? সকলই যে অন্ধকার। আমার প্রাণ ব্যাকৃল
হইতেছে কেন? আমার অগ্রে২ এক জন প্রদীপ
ধরিয়া গমন করিতেছিল, সে কোথায় গেল?
তাহাকে আর দেখিতে পাই না। পরে সে কিথিও চেতনা প্রাপ্ত হইয়া কহিল, জানি২, এ
মৃত্যুচ্ছায়ারূপ উপত্যকা। হে যীশু, হে আমার ত্রাণকর্ত্তা, এই ভয়ানক স্থানে আমাকে
পরিত্যাগ করিও না।

তথন আল্ফিয়দ্ তাহার শীতল হস্ত ধরিয়া ধর্মপুস্তকের এই বচন তাহার কর্ণে কহিল, "আমি পরমেশ্বরের অপেক্ষা করি, এবং আ-মার মনও তাঁহার অপেক্ষা করে, আমি তাঁহার কথার প্রত্যাশা করি। লোকেরা যেমন প্রত্যুষের অপেক্ষা করে, ততোধিক আমার মন প্রভুর অপেক্ষা করে।"

তথন ইমোজিন প্রফুল্লবদনা হইয়া কহিল, "আঃ! আমাকে আর অনেক ক্ষণ প্রত্যুষের অপেক্ষা করিতে হইবে না। দেখ, অৰুণোদয় দৃশ্য হইতেছে। এই মৃত্যুচ্ছায়ারূপ উপত্যকার ওপারে স্বর্গায় আলোর কিরণ দৃশ্য হইতেছে। যেথানে রাত্রি নাই, সেই স্থানে বাস করিতে যাইতেছি। হে প্রভো যাস্ত খুষ্টি, আমার আ- আকে গুহুণ কর।"

ইহা বলিয়া ইমোজিনের শরীর সুস্থির ৰূপে মহানিদ্যা প্রাপ্ত হইল, এবং তাহার আত্মা ঈশ্ব-রের কাছে উর্জ্বগমন করিয়া পরম সুথে কাল যাপন করিতে লাগিল।

হে মৃত্যো, তোমার হুল কোথায়? হে পর-লোক, তোমার জয় কোথায়?

পরে আল্ফিয়স্ উক্ত গুহার নিকটে একটা গর্ত্ত খন্ন করত তন্মধ্যে ইমোজিনের মৃত দেহ রাথিয়া মাটীদ্বারা সুন্দরক্পে আচ্ছাদন করিল; আর শীতকাল গত হইলে বসন্ত ঋতুর্ সময়ে ये नमिश हान नाना श्रकांत मत्नाहत बनभूत्वाट विख्यि हहेन। अव विश्यतंत्र वाकर्म कम्बा त्यम, मश्च वरमत शद्ध वे हात्म
श्रीक्षोत्रानत्तत अक्षी भीकांयत निर्माण कता त्यम।
त्यथात्र श्रीक त्रविवादत योख श्रीद्धित केत्मल भान
ह श्रार्थनात सक् छना याहेक, छ अक कम वृक्ष
केशत्ता योखत व्यक्ता श्रीका वियदा लाकक्रियद निर्विद्य निका हिछ।

ঐ উপদেশক আল্ফিয়স্। ইশ্বর তাহাকে আশীৰ্বাদ করিয়া লোকদের মন তাহার প্ৰতি আকর্ষণ করিয়াছিলেন। আপন দেশে তাহার প্রত্যাগমন আর হইল মা; ঐ ইণ্লপ্ত দেশ নিবাসি লোকেরা ক্রমে২ তাহার বাক্য শুনিয়া গুহুৰ করিল। বড়শাখারি যোদারা মং বড়শার উপর ভর দিয়া যান্ত খ্রীষ্টের আশ্চর্য্য বিবরণ শুবণ করিতে ২ সমস্ত রাত্রি কাটাইত। যে গানে যীশুর গুণকীর্ত্তন প্রকাশ হয়, কবিগণ এমত পান রচনা করিরা পাইত। এবং ইনোজিন যে জলস্রোতের ভীরে ধর্মের নিমিত্তে আপন প্রাণ দান করিয়া-ছিলেন, সেই জলসোতের মধ্যে তাহার বদেশীর मच २ लाक वाश्वाहेकिछ हरेन।

শেষে আল্কিয়ন উক্ত সকল সাজ্যাজনক ব্যাপার দেখিলে পর অতিশয় বৃদ্ধ হইয়া আপন প্রভুর সুথের ভাগী হইলেন। মরণকালে তিনি নিডার ক্ষয়যুক্ত হইয়া এই কথা কহিলেন,

"ছে প্রভো, আপন দেবককে এখন কুশলে বিদায় কৰুন, কেননা এই লোকদের প্রতি তো-মার যে ত্রাণ, তাহা আমার নয়নগোচর ফুইল।"

তথন আল্ফিয়নের শিব্যগণ উচ্চিয়র বি-লাপ করত তাঁহাকে লইয়া তাঁহার প্রিয়তমা ইমোজিনের পার্মে কবর দিল।

সমাপ্ত